কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q3

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

কলকাতা পুলিশে কনস্টেবল
প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর ...পৃঃ ১০

বর্ষ ৪৩ সংখ্যা ১ কলকাতা বুধবার, ২৭ জুলাই ২০২২/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১১ শ্রাবণ ১৪২৯ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

অগণিত পাঠকের ভালোবাসায়
**কর্মক্ষেত্র**
৪৩ বছরে পড়ল
পাঠক, লেখক, বিজ্ঞাপনদাতা, বিক্রেতা সকলকে আমাদের কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাই।

## প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে ১২০

জুনিয়র অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র লাইব্রেরি অ্যাসিস্ট্যান্ট, টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট এবং জুনিয়র পিওন পদে ১২০ জনকে নেবে প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়। প্রবেশন ১ বছরের। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: PU/2022/2/NT/GEN/04.

শূন্যপদের বিবরণ: **জুনিয়র লাইব্রেরি অ্যাসিস্ট্যান্ট:** ২৩টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ২, ও বি সি-বি ২, দৈহিক প্রতিবন্ধী ১)। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক, সঙ্গে লাইব্রেরি সায়েন্সে ডিগ্রি বা ডিপ্লোমা। ইউনিভার্সাল ডেসিম্যাল ক্ল্যাসিফিকেশনস, লাইব্রেরিয়ানশিপ বা লাইব্রেরি অটোমেশনে কম্পিউটার অ্যাপ্লিকেশনের ব্যবহার জানলে, কোনও প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

*এরপর সাতের পাতায়*

## হিন্দুস্তান অ্যারোনটিক্সে ৬৩৩
## তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

৬৩৩ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে হিন্দুস্তান অ্যারোনটিক্স। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ট্রেনিং হবে আই টি আই ট্রেড অ্যাপ্রেন্টিস, ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস এবং টেকনিশিয়ান (ডিপ্লোমা) অ্যাপ্রেন্টিস ক্যাটেগরিতে। ট্রেনিং হবে সংস্থার নাসিক ডিভিশনে। ট্রেনিংয়ের মেয়াদ এক বছর। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: HAL/T&D/1614/2022-23/089 ও HAL/T&D/1614/22-23/090.

ক্যাটেগরি অনুসারে আসনসংখ্যার বিবরণ: **আই টি আই অ্যাপ্রেন্টিস: ফিটার:** ১৮৬টি। **টার্নার:** ২৮। **মেশিনিস্ট:** ২৬টি। **কার্পেন্টার:** ৪টি। **মেশিনিস্ট (গ্রাইন্ডার):** ১০টি। **ইলেক্ট্রিশিয়ান:** ৬৬টি। **ড্রাফটসম্যান (মেকানিক্যাল):** ৬টি। **ইলেক্ট্রনিক্স মেকানিক:** ৮টি। **পেইন্টার (জেনারেল):** ৭টি। **শিট মেটাল ওয়ার্কার:** ৪টি। **মেকানিক (মোটর ভেহিক্যল):** ৪টি। **কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট:** ৮৮টি। **ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক):** ৮টি। **স্টেনোগ্রাফার (ইংলিশ):** ৬টি। **রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং মেকানিক:** ৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** এন সি ভি টি বা

*এরপর তিনের পাতায়*

## ব্যালির মাধ্যমে ভারতীয় সেনাবাহিনীতে অগ্নিবীর

র‍্যালির মাধ্যমে পশ্চিমবঙ্গের উত্তর ২৪ পরগনা, হুগলি, বাঁকুড়া ও পুরুলিয়া জেলা থেকে বেশ কিছু 'অগ্নিবীর' নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। নিয়োগ করা হবে জেনারেল ডিউটি, টেকনিক্যাল, ক্লার্ক/স্টোরকিপার ও ট্রেডসম্যান (অল আর্মস) পদে। র‍্যালি ১৮ থেকে ২৬ সেপ্টেম্বর, ব্যারাকপুরের আর সি টি সি গ্রাউন্ডে। শুধু ছেলেরা র‍্যালিতে অংশগ্রহণ করতে পারবেন।

নিয়োগ করা হবে এই সব জেলা থেকে: উত্তর ২৪ পরগনা, হুগলি, বাঁকুড়া ও পুরুলিয়া।

র‍্যালিতে অংশ নেওয়ার জন্য ৩ অগস্টের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ২০ অগস্টের পর উপরোক্ত ওয়েবসাইটে লগ-ইন করে অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে।

**আবেদনের যোগ্যতা: অগ্নিবীর জেনারেল ডিউটি (অল আর্মস):** অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। প্রতিটি বিষয়ে অন্তত ৩৩ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**অগ্নিবীর টেকনিক্যাল (অল আর্মস):** অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স ও ইংরেজি পড়ে থাকতে হবে। প্রতিটি বিষয়ে অন্তত ৪০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। অথবা ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স ও ইংরেজি-সহ উচ্চমাধ্যমিক পাশ, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে অন্তত ১ বছর মেয়াদের আই টি আই কোর্স পাশ করে থাকতে হবে।

**অগ্নিবীর ক্লার্ক/স্টোরকিপার টেকনিক্যাল (অল আর্মস):** অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে প্রতিটি বিষয়ে অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। ইংরেজি এবং ম্যাথমেটিক্স বা বুক

*এরপর ছয়ের পাতায়*

## দিল্লি সরকারে ২০৪

ট্রেইন্ড গ্র্যাজুয়েট টিচার (স্পেশ্যাল এডুকেশন), পোস্ট-গ্র্যাজুয়েট ট্রেইন্ড টিচার, জুনিয়র লেবার ওয়েলফেয়ার ইনস্পেক্টর-সহ বিভিন্ন পদে ৫৬৭ জনকে নিয়োগ করবে দিল্লি সরকার। নিয়োগ করা হবে দিল্লি পরিবহণ নিগম, শিক্ষা, প্রশিক্ষণ এবং কারিগরি শিক্ষা-সহ বিভিন্ন বিভাগ ও অফিসে। প্রার্থী বাছাই করবে দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিসেস সিলেকশন বোর্ড। পশ্চিমবঙ্গের প্রার্থীরা কেবল সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট শূন্যপদে আবেদন জানাতে পারবেন। তাই এখানে সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট ২০৪টি শূন্যপদের বিষয়ে জানানো হল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 07/22.

শূন্যপদের বিবরণ: পোস্ট কোড 14/22: **ডেপুটি ম্যানেজার (অ্যাকাউন্টস):** শূন্যপদ: ৯টি। শিক্ষাগত যোগ্যতা: দ্বিতীয় শ্রেণিতে এম কম বা প্রথম শ্রেণিতে বি কম পাশ। ব্যাঙ্ক বা সরকারি সংস্থায় সুপারভাইজর পদে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। এস এ এস যোগ্যতা থাকলে, কোনও রাষ্ট্রীয় পরিবহণ

*এরপর তিনের পাতায়*

## তেহরি হাইড্রোতে ১০২ ইঞ্জিনিয়ার

সিভিল, ইলেক্ট্রিক্যাল ও মেকানিক্যাল শাখায় ১০২ জন ইঞ্জিনিয়ার নেবে তেহরি হাইড্রো ডেভেলপমেন্ট কর্পোরেশন। এটি কেন্দ্রের শক্তি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রাথমিক ভাবে এক বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। কর্তৃপক্ষ মনে করলে পারফর্ম্যান্সের বিচারে চুক্তির মেয়াদ বাড়ানো হবে। চুক্তি সর্বাধিক ৫ বছরের। এই নিয়োগের অ্যাডভার্টাইজমেন্ট নম্বর 11/2022.

**শাখা অনুসারে শূন্যপদের বিবরণ: সিভিল** ৩৩টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর বা সমতুল সি জি পি এ-সহ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক বা বি এসসি ইঞ্জিনিয়ারিং। সেই সঙ্গে হাইড্রো বা থার্মাল বা সোলার বা উইন্ড শাখায় সংশ্লিষ্ট কাজে এক্সিকিউটিভ বা

*এরপর তিনের পাতায়*

## অল্প পুঁজিতে লাভের মুখ দেখাতে পারে বিস্কুট কাপ

**বিস্কুট কাপ বা এডিবল কাপে চা বা কফি খাওয়ার পরে কাপটি ফেলে না দিয়ে খেয়ে নিতে পারবেন। যে সব চা-বিক্রেতারা এই কাপে চা বিক্রি করছেন, দেখা গেছে খাওয়ার উৎসাহে ক্রেতার সংখ্যা ক্রমশ বাড়ছে চায়ের দোকানে। কিন্তু চাহিদা থাকলেও বিস্কুট কাপের জোগান বেশ কম। তাই এটাই মোক্ষম সময়। মেশিন কিনে বিস্কুট কাপ তৈরি করে বা হোলসেলে কাপ কিনে শুরু করতে পারেন এই লাভজনক ব্যবসা। গরম পানীয় ছাড়া আইসক্রিম, জুস ইত্যাদির জন্য ব্যবহার করা যায় বিস্কুট কাপ।**





**নিজস্ব প্রতিনিধি:** চা খান, সঙ্গে চায়ের কাপও! বিষয়টা অদ্ভুত লাগলেও সত্যি। ভাবছেন কাচ, মাটি, প্লাস্টিক, কাগজ কী করে চিবিয়ে খাওয়া যায়? চা খাওয়ার জন্য বাড়িতে চিনামাটি, কাচ বা স্টিলের পাত্র ব্যবহার করি। রাস্তার চায়ের দোকানে চা দেয় মাটির ভাঁড় বা কাগজের কাপে। কিন্তু এসব তো চায়ের সঙ্গে কড়মড়িয়ে খাওয়া যাবে না। এবার সেটাই পারবেন স্বচ্ছন্দে। কারণ কাপটাই তো তৈরি হচ্ছে বিস্কুট তৈরির রসদ দিয়ে। এই ধরনের কাপকে বলে এডিবল কাপ, ইট কাপ বা বিস্কুট কাপ। চা খাওয়ার পর কাপটা ফেলে না দিয়ে খেয়ে নিতে পারবেন। চায়ের সঙ্গে টা-ও খাওয়া হয়ে যাবে। শুধু চা নয়, বিস্কুট কাপ ব্যবহার করতে পারবেন কফি, সুপ, দুধের মতো গরম পানীয় এবং ঠান্ডা আইসক্রিম, কাস্টার্ড, জুস, স্মুদি ইত্যাদির জন্যও। এই অভিনব জিনিসটি আমাদের দেশে তৈরি করেছিলেন অন্ধ্রপ্রদেশের গৃহবধূ তামিনেনি জয়লক্ষ্মী।

হায়দরাবাদে চায়ের দোকান আছে বিবেক শতপথীর। লকডাউনের পরে তাঁর দোকানে বারবার ব্যবহার করা কাপে চা খেতে চাইছিলেন না ক্রেতারা। শতপথী প্লাস্টিক এবং মাটির ভাঁড়ের বিকল্প খুঁজছিলেন। সেই সময় তিনি জানতে পারেন এডিবল কাপের কথা। ২০২০ সালের জুন মাস থেকে তিনি বিস্কুট কাপে চা দিতে শুরু করেন ক্রেতাদের। এখন শুধু চা খেতে নয়, বিস্কুট কাপ খাওয়ার কৌতূহলেও ক্রেতার ভিড় লেগে থাকে তাঁর দোকানে। এই কাপের ব্যবহার শুরু হওয়ার পর থেকে দিনে অন্তত ৫০০ কাপ চা বিক্রি করেন শতপথী। বলা যেতে পারে, বিস্কুট কাপের ব্যবহারে ব্যবসায় লাভ হয়েছে অনেকটাই। কারণ একটা বিস্কুট কাপ মোটামুটি দু'-তিনটে সাধারণ বিস্কুটের সমান।

পিছিয়ে নেই বঙ্গও। সম্প্রতি বিস্কুট কাপে চা বিক্রি শুরু করে মেদিনীপুর শহরে রীতিমতো শোরগোল ফেলে দিয়েছেন নিশীথ দাস নামে এক যুবক। অভিনয় জগতের সঙ্গে জড়িয়ে থাকা নিশীথ লকডাউনের সময় কাজ হারিয়ে মেদিনীপুর শহরের রাঙামাটি এলাকায় চায়ের দোকান খোলেন, নাম দেন 'চা পে চর্চা'। বিস্কুট কাপে চা পরিবেশন শুরু করার পর থেকে তাঁর দোকানে প্রতিদিনই উপচে পড়া ভিড় হচ্ছে। নানা ধরনের চা ছাড়াও এখন কফি এবং ঠান্ডা পানীয়ও পাওয়া যাচ্ছে তাঁর দোকানে। বিস্কুট কাপে এক কাপ চায়ের দাম তিনি রেখেছেন ত্রিশ টাকা।

তবে, এরকম দু'টি-একটি বিচ্ছিন্ন উদাহরণ বাদ দিলে এই ধরনের কাপে চা খাওয়ার চল সেভাবে এখনও দেখা যাচ্ছে না। তার প্রধান কারণ, এডিবল কাপ সম্পর্কে অনেকেই জানেন না,

*এরপর পাঁচের পাতায়*

## কলকাতায় রিলায়েন্সে চাকরি

**নিজস্ব প্রতিনিধি:** কলকাতার বিভিন্ন 'মাই জিও' স্টোরের জন্য এরিয়া সাইট অপারেশনস বিভাগে বেশ কিছু কর্মী নিয়োগ করবে রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ লিমিটেড। অন্তত উচ্চমাধ্যমিক ও স্নাতকরা আবেদনের যোগ্য। ১ থেকে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। এই নিয়োগের কোড নম্বর: SA(60678899)। নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ ২২ জুলাই, ২০২২।

মূলত বিপণন উন্নয়নের কাজ।

*এরপর তিনের পাতায়*

## পূর্ব বর্ধমানে স্টাফ নার্স

স্টাফ নার্স পদে ১৭ জনকে নেবে পূর্ব বর্ধমানের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। চুক্তিতে নিয়োগ করা হবে বর্ধমান, কালনা এবং কাটোয়া পুরসভা এলাকার জনস্বাস্থ্য কেন্দ্রে। প্রার্থীকে অবশ্যই এ রাজ্যের স্থায়ী বাসিন্দা হতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 2112/DH&FWS/I/A-6

শূন্যপদের বিন্যাস: সাধারণ ৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ২, ও বি সি-বি ১। শিক্ষাগত যোগ্যতা: জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা বা নার্সিংয়ে বি এসসি পাশ, সঙ্গে ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। স্থানীয় ভাষায় দক্ষতা

*এরপর সাতের পাতায়*

ফুরোবার আগেই সংগ্রহ করুন



# কর্মক্ষেত্র

## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

সোনার প্রোজেক্টে ফিল্ড ও মার্কেটিং ইলেকশনের জন্য ফিল্ড ও সেমিস্কিল্ড লেবার চাই, রাজস্থান, মহারাষ্ট্র, গুজরাট ও ভারতের বিভিন্ন জায়গায়। সত্বর যোগাযোগ করুন। ফোন নম্বর-98703-05249.

□

সুন্দর পরিবেশে সম্মানের সাথে পার্টটাইম অফিস জবে রোজগারের সুযোগ Govt-Retd/VRS চাই 50-64yr, HS+. মাসিক আয় 30K+PF+ Medical মানসি-87770-58651.

□

**Job Opportunity for New Branch** near Jeevandeep Location as Managers/Office Staffs. Salary+ Others 30-65yr HS+ 89103-68986/90384-46816.

□

**পার্টটাইম/ফুল/এনি টাইম অফিসে** বসে কাজ ৩ দিন আসুন Retired/VRS-Bank/Rail/ONGC/Sail & গৃহবধূদের [illegible]. upto 45K+. সুমিত-

□

**Kolkata Travel's Office wants** lady Receptionist with Computer/ Accountant/Peon. 98302-13935/ 2231-0909.

□

MNC হিন্দুস্তান লিভার, অন্নপূর্ণা, ডাবর, ব্রিটানিয়া কুরকুরে, থার্মকল, চিপস কোম্পানিতে 40 জন male/ female চাই। PF ESI OT বেতন 13k-45k. 70446-88993.

□

**কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্টে** যাত্রীদের খাবার প্যাকিং-এর জন্য ও অফিসিয়াল পদে কর্মী চাই। বেতন 17850-38270 এক্স আর্মিদের বিশেষ ছাড় আছে। M. 83458-98575.

□

**Pvt ব্রিটানিয়া আমুল আশীর্বাদ** কোলগেট বিস্ককার্ট ইমামি DSA-তে ম্যানেজার TC/Peon রিসেপসনিস্ট স্টোরকিপার 35জন চাই। ESI PF OT বেতন 13k-40k 89614-99989.

□

**কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্টে** অফিসিয়াল ও যাত্রীদের খাবার প্যাকিং এর জন্য কর্মী চাই। এছাড়া যাত্রী সুরক্ষার জন্য 27 জন Ex আর্মি প্রয়োজন বেতন 19380-32700+PF, ESI. M. 91400-28782.

□

**এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে ও** Bank DSA-তে বিভিন্ন পদে male/ female কর্মী চাই। বেতন 17500-52600 +থাকা খাওয়া Ex আর্মিদের বিশেষ সুবিধা আছে। M. 75968-31900.

□

**কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্টে ও** মেট্রো-তে Male/Female কর্মী নিয়োগ চলছে। যোগ্যতা ৮ম-স্নাতক বেতন 13800-52200, Ex আর্মিদের বিশেষ সুবিধা আছে। M. 91348-54418.

□

**সেন্ট্রাল কলকাতায় Reputed** জুয়েলারি শোরুমে ২ বছরের অভিজ্ঞ Counter Sales স্টাফ চাই। E-mail Resume: to-business.hpj@gmail. com

□

**Required an experienced back-**office executive with proper English writing well spoken skills and should have a good legal knowledge. M. 98300-88827.

□

**ঢাকুরিয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানির** জন্য সেলসম্যান (মোটরবাইক সহ) এবং ডেলিভারি বয় সত্বর প্রয়োজন। Mobile: 98315-08024.

□

### কর্মখালি

**Urgently required fresher or** experienced teacher for preschool & playhouse in Liluah, Howrah M: 98368-91501, 78901-25833, 94325-76915.

□

**নিয়োগ সমাচার চুক্তির ভিত্তিতে** CESC-তে মিটার রিডিং বিলিং ও Back office কর্মী চাই। বেতন 16780-24650 +PF, ESI. M: 85839-52747.

□

**প: বঙ্গের প্রতিটি জেলায় বন্ধন ব্যাঙ্ক** (DSA)-তে Male/Female কর্মী নিয়োগ অষ্টম-স্নাতক। বেতন 14800-72200. Ex-আর্মীদের বিশেষ সুবিধা। M: 83368-65928.

□

**SBI Govt. ব্যাঙ্কে জেলাভিত্তিক স্মার্ট** বাংলাভাষী ছেলে/মেয়ে HS+ (18-34) সরাসরি নিয়োগ। বেতন-13312/-+ PF+ESI কেস্টপুর-89813-31204 গড়িয়া-82829-16972 হাওড়া-70449-16924.

□

**Reqd experienced Accountant &** Telecaller cum Back Office. Salary negotiable. Apply with detailed CV at thesthapatigroup@gmail. com

□

**দিল্লি/মুম্বাইতে আয়া পেসেন্ট/বেবি** কেয়ার, জাপা, বাড়ির কাজে মহিলা চাই। 15K-25K. জয়া সেন্টার। 70114-56402, 93301-59570, 78275-52870, 72919-85085.

□

**Need exp. Dip. Mech. Drg. &** Computer (Fulltime) Rubberised Ply Hose Mfg. & Costing (Parttime) near A.I./C. R. Avenue. Cont. No. (033) 2237-6581, Mail: palhydro@hydhose.in

□

**আয়া সেন্টারে বাচ্চা, রুগী, বয়স্ক** লোকদের দেখা শোনা, রান্না ও ঘরোয়া বিভিন্ন কাজে প্রচুর মহিলা প্রয়োজন। 24 ঘন্টা, বেতন: 10-12000/- 82408-63749/91632-23938 অফিস: পার্ক সার্কাস।

□

**Req. BDE/BDM Profiles for** DDUGKY Project-WB. Contact 97497-84534/99330-97818 Email: sandip@keertika.co.in Keertika Academy.

□

**Walk in interview reputed co** with good payout for Kolkata branch retired/housewife/ businessman/ex army age 25-75 apply 81003-13163.

□

**Want Part/Full Time smart** Telecallers (F) near Park St. Fix Pay Roll of MNC Salary upto 15K. Ltd vacancy HS+, 22-45yr M-94103-87728.

□

**অবসরপ্রাপ্তদের সত্বর নিয়োগ।** কলকাতার স্বনামধন্য Co.-তে Govt/ Pvt থেকে Retd/VRS-দের Manager-পদে পার্টটাইম কাজের সুযোগ Salary+ PF. Tisa-82505-16162.

□

**A publishing firm requires proof** reader (5-7 years) of exp. knowledge in English"Bengali" Hindi. DTP operator with knowledge in pagemaker (bengali/ english/hindi/mathematics). Apply with passport size photograph & expected salary cd.proofreading @gmail.com 90387-21888.

□

**অবসরপ্রাপ্তদের সম্মানের সাথে পুনঃ** নিয়োগ। কলিকাতার স্বনামধন্য Co-তে নির্দিষ্ট মাসিক আয়ে অফিস জবে Retd/ VRS from Govt/Pvt 45-65 yrs Flexible Timing যোগাযোগ: 87571-51544.

□

### কর্মখালি

**কলিকাতায় বাড়ির সকল প্রকার কাজের** জন্য অনূর্ধ্ব ৫০ মহিলা চাই থাকা, খাওয়া। 98304-42535.

□

**100% Indian Co, office at** Kolkata Reqd Sr. Managerial Retired/VRS from any Institutions, Age 35-70. HS+. M: 98368-17587/90512-40825.

□

**Required experienced Super-**visors capable of handling Interior Project & modular furniture factory. Salary in accordance with experience. 99035-14562.

□

**Work from home হাতে ফ্রম ফিলাপ/** কম্পিউটার-এ Excel Data Entry করে মাসে ২০ থেকে ২৫ হাজার আয় করুন। 70037-14899.

□

**Reqd. expd. Interior Designer** knowledge of 3Dmax and AutoCad at Dumdum. Send CV: oopus21 @gmail.com/ WhatsApp 96741-45503 (4pm-7pm).

□

## Editor চাই

**Physics, Chemistry, Mathematics,** History ও Computer Science & Application-এ Honours Graduate Editor চাই। CV এবং মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও Graduation-এর marksheets rayandmartineditor@ gmail.com-এ email করুন। 6C রমানাথ মজুমদার স্ট্রিট। কল-৯. কলেজ স্ট্রিটে কলেজ স্কোয়্যারের কাছে।

□

**চাকরি নিয়োগ:- ব্যাটারি ডিস্ট্রিবিউশন** হাউসের জন্য হাওড়া নিবাসী অভিজ্ঞ মার্কেটিং ব্যক্তি প্রয়োজন। (মোটর বাইক বাধ্যতামূলক)। নিম্নলিখিত নম্বরে Resume হোয়াটস্যাপ পাঠান-74394-88755.

□

**Required experienced and** trained Primary teachers and P.G.T. teachers with good command in English for all subjects including Physical Education, Library and Art & craft for Purwanchal Vidyamandir, P-232, C.I.T. Road, Scheme-VII (M), Kolkata-700 054. Apply immediately to the pvmonline@rediffmail.com

□

**ঘরে বসে নো টার্গেটে স্পট পেমেন্টে** একা/দুজনে বই কপি/ফর্ম ফিলাপ করে সপ্তাহে 12000 আয় অফিসে/এসে/বাই পোস্টে কাজ পাবেন। 91633-97166, 82760-07237.

□

**P.A Burrabazar H.P.O Kol-700** 007 Seeks Mutual Transfer with P.A Kol GPO Central Kol Dvn Alipore H.O Park St HPO (M) 74395-88123.

□

**হাওড়া জেলায় বৃদ্ধাশ্রমের জন্য** আবাসিক মহিলা স্নাতক কর্মী প্রয়োজন। যোগাযোগ- 90071-36009, vws. village@gmail.com

□

**কলিকাতা সহ সারা ভারতে ও বিদেশে** জাপা, নার্স, আয়া, বেবিকেয়ার, কুক ও USA VISA হোল্ডার সত্বর চাই। বেতন 10-80,000/- সামারিটান 98301-54550.

□

**Need Salesman Minimum 5** years Experience in SINK & CP Fitting all WB. M: 89812-10359.

□

**A Leading Law firm requires** Office Assistant. Applicants are requested to send their CV at seal.associates@gmail.com by 28/07/22.

□

### কর্মখালি

**Looking for suitable staff,** experienced in handling Overseas Recruitement and Placement jobs in a Govt authorised organisation at Madhyamgram. Call 033-2537-2424/94344-16703 Email-info hollyface@gmail .com

□

**Sales Executive required for** Hospital Supply Co. Salary upto 15k, Hospital Visit in different parts of WB, Whatsapp CV @94776-11261.

□

**Sales Executive Required for** Shop to shop Selling of Electronics Goods around kolkata. Salary 12000 + Accommodation. Call Rajdeep 97338-76355 Location Sonarpur.

□

**নতুন ভাবনায় প্রতিষ্ঠিত বহুজাতিক** সংস্থায় স্বল্প সময়ে আকর্ষনীয় আয়ে Retd সঃ বা সমতুল্য Executives (M/ F, স্নাতক 45-65)-দের সম্মানীয় পদে নিয়োগ 94337-95994.

□

**টেলিকম 4G কোং SMS/জব পুরুষ/** মহিলা ঘরে বসে রোজগার 18000-45000/- মাসে ল্যাপটপ+মোবাইল ফ্রি। নাম+ঠিকানা Call/WApp/SMS 91638-03441, 91638-02209.

□

**Aditya Group কলকাতা ব্রাঞ্চে পার্ট/** ফুল টাইম অফিস জবে Manager পদে Male/Female 25-65 Retd/House-wife নিয়োগ Fixed Salary 25K+PF. 98313-13555.

□

**Book.Com এ বাড়ি বসে হাতে লিখে/** Comp টাইপ/ ফর্ম ফিলাপ করে সপ্তাহে 6000 - মাসে 30000 আয় (আসা যাওয়ার প্রয়োজন নেই)। 85840-78118/89100-49312.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৩০ জুলাই দুপুর ২টো পর্যন্ত।

□□□

১০ অগস্টের কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৬ অগস্ট দুপুর ২টো পর্যন্ত।

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**

রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## সফদরজং হাসপাতালে চাকরি

অপারেশন থিয়েটার অ্যাসিস্ট্যান্ট এবং প্লাস্টার টেকনিশিয়ান পদে ১৮ জনকে নেবে দিল্লির সফদরজং হাসপাতাল।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে www.vmmc-sjh.nic.in

প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ পূরণ করা দরখাস্ত ১৯ অগস্টের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়। বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ঝাড়গ্রামে ল্যাব টেকনিশিয়ান

মেডিক্যাল টেকনোলজিস্ট ল্যাব টেকনিশিয়ান পদে ৫ জনকে নেবে ঝাড়গ্রামের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। নিয়োগ করা হবে তিন মাসের চুক্তিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর DH&FWS/JGM/2022/1368.

প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ৪ অগস্ট, সকাল ১১টা থেকে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.wbhealth.gov.in

বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### কর্মখালি

**Situations Vacant**

**Wanted Assistant Teachers (both** for school and hostel) in Math, Bengali, English, Life Science, Physical Science and Computer Science & applications having qualifications Hons/Master Degree/ B.C.A. (Pref. Trd.) in relevant sujects. Pass Graduates (male/ female) strong in English & Maths may also apply for hostel teachers. Apply sharp to the secretary with Bio-Data and testimonials within 15 days from the date of this publication. Sd/Secretary Sree Ramakrishna Ashram Vidyapith (Madhyamik) At + P.O.- Khar (Near Egra S.D.O. Office), Dist - Purba Medinipur. Contact No. : 86178 48676/7872391439/9474349241.

□

**সম্পূর্ণা একটি মাইক্রোফিনান্স কোম্পানি।** দীর্ঘ ১৫ বছর ধরে তারা উন্নয়নমূলক কাজের সাথে যুক্ত। বাঁকুড়া, হাওড়া, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, কলকাতা ইত্যাদি জেলাতে বিভিন্ন পদে নিয়োগ করা হচ্ছে। ক্রেডিট অফিসার: বাঁকুড়া, হাওড়া, কলকাতা, পূর্ব মেদিনীপুর জেলাতে মাইক্রোফিনান্স কাজের জন্য স্টাফ নিয়োগ করা হচ্ছে। বয়স ২১-৩০, গ্র্যাজুয়েট: two wheeler with লাইসেন্স পুরুষ ও মহিলারা biodata সহ আবেদন করুন। Tailoring ও Beautician Trainer: পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলাতে ভোকেশনাল ইনস্টিটিউটের জন্য উপযুক্ত trainer নেওয়া হচ্ছে। ট্রেনিং সার্টিফিকেট সহ মাধ্যমিক- Graduate প্রার্থীরা আবেদন করুন। hr@ sampurna.co.in সম্পূর্ণার ভোকেশনাল ট্রেনিং প্রজেক্ট-এর জন্য কলকাতা, হাওড়া, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলাতে মার্কেটিং-এর কাজ জানা ২১-৩০ বয়সী, গ্র্যাজুয়েট, পুরুষ ও মহিলা স্টাফ আবেদন করুন। ইমেইল: hr@sampurna.co.in. Whatsapp No: 81000 52442.

□

**কাস্টমার কেয়ার ফুলটাইম ও পার্টটাইম** Exective পদে এবং ব্যাক অফিসে মাধ্যমিক-স্নাতক (18-35) M/F যোগ্যপ্রার্থী চাই। বেতন যোগ্যতানুসারে Inc + OT-সহ 16,750/- – 25,600/-. M: 73658-34373.

□

### কর্মখালি

**আর্জেন্ট ভ্যাকান্সি**

মেডিসিন ডিস্ট্রিবিউটর সংস্থায় কোম্পানিতে প্যাকিং ও ডেলিভারি কর্মী চাই। বেতন: 11,200/- – 16,500/-, OT + বোনাস। M: 83278-79979.

□

**প্রাইভেট ব্যাঙ্কে জেলাভিত্তিক স্থায়ী জব**

L/c No.- KOL-WB59C97 পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রান্তে প্রাইভেট ব্যাঙ্কে Back Office সহ বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে 93 জন M/F জেলাভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। Salary 16,500/- – 26,700/- MP-স্নাতক Age: 18-41. ছুটি, বোনাস, ESI, PF, থাকার সুব্যবস্থা সুবিধা। M: 73843-33014.

□

**DIRECT JOINING**

**BANK AIRPORT**

**Govt. RNO-5468 প্রাপ্ত কর্মসহ স্থায়ী ব্যাঙ্ক** বিনা ডোনেশনে সত্বর জেলায়, Bank-এ ও এয়ারপোর্টে M/F ৮ম-স্নাতক কর্মী চাই। বেতন: 18,100/- – 45,400/-, থাকা খাওয়া ফ্রি, Ex আর্মির বিশেষ ছাড়। M: 94345-66797.

□

**D গ্রুপে নিয়োগ**

বিনা ডোনেশনে Bank ও এয়ারপোর্টে ৮ম-স্নাতক M/F কর্মী নিয়োগ চলছে। বেতন: 18,600/- – 45,700/-, PF, ESI, বোনাস-সহ থাকা খাওয়া। Ex Army স্বাগত। M: 94776-23974.

□

**URGENT JOINING**

বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্ক-এ অষ্টম-স্নাতক M/F নিয়োগ। বেতন: 18,200/- – 47,600/-, PF, ESI, OT, বোনাস-সহ থাকা খাওয়া ফ্রী। Try IT- যোগাযোগ: 89024-75357.

### স্কুল-কলেজ শিক্ষা

**ল্যাব টেকনিশিয়ান (১/২ বৎ) ট্রেনিং-এ ভর্তি চলছে**

**Internship করে বিভিন্ন নামীদামী** ল্যাবে চাকরি করার বিশেষ সুযোগ। Approved by BSS & NSDC, Govt. of India, Global Technical Institute, বেলেঘাটা, ফুলবাগান। 92315-51285, 92301-13485.

## পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

**DISCLAIMER**

**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**

**assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

## ভারতীয় সেনাবাহিনীতে দন্ত চিকিৎসক

৩০ জন ডেন্টাল সার্জেন নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। নিয়োগ করা হবে সেনাবাহিনীর ডেন্টাল কোরে শর্ট সার্ভিস কমিশনে। প্রার্থীকে অবশ্যই ন্যাশনাল বোর্ড অব এক্সামিনেশনস আয়োজিত এন ই ই টি (এম ডি এস)-২০২২ পরীক্ষায় পাশ করে থাকতে হবে।

**শূন্যপদ:** পুরুষ ২৭, মহিলা ৩। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ বি ডি এস বা এম ডি এস। সেই সঙ্গে স্টেট ডেন্টাল কাউন্সিল অথবা ডেন্টাল কাউন্সিল অব ইন্ডিয়ায় চিকিৎসক হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে। পাশাপাশি, ১ বছরের কম্পালসরি রোটেটরি ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে। এন ই ই টি (এম ডি এস)-২০২২-এর বৈধ স্কোরকার্ড থাকা বাধ্যতামূলক। **বয়স:** ৩১-১২-২০২২ তারিখে ৪৫ বছরের মধ্যে হতে হবে।

পরীক্ষায় প্রাপ্ত স্কোরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের ইন্টারভিউতে ডাকা হবে। সব শেষে থাকবে মেডিক্যাল এক্সামিনেশন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindian army.nic.in দরখাস্তের শেষ তারিখ ১৪ অগস্ট।

বিশদে জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কিরকী ক্যান্টনমেন্ট বোর্ডে চাকরি

কিছু স্টাফ নার্স, অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল), জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল), ড্রাফটসম্যান ও ইলেক্ট্রিশিয়ান নেবে কিরকী ক্যান্টনমেন্ট বোর্ড। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 27/1/Recruitment/P-8.

**স্টাফ নার্স:** শূন্যপদ ৮টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** নার্সিংয়ে বি এসসি ডিগ্রি। **বেতনক্রম:** ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার-সিভিল:** শূন্যপদ ২টি (সাধারণ ১, ওবিসি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** সিভিল, সিভিল অ্যান্ড রুরাল ইঞ্জিনিয়ারিং, আর্বান অ্যান্ড রুরাল ইঞ্জিনিয়ারিং, আর্কিটেকচার, কনস্ট্রাকশন টেকনোলজি এবং আর্বান প্ল্যানিংয়ের মধ্যে কোনও একটি বিষয়ে ডিগ্রি। **বেতনক্রম:** ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা।

**জুনিয়র ইঞ্জিনিয়ার-সিভিল:** শূন্যপদ ৩টি (সাধারণ ২, ওবিসি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** সিভিল, সিভিল অ্যান্ড রুরাল ইঞ্জিনিয়ারিং, আর্বান অ্যান্ড রুরাল ইঞ্জিনিয়ারিং, আর্কিটেকচার এবং কনস্ট্রাকশন টেকনোলজির মধ্যে কোনও একটি বিষয়ে ৩ বছরের ডিপ্লোমা। **বেতনক্রম:** ৪১,৮০০-১,৩২,৩০০ টাকা।

**ড্রাফটসম্যান:** শূন্যপদ ১টি (সাধারণ)। **শিক্ষাগত যোগ্যতা:** ড্রাফটসম্যান (সিভিল) শাখায় আই টি আই কোর্স পাশ। বেতনক্রম: ২৯,২০০-৯২,৩০০ টাকা।

**ইলেক্ট্রিশিয়ান:** শূন্যপদ ২টি (সাধারণ ১, ওবিসি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিশিয়ান ট্রেডে আই টি আই পাশ।

**বয়স:** সব পদের ক্ষেত্রেই ১৫-৮-২০২২ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বয়সে তফসিলিরা ৫ এবং ওবিসিরা ৩ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে স্টাফ নার্স পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষা ও স্কিল টেস্টের মাধ্যমে এবং বাকি পদগুলির ক্ষেত্রে শুধু লিখিত পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষায় পদ ও বিষয় অনুসারে ১২০ নম্বরের অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। ২ ঘণ্টার পরীক্ষা। ও এম আর আনসার শিটে উত্তর লিখতে হবে।প্রশ্ন হবে ইংরেজি ও হিন্দিতে। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে। পরীক্ষার সিলেবাস পাওয়া যাবে নিম্নোক্ত ওয়েবসাইট থেকে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: https://kirkee.cantt.gov.in

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

✓শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র তথা মার্কশিটের নকল।
✓বয়সের প্রমাণপত্র হিসেবে স্কুল লিভিং সার্টিফিকেটের নকল।
✓নিজের নাম-ঠিকানা লেখা ও প্রতিটিতে ৩০ টাকার ডাকটিকিট সাঁটানো দু'টি খাম।
✓পিছনের দিকে স্বপ্রত্যয়িত ৩টি পাসপোর্ট মাপের ফটো।
✓তফসিলি এবং ওবিসিদের ক্ষেত্রে যথাক্রমে কাস্ট সার্টিফিকেটের নকল।
✓প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ সার্টিফিকেটের নকল।
✓বিধবা, বিবাহবিচ্ছিন্ন ও আইনত স্বামী-বিচ্ছিন্ন মহিলাদের ক্ষেত্রে আইনি এবং 'নট রি-ম্যারেড' সার্টিফিকেটের নকল।
✓আর্থিক দিক থেকে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে ইনকাম সার্টিফিকেট।
✓অভিজ্ঞতার (থাকলে) সার্টিফিকেটের নকল।

আবেদনের ফি বাবদ দিতে হবে 'Chief Executive Officer, Cantonment Board Kirkee'-র অনুকূলে প্রদেয় ৩০০ টাকার ডিমান্ড ড্রাফট। তফসিলি, বিধবা, বিবাহবিচ্ছিন্ন ও আইনত স্বামীবিচ্ছিন্ন মহিলা ও প্রাক্তন সমরকর্মীদের ফি লাগবে না। সমস্ত নথিপত্র স্বপ্রত্যয়িত হতে হবে। দরখাস্ত ও নথিপত্র ভরা খামের উপর পদের নাম লিখবেন।

লিখিত পরীক্ষা ও প্রযোজ্য ক্ষেত্রে স্কিল টেস্টের তারিখ ও স্থান ওয়েবসাইটে জানিয়ে দেওয়া হবে। অ্যাডমিট কার্ড পাঠানো হবে ডাকে।

সাধারন ডাকে বা স্পিড পোস্ট মারফত ১৫ অগস্টের মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: Chief Executive Officer, Office of the Cantonment Board Kirkee, 17 Field Marshal Carriappa Marg, Kirkee, Pune-411 003 (Maharashtra State). খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# দিল্লি সরকারে ২০৪

*প্রথম পাতার পর*

সংস্থায় কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা।

পোস্ট কোড 15/22: **জুনিয়র লেবার ওয়েলফেয়ার ইনস্পেক্টর:** ৫টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে জনপ্রিয় ক্রীড়াক্ষেত্রে জাতীয় বা রাজ্য স্তরের খেলোয়াড় হতে হবে। বয়স: ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ২,০০০ টাকা।

পোস্ট কোড 17/22: **স্টোর অ্যাটেন্ড্যান্ট:** শূন্যপদ: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে কোনও ইঞ্জিনিয়ারিং সংস্থায় বা হার্ডওয়্যার স্টোরে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল ট্রেডে আই টি আই পাশ প্রার্থীদের অগ্রাধিকার। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ১,৯০০ টাকা।

পোস্ট কোড 20/22: **ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার:** শূন্যপদ: ১৩১টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। সঙ্গে স্পেশ্যাল এডুকেশনে বি এড অথবা বি এড, সঙ্গে স্পেশ্যাল এডুকেশনে ২ বছরের ডিপ্লোমা অথবা স্পেশ্যাল এডুকেশনে পোস্ট-গ্র্যাজুয়েট প্রফেশনাল ডিপ্লোমা কোর্স পাশ। এর পাশাপাশি, সি বি এস ই আয়োজিত সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্ট পাশ করে থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা।

পোস্ট কোড 30/22: **পোস্ট-গ্র্যাজুয়েট টিচার-কম্পিউটার সায়েন্স (মহিলা):** শূন্যপদ: ৭টি। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে বি ই বা বি টেক, সঙ্গে কম্পিউটার অ্যাপ্লিকেশনসে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা অথবা ডোয়েক 'বি' বা 'সি' লেভেল কোর্স পাশ, সঙ্গে শিক্ষকতায় ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা কম্পিউটার সায়েন্সে এম এসসি বা এম সি এ, সঙ্গে শিক্ষকতায় ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে মাস্টার অব ইঞ্জিনিয়ারিং বা এম টেক পাশ। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,৮০০ টাকা।

পোস্ট কোড 32/22: **পোস্ট-গ্র্যাজুয়েট টিচার-সংস্কৃত (মহিলা):** শূন্যপদ: ৯টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে ট্রেনিং বা এডুকেশনে ডিগ্রি বা ডিপ্লোমা। সংশ্লিষ্ট বিষয়ে পি এইচ ডি ডিগ্রিধারী হলে অথবা উচ্চমাধ্যমিক থেকে স্নাতকোত্তর স্তর পর্যন্ত সব পরীক্ষায় মোট অন্তত ৬০ শতাংশ করে নম্বর থাকলে ট্রেনিং বা এডুকেশনের নির্দিষ্ট যোগ্যতা প্রযোজ্য নয়। দ্বিতীয় ক্ষেত্রে চাকরিতে যোগদানের ৩ বছরের মধ্যে বি এড বা বি টি প্রশিক্ষণ সম্পূর্ণ করতে হবে। সব ক্ষেত্রেই কলেজে বা উচ্চমাধ্যমিক স্কুলে শিক্ষকতার অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩৬ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,৮০০ টাকা।

পোস্ট কোড 33/22: **পোস্ট-গ্র্যাজুয়েট টিচার-ইংরেজি:** শূন্যপদ: পুরুষ ৬টি, পোস্ট কোড 34/22: শূন্যপদ: মহিলা ৪টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে ট্রেনিং বা এডুকেশনে ডিগ্রি বা ডিপ্লোমা। সংশ্লিষ্ট বিষয়ে পি এইচ ডি ডিগ্রিধারী হলে অথবা উচ্চমাধ্যমিক থেকে স্নাতকোত্তর স্তর পর্যন্ত সব পরীক্ষায় মোট অন্তত ৬০ শতাংশ করে নম্বর থাকলে ট্রেনিং বা এডুকেশনের নির্দিষ্ট যোগ্যতা প্রযোজ্য নয়। দ্বিতীয় ক্ষেত্রে চাকরিতে যোগদানের ৩ বছরের মধ্যে বি এড বা বি টি প্রশিক্ষণ সম্পূর্ণ করতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,৮০০ টাকা।

পোস্ট কোড 35/22: **এডুকেশনাল অ্যান্ড ভোকেশনাল গাইডেন্স কাউন্সেলর :** শূন্যপদ: পুরুষ ৪টি, পোস্ট কোড 36/22: শূন্যপদ: মহিলা ২৪টি। শিক্ষাগত যোগ্যতা: সাইকোলজিতে স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে গাইডেন্স অ্যান্ড কাউন্সেলিংয়ে ডিপ্লোমা। সরকারি ক্ষেত্রে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,৮০০ টাকা।

সব ক্ষেত্রেই ২৭-৮-২০২২ তারিখে নির্দিষ্ট বয়স থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে স্কিল টেস্টের মাধ্যমে। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষাকেন্দ্র দিল্লি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://dsssbonline.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ২৭ অগস্ট পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্ত পূরণ করবেন যথাযথ ভাবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১০০ টাকা। ফি দেওয়া যাবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া-ই পে-র মাধ্যমে। অনলাইনে ফি জমা দেওয়ার পর পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

দরখাস্ত এবং প্রার্থী বাছাই পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে দেখতে পারেন এই ওয়েবসাইটটিও: https://dsssb.delhi.gov.in

# তেহরি হাইড্রোতে ১০২

*প্রথম পাতার পর*

অফিসার ক্যাডারে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**ইলেক্ট্রিক্যাল** ৩৮টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর বা সমতুল সি জি পি এ-সহ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক বা বি এসসি ইঞ্জিনিয়ারিং। ইলেক্ট্রিক্যাল ছাড়াও ইলেক্ট্রিক্যাল (পাওয়ার) বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা পাওয়ার সিস্টেমস অ্যান্ড হাই ভোল্টেজ বা পাওয়ার ইঞ্জিনিয়ারিং-ও বিষয় হিসেবে গ্রাহ্য করা হবে। সেই সঙ্গে হাইড্রো বা থার্মাল বা সোলার বা উইন্ড শাখায় সংশ্লিষ্ট কাজে এক্সিকিউটিভ বা অফিসার ক্যাডারে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**মেকানিক্যাল** ৩১টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর বা সমতুল সি জি পি এ-সহ মেকানিক্যাল বা মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক বা বি এসসি ইঞ্জিনিয়ারিং। সেই সঙ্গে হাইড্রো বা থার্মাল বা সোলার বা উইন্ড শাখায় সংশ্লিষ্ট কাজে এক্সিকিউটিভ বা অফিসার ক্যাডারে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

নিয়মানুসারে দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরে প্রার্থীকে মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। সব ক্ষেত্রেই তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা পাশ নম্বর থাকলেই আবেদন করতে পারবেন।

**বয়স:** ১-৮-২০২২ তারিখে ৩২ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

বেতন: নির্দিষ্ট মাসিক ৬০,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রাথমিক ভাবে প্রার্থীদের বাছাই করা হবে শিক্ষাক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে। নির্বাচিত প্রার্থীদের পার্সোন্যাল ইন্টারভিউ নেওয়া হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.thdc.co.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৯ অগস্ট পর্যন্ত।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ৬০০ টাকা। ফি জমা দেওয়ার শেষ তারিখ ২১ অগস্ট। ফি জমা দেওয়ার পর রিসিপ্টের প্রিন্ট আউট নিয়ে নেবেন। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে লাগবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# হিন্দুস্তান অ্যারোনটিক্সে ৬৩৩

*প্রথম পাতার পর*

এস সি ভি টি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই পাশ। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ট্রেডের ক্ষেত্রে প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট ট্রেডে আই টি আই পাশ করে থাকলেও আবেদন করা যাবে। **স্টাইপেন্ড:** নিয়মানুসারে।

**ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ার:** ৫টি। **কম্পিউটার ইঞ্জিনিয়ার:** ৭টি। **সিভিল ইঞ্জিনিয়ার:** ৪টি। **ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার:** ১৩টি। **ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ার:** ১৫টি। **মেকানিক্যাল ইঞ্জিনিয়ার:** ৪৩টি। **প্রোডাকশন ইঞ্জিনিয়ার:** ৪টি। **ফার্মাসিস্ট:** ৩টি। **নার্সিং অ্যাসিস্ট্যান্ট:** ৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** ফার্মাসিস্ট ও নার্সিং অ্যাসিস্ট্যান্ট ছাড়া বাকি সব শাখার ক্ষেত্রে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক। ফার্মাসিস্টের ক্ষেত্রে ফার্মাসিতে স্নাতক। নার্সিং অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে নার্সিংয়ে বি এসসি ডিগ্রি। **স্টাইপেন্ড:** নির্দিষ্ট মাসিক ৯,০০০ টাকা।

**টেকনিশিয়ান ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস: অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ার:** ৩টি। **কম্পিউটার ইঞ্জিনিয়ার:** ৬টি। **সিভিল ইঞ্জিনিয়ার:** ৪টি। **ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার:** ১৫টি। **ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ার:** ১২টি। **মেকানিক্যাল ইঞ্জিনিয়ার:** ৩৩টি। **ল্যাব অ্যাসিস্ট্যান্ট:** ৩টি। **হোটেল ম্যানেজমেন্ট:** ৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** ল্যাব অ্যাসিস্ট্যান্ট ও হোটেল ম্যানেজমেন্ট ছাড়া বাকি সব শাখার ক্ষেত্রে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। ল্যাব অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে মেডিক্যাল ল্যাব টেকনোলজিতে ডিপ্লোমা। হোটেল ম্যানেজমেন্টের ক্ষেত্রে হোটেল ম্যানেজমেন্টে ডিপ্লোমা। **স্টাইপেন্ড:** নির্দিষ্ট মাসিক ৮,০০০ টাকা।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী ও আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mhrdnats.gov.in (গ্র্যাজুয়েট এবং ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে), www.apprenticeshipindia.gov.in (আই টি আইয়ের ক্ষেত্রে)। প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। রেজিস্ট্রেশনের পর অনলাইন আবেদন করতে হবে নির্দিষ্ট গুগল ফর্মে। আবেদনের শেষ তারিখ ১০ অগস্ট।

বিশদ জানতে দেখুন এই ওয়েবসাইট: www.hal-india.co.in

# কলকাতায় রিলায়েন্সে চাকরি

*প্রথম পাতার পর*

ফলে বিপণনের কাজে পেশাদারি উৎসাহ ও দক্ষতা থাকা বাঞ্ছনীয়। যোগাযোগের ক্ষেত্রে নতুন প্রযুক্তি সম্পর্কে অবহিত থাকতে হবে। একাধিক ভাষা জানা থাকলে সুবিধা হবে।

অনলাইন দরখাস্ত করার জন্য প্রথমে ইউজার আই ডি, ই-মেল অ্যাড্রেস এবং পাসওয়ার্ড দিয়ে লগ ইন করতে হবে এই ওয়েবসাইটে: https://rcareers.ril.com এরপর শিক্ষাগত যোগ্যতা, কাজের অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ করে দরখাস্ত করতে হবে। নির্দিষ্ট জায়গায় সিভি তথা বায়োডেটা আপলোড করবেন। ওয়েবসাইটের 'ফিচারড অপরচুনিটিস' বিভাগে দেশের বিভিন্ন শহরে সংস্থার নানা বিভাগে চাকরির তথ্য পাওয়া যাবে।

অনলাইন দরখাস্তের শেষ তারিখ সংস্থার তরফে জানানো হয়নি। আগ্রহীরা যত দ্রুত সম্ভব অনলাইন দরখাস্ত করবেন।


**NETAJI SUBHAS REGIONAL INSTITUTE OF COOPERATIVE MANAGEMENT**

**Recruitment of Two Faculty Members on Contractual Basis**

Application are invited from the bonafide citizens of India for recruitment of 01 (One) Faculty Member (Computer) and 01 (One) Faculty Member (Finance) on Contract basis at Netaji Subhas Regional Institute of Cooperative Management, (A Unit of National Council for Cooperative Training, New Delhi under Ministry of Cooperation, Govt. Of India), P.O- Kalyani, Dist- Nadia-741235. For Details please visit our website **www.nsricm.com**

Director

**NETAJI SUBHAS OPEN UNIVERSITY**
DD – 26, Sector – I, Salt Lake City, Kolkata – 700064
Email.: nsou@wbnsou.ac.in; Ph : (033) 4066-3220
Official Website: www.wbnsou.ac.in

Memo No.: Reg /1530 Date : 12.07.2022

**RENEWAL NOTIFICATION FOR UG / BACHELOR DEGREE PROGRAMME (BDP), 2022**

Enrolled learners of UG/BDP of academic year 2017-18, 2018-19, 2019-20, 2020-21 and 2021-22 are requested to renew their studentship within **27.07.2022 (4.00 PM)** to apply for **Term-End examination December 2022 and June 2023.** For details please visit our renewal website **(renewal.wbnsouadmissions.com).**

Registrar

**MBBS**

**Ministry Of Health Of Russia**
**SMOLENSK STATE MEDICAL UNIVERSITY, RUSSIA**
**(102 YEARS OLD MEDICAL UNIVERSITY)**
**Invites Indian students for direct Government Admissions**
**Recognized by India, WHO, USA & UK, Min. Qual. 50% in XII in PCB**
**Satisfies all requirements of NMC of India**

**UNIVERSITY** - Founded in 1920, Smolensk city is 380 km west of Moscow, Very high standards of education, strict disciplinary system. **1650 Indian** students **(650** Girls) studying, **183** got degree in **2022**, English Medium in all years, Closed type campus system, 8 attached hospitals **(6000** Beds).
**MCI SCREENING TEST** – Our graduates of **2008** to **2021** have given **BEST** results among graduates of all foreign medical colleges (Official web sites of Indian Embassy, Moscow and NBC conducting Screening Test confirm this).
**SPECIAL HOSTELS ONLY FOR INDIAN STUDENTS (BEST HOSTELS IN RUSSIA)** 2 and 4 seated big rooms, separate hostels for boys and girls.
**INDIAN MESS** - Mess with **Indian food** cooked by **Indian cooks.**
**Fee** (Tuition+Hostel+Med.Ins.) – **USD 6000** (Approx. Rs. 4,80,000/-) per year and one time payment of Rs.1,50,000/- (By Bank Draft only) which includes – Admission procedure, invitation letter, student visa, air ticket Delhi - Moscow.
**Scholarship to all Indian students**, Loans from Indian banks are available.
Contact Foreign advisor to Chancellor: Dr.Alok Aeron+79605805555(Russia)
**Official web site: www.sgmu.info DM us on insta: @sgmu.info**
**Admission details: admission.sgmu.live**
**INFORMATION CENTERS (Our Graduates):**
**DR. BASU – 8100641077**
**DR. DAS – 7756907910**

**৪ জুলাই** স্বশাসিত সংস্থা অ্যাসোসিয়েশন অব ইন্ডিয়ান ইউনিভার্সিটিজ-এর সভাপতি হলেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সুরঞ্জন দাস। ১৯৮০-র দশকের পর ফের

# কারেন্ট অ্যাফেয়ার্স

নিষেধাজ্ঞা চাপানোয় বিশ্বজুড়ে খাদ্য ও জ্বালানির দাম আকাশ ছুঁয়েছে। এশিয়া, আফ্রিকা, লাতিন আমেরিকার বেশ কিছু দেশের দেউলিয়া হয়ে যাওয়ার খবর আসছে। রাষ্ট্রপুঞ্জে রাশিয়ার বিপক্ষে আনা প্রস্তাবে বাংলাদেশের ভোট না দেওয়া

## প্রকাশ্যে খুন হলেন শিনজো আবে



**৮ জুলাই:** ভারত-বন্ধু বলে সুপরিচিত জাপানের প্রাক্তন প্রধানমন্ত্রী শিনজো আবে (৬৭) আততায়ীর গুলিতে নিহত হলেন। জাপানের পশ্চিমের শহর নারায়, রেলস্টেশনের বাইরে অনুচ্চ মঞ্চের উপর দাঁড়িয়ে নির্বাচনী বক্তৃতা করছিলেন তিনি। জাপানে সবচেয়ে বেশি সময় প্রধানমন্ত্রীর দায়িত্ব সামলানো আবেকে গুলি করে তেতসুয়া ইয়ামাগামি নামের এক যুবক। ক্যামেরার মতো দেখতে হাতে তৈরি একটি শটগান নিয়ে সে দর্শকদের মাঝে দাঁড়িয়েছিল। গুলি লাগার পর কিছুক্ষণের মধ্যেই হেলিকপ্টার করে আবেকে কাছের এক হাসপাতালে নিয়ে গেলেও বাঁচানো যায়নি। আততায়ী প্রায় সঙ্গে সঙ্গেই ধরা পড়ে। নৌসেনার প্রাক্তন সদস্য তেতসুয়া আবের প্রতি তার অসন্তোষের কথা জিজ্ঞাসাবাদে স্বীকার করেছে।

কোনও বাঙালি উপাচার্য এই সর্বভারতীয় সংস্থায় সভাপতি পদে নিযুক্ত হলেন। গত এক শতাব্দী ধরে দেশের নানা প্রান্তে ছড়িয়ে থাকা বিশ্ববিদ্যালয়গুলির যৌথ মঞ্চ হিসেবে কাজ করে আসছে এই অ্যাসোসিয়েশন। দেশের শিক্ষার নানা বিষয়ে এই সংস্থার সুপারিশ, পরামর্শ ও সিদ্ধান্ত মেনে চলে কেন্দ্রীয় সরকার।

**বিজেপি ত্যাগী রায়গঞ্জের বিধায়ক কৃষ্ণ** কল্যাণীকেই রাজ্য বিধানসভার পাবলিক অ্যাকাউন্টস কমিটির (পিএসি) নতুন চেয়ারম্যান মনোনীত করা হল। কয়েকদিন আগেই মুকুল রায় পিএসি-র সদস্য ও চেয়ারম্যান পদে ইস্তফা দেওয়ার পর অধ্যক্ষ তাঁর বিশেষ ক্ষমতাবলে রায়গঞ্জের বিধায়ক কৃষ্ণকে কমিটির সদস্য করেন। বিজেপি এই ঘটনার প্রতিবাদে জানিয়েছে, পিএসি-র চেয়ারম্যান পদটি বিরোধীদের দেওয়াই পরিষদীয় রীতি। কিন্তু তৃণমূল কোনও রীতিনীতিরই তোয়াক্কা করছে না।

**৫ জুলাই** দেশের রাজ্যগুলির মধ্যে খাদ্য সুরক্ষায় শীর্ষস্থান পেল ওড়িশা। পশ্চিমবঙ্গ রয়েছে সেই তালিকার ১৪ নম্বরে। এদিন বিভিন্ন রাজ্যের খাদ্যমন্ত্রীদের সঙ্গে এক বৈঠকে এই তালিকা প্রকাশ করেন কেন্দ্রীয় খাদ্য ও বাণিজ্যমন্ত্রী পীযূষ গয়াল। রেশন দোকানের মাধ্যমে দরিদ্রদের খাদ্য সরবরাহে কোন রাজ্য কতটা সফল, তা এই তালিকার মাধ্যমে তুলে ধরা হয়েছে।

**অগ্নিপথ প্রকল্পে নিয়োগের জন্য** অনলাইন রেজিস্ট্রেশনের প্রক্রিয়া সম্পূর্ণ হয়েছে বলে জানাল ভারতীয় বায়ুসেনা। জানানো হয়েছে এবারের আবেদনকারীর সংখ্যা চাকরিপ্রার্থীদের পুরনো রেকর্ড ভেঙে দিয়েছে। এর আগে বায়ুসেনায় নিয়োগের কোনও একটি পরীক্ষার জন্য ৬ লক্ষ ৩১ হাজার ৫২৮টি দরখাস্ত জমা পড়েছিল। যা ছিল সর্বোচ্চ। এবার অগ্নিপথ প্রকল্পের জন্য আবেদন করেছেন ৭ লক্ষ ৪৯ হাজার ৮৯৯ জন।

**একই দিনে ইস্তফা দিলেন ব্রিটেনের দুই** ক্যাবিনেট মন্ত্রী। এঁরা হলেন অর্থমন্ত্রী ঋষি সুনক এবং স্বাস্থ্যমন্ত্রী সাজিদ জাভিদ। দুজনেরই দাবি, ব্রিটেনের প্রধানমন্ত্রী বরিস জনসনের উপর তাঁরা আস্থা হারিয়েছেন। রাজনৈতিক পর্যবেক্ষকদের মতে ঋষি এবং সাজিদ হাত মিলিয়ে নেওয়ায় জনসনের পক্ষে সরকার টিকিয়ে রাখা কঠিন হয়ে গেল। ভারতীয় বংশোদ্ভূত ব্রিটিশ রাজনীতিক ঋষি বলেছেন, 'মানুষ আশা করেন, ঠিক ভাবে, দক্ষ ভাবে সরকার চালানো হবে। জনগণ যা আশা করেন সেটা নিয়ে লড়াই করা যায় এবং সেজন্যই আমি ইস্তফা দিচ্ছি।'

**ইংল্যান্ডে ভারতের সঙ্গে চার টেস্টের** সিরিজ ২-২ অমীমাংসিত ভাবে শেষ হল। এজবাস্টনে চতুর্থ টেস্টে ইংল্যান্ডের সামনে জয়ের লক্ষ্য ছিল ৩৭৮ রান, যা তিন উইকেট হারিয়ে সংগ্রহ করে নেয় তারা। ইংল্যান্ডের টেস্ট ইতিহাসে চতুর্থ ইনিংসে এটাই সবচেয়ে বড় রান তাড়া করে জয়। সামগ্রিকভাবে টেস্ট ইতিহাসে চতুর্থ ইনিংসে রান তাড়া করে জয়ের নিরিখে এটি অষ্টম সর্বোচ্চ। এজবাস্টনের ইতিহাসেও এটি সবচেয়ে বেশি রান তাড়া করে জয়।

**৬ জুলাই** পশ্চিমবঙ্গেও গঠিত হল দশ সদস্যের সারোগেসি বোর্ড। বোর্ডের চেয়ারপার্সন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কেন্দ্র প্রস্তাব দিয়েছে সব রাজ্যেই এই বোর্ড গঠন করতে হবে। সেই মোতাবেকই গঠিত হল বোর্ড। আইন অনুযায়ী এখন গর্ভ ভাড়া দেওয়া বেআইনি। যাঁদের প্রকৃত শারীরিক সমস্যা রয়েছে তাঁরাই সারোগেসি পদ্ধতির আশ্রয় নিতে পারবেন। বোর্ডের কাজ হল নিয়ম কতটা পালন হচ্ছে তা পর্যবেক্ষণ করা।

## ফিল্ডস পুরস্কার ২০২২



বাঁদিক থেকে: মারিনা ভিয়াজস্কোভা, হুগো ডুমিনিল কপিন, জেমস মেনার্ড ও জুন হুহ

**৫ জুলাই:** ইউক্রেনীয় গণিতবিদ মারিনা ভিয়াজস্কোভা-সহ চার গণিতজ্ঞ এবছর অঙ্কের সর্বোচ্চ সম্মান 'ফিল্ডস' পুরস্কার পেলেন। মারিনা বর্তমানে সুইৎজারল্যান্ডের লুসানে বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনার কাজে নিযুক্ত। 'ফিল্ডস' পুরস্কারকে অঙ্কের নোবেল পুরস্কার বলেও অভিহিত করা হয়। মারিনা দ্বিতীয় মহিলা যিনি এই সম্মান পেলেন। ফিনল্যান্ডের রাজধানী হেলসিঙ্কিতে এবছর পুরস্কার প্রদান করা হয়। মারিনা ছাড়াও আরও যে তিন গণিতজ্ঞ এবছর এই সম্মান পেয়েছেন তাঁরা হলেন, জেনেভা বিশ্ববিদ্যালয়ের হুগো ডুমিনিল কপিন, ব্রিটেনের অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের জেমস মেনার্ড এবং মার্কিন যুক্তরাষ্ট্রের প্রিন্সটনের জুন হুহ।

৪ জুলাই-৮ জুলাই



"শ্রীলঙ্কা থেকে কী শিক্ষা নিতে হবে তা খুব স্পষ্ট। আয় অনুযায়ী মেপে খরচ করতে হবে। দায়িত্বশীল ভাবে সরকার চালাতে হবে। খয়রাতি বা (যথেচ্ছ) নগদ অর্থ বিলির সংস্কৃতি চলবে না। সুশাসনের গুরুত্ব (শ্রীলঙ্কার ঘটনাতেই ফের) বোঝা গিয়েছে।"

**এস জয়শঙ্কর,** *ভারতের বিদেশমন্ত্রী*

দেশে শ্রীলঙ্কার মতো পরিস্থিতি তৈরি হওয়ার আশঙ্কা নেই জানিয়েও সে দেশের ঘটনা থেকে শিক্ষা নিয়ে রাজ্যগুলিকে সতর্ক হওয়ার ডাক দিয়ে

## প্রয়াত তরুণ মজুমদার



**৪ জুলাই:** প্রখ্যাত চলচ্চিত্র পরিচালক তরুণ মজুমদার (৯২) প্রয়াত হলেন। 'পলাতক', 'ফুলেশ্বরী', 'কুহেলি', 'শ্রীমান পৃথ্বীরাজ', 'দাদার কীর্তি', 'বালিকা বধূ', 'গণদেবতা'র মতো কালজয়ী ছবির স্রষ্টা বয়সজনিত কারণে প্রায় একমাস হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়-সহ বহু বিশিষ্ট মানুষ তরুণ মজুমদারের প্রয়াণে শোক প্রকাশ করেছেন। প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য তাঁর শোকবার্তায় বলেছেন, 'তাঁর পরিচালিত চলচ্চিত্র যেমন মানুষের মনে থেকে যাবে, তেমনই মানুষ মনে রাখবেন এমন একজন মানুষকে, যিনি আমৃত্যু ছিলেন আপসহীন।' তরুণবাবুর ইচ্ছানুযায়ী তাঁর মরদেহ দান করা হয় এসএসকেএম-এর অ্যানাটমি বিভাগে।

## ইস্তফা দিলেন ব্রিটিশ প্রধানমন্ত্রী



**৭ জুলাই:** রাজনৈতিক চাপেই ইস্তফা দিতে বাধ্য হলেন ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসন। ইস্তফা দেওয়া কীভাবে এড়িয়ে যাওয়া যায় এতদিন সেই চেষ্টাই করছিলেন তিনি। কিন্তু অর্থমন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রী ও আরও পাঁচ মন্ত্রীর ইস্তফার পরে এদিন মন্ত্রিসভা থেকে বাকি সদস্যরাও ইস্তফা দিতে থাকেন। এদিন দুপুর বারোটার মধ্যে ইস্তফা দেওয়া মন্ত্রীদের সংখ্যাটা ৫০ ছাড়িয়ে যায়। এরপর আর পদে থাকা সম্ভব ছিল না প্রধানমন্ত্রীর। বেলা পৌনে একটার সময় সরকারি বাসভবনের সামনে দাঁড়িয়ে সমবেত জনতা-সাংবাদিক-সমর্থকদের বরিস বলেন, 'পৃথিবীর সবথেকে ভালো চাকরি থেকে ইস্তফা দিচ্ছি।'

**রাষ্ট্রপুঞ্জের দক্ষিণ সুদান মিশনে** মহাসচিবের 'ফোর্স কমান্ডার'-এর দায়িত্ব পেলেন ভারতের লেফটেন্যান্ট জেনারেল মোহন সুব্রহ্মণ্যম। রাষ্ট্রপুঞ্জের মহাসচিব আন্তোনিয়ো গুতেরেস নিজেই এই ঘোষণা করেছেন। তিনি জানিয়েছেন, 'ইউনাইটেড নেশনস মিশন ইন সাউথ সুদান'-এ তাঁর ফোর্স কমান্ডার হিসেবে দায়িত্ব সামলাবেন মোহন।

**দেশের সংবিধান নিয়ে বিতর্কিত মন্তব্যের** জেরে কেরলের মন্ত্রিসভা থেকে পদত্যাগ করতে হল সে রাজ্যের সংস্কৃতি মন্ত্রী সাজি চেরিয়ানকে। তিনি দাবি করেছিলেন ভারতীয় সংবিধান সাধারণ মানুষের শোষণ ও বঞ্চনাকে সমর্থন করে। পরে অবশ্য তিনি দুঃখ প্রকাশ করে বলেছেন, 'সংবিধানকে আমি সম্মান করি। আমার মন্তব্যকে বিকৃত করা হয়েছে।'

**মিজোরামের আইজলের ভাইবাকন** এলাকা থেকে গ্রেফতার করা হল ন্যাশনাল লিবারেশন ফ্রন্ট অব ত্রিপুরা (এনএলএফটি)-র স্বঘোষিত সভাপতি জেকব রাঙ্খলকে। গোপন সূত্রে খবর পেয়ে গোয়েন্দারা আটক করেন ৫৫ বছর বয়সি জঙ্গি নেতাকে। আসাম রাইফেলস এই অভিযান চালায় এবং একে বিরাট সাফল্য বলে দাবি করেছে তারা।

**নরেন্দ্র মোদী সরকারের মন্ত্রিসভায়** সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী মুখতার আব্বাস নকভি ইস্তফা দিলেন। ৭ জুলাই নকভির রাজ্যসভার মেয়াদের শেষ দিন। বিজেপি তাঁকে আর রাজ্যসভায় প্রার্থী করেনি। ফলে নকভির ইস্তফা একরকম অবশ্যম্ভাবী ছিল। একই ভাবে কেন্দ্রীয় ইস্পাত মন্ত্রী রামচন্দ্র প্রসাদ সিংকেও তাঁর দল জেডিইউ আর রাজ্যসভায় না পাঠানোয় তাঁকেও ইস্তফা দিতে হয়েছে। উল্লেখ্য, মুখতার আব্বাস নকভির রাজ্যসভার মেয়াদ শেষ হওয়ার পরে লোকসভা ও রাজ্যসভায় বিজেপির আর কোনও মুসলিম সাংসদ থাকবেন না। কারণ, দুই কক্ষ মিলিয়ে বিজেপির ৩৯৫ সাংসদের মধ্যে নকভিই ছিলেন একমাত্র মুসলিম।

**৭ জুলাই** করোনা ভাইরাসের ওমিক্রন প্রজাতির একটি নতুন উপপ্রজাতি ভারতে পাওয়া গিয়েছে বলে জানাল বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু)। ভারতে করোনার তৃতীয় ঢেউ এসেছিল ওমিক্রনের দাপটেই। কিন্তু বর্তমান পরিস্থিতিতে এই উপপ্রজাতি সংক্রমণ ছড়ানোর ক্ষেত্রে শক্তিশালী হয়ে উঠবে কিনা তা নিয়েই পরীক্ষা চালাচ্ছেন বিজ্ঞানীরা। এটিকে চিহ্নিত করা হয়েছে বিএ ২.৭৫ নামে। হু প্রধান টেড্রস অ্যাডানম গেব্রিয়েসাস বলেছেন, 'বিএ ২.৭৫ আসলে বিএ২ ওমিক্রনেরই একটি শাখা। বর্তমানে সেটি ভারতে সংক্রমণ ছড়ানোর জন্য দায়ী কিনা, তা খতিয়ে দেখছেন স্বাস্থ্য বিশেষজ্ঞরা।'

## দলাই লামাকে নিয়ে ফের তিক্ততা ভারত-চিনের



**৭ জুলাই:** প্রকৃত নিয়ন্ত্রণরেখা থেকে সেনা সরানো নিয়ে ভারত এবং চিনের কথাবার্তা চলার মাঝেই দলাই লামার জন্মদিনকে কেন্দ্র করে ফের দু'দেশের মধ্যে তিক্ততা তৈরি হল। ৬ জুলাই দলাই লামার জন্মদিনে, তাঁকে ফোন করে শুভেচ্ছা জানিয়েছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ঘটনার তীব্র প্রতিক্রিয়া জানাতে গিয়ে চিনা মুখপাত্র ঝাও লিঝিয়াং বলেন, 'চতুর্দশ দলাই লামার চিন বিরোধী বিচ্ছিন্নতাবাদী ভূমিকার কথা ভারতের স্বীকার করা উচিত।' তিনি আরও বলেন, 'তিব্বতের তাস খেলে চিনের অভ্যন্তরীণ বিষয়ে নাক গলানো বন্ধ করুক ভারত।' জবাবে ভারতের বিদেশ মন্ত্রকের মুখপাত্র অরিন্দম বাগচী বলেছেন, 'দলাই লামা ভারতের সম্মানিত অতিথি। ভারত সরকার ধারাবাহিক ভাবে তাঁকে সেভাবেই দেখে এসেছে। ভারতে তাঁর ধর্মীয় চর্চার সমস্ত স্বাধীনতা দেওয়া হয়েছে। দলাই লামার ৮৭তম জন্মদিনে প্রধানমন্ত্রীর ফোন করে শুভেচ্ছা জ্ঞাপনকে এই সামগ্রিক প্রেক্ষাপটে দেখা উচিত।'

**দলিত নেতা, নির্দল বিধায়ক জিগ্নেশ** মেবাণীকে গুজরাত কংগ্রেসের কার্যকরী সভাপতি নিযুক্ত করা হল। পাঁচ বছর আগের বিধানসভা নির্বাচনে হার্দিক প্যাটেল, জিগ্নেশ মেবাণীরা কংগ্রেসের বাইরে থাকলেও বিজেপির বিরুদ্ধে লড়াইয়ে কংগ্রেসের শক্তি হিসেবে উঠে এসেছিলেন। হার্দিক পরে কংগ্রেসে যোগ দেন। তাঁকে কংগ্রেসের কার্যকরী সভাপতিও নিযুক্ত করা হয়। পরে তিনি বিজেপিতে যোগ দেওয়ায় এদিন জিগ্নেশ-সহ সাতজনকে কার্যকরী সভাপতি নিযুক্ত করা হয়েছে।

**ইউক্রেনে যুদ্ধের জন্য আমেরিকা ও** ইউরোপীয় ইউনিয়ন যে ভাবে রাশিয়ার উপরে নিষেধাজ্ঞা চাপিয়েছে, তার কঠোর নিন্দা করলেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এই নিষেধাজ্ঞাকে 'পশ্চিমি দুনিয়ার মানবাধিকার লঙ্ঘন' বলেও মন্তব্য করেন তিনি। বাংলাদেশও যে এই নিষেধাজ্ঞার ফলে চূড়ান্ত অসুবিধার মধ্যে পড়েছে সে কথাও ব্যক্ত করেন তিনি। হাসিনা উদাহরণ দিয়ে দেখিয়েছেন পশ্চিমি দেশগুলি রাশিয়ার উপর প্রসঙ্গে হাসিনা বলেন, 'অন্য পক্ষের উস্কানি ছাড়া এই কোভিডের সময়ে রাশিয়া একতরফা যুদ্ধ করতে গিয়েছে বলে আমি বিশ্বাস করি না। কাজেই এই যুদ্ধের জন্য রাশিয়াকে একতরফা দায়ী করে আনা প্রস্তাবে আমরা ভোট দিইনি।'

**৮ জুলাই** ভারতে বুলেট ট্রেন প্রকল্পের কাজের তত্ত্বাবধানে থাকা ন্যাশনাল হাইস্পিড রেল কর্পোরেশন লিমিটেড (এনএইচএসআরসিএল)-এর ম্যানেজিং ডিরেক্টর সতীশ অগ্নিহোত্রীকে বহিষ্কার করল ভারতীয় রেল। তাঁর বিরুদ্ধে গুরুতর অভিযোগ হল ক্ষমতার অপব্যবহার করে রেলের টাকা বেআইনিভাবে অন্য এক সংস্থায় সরিয়ে দিয়েছেন তিনি। সতীশ অবশ্য সমস্ত অভিযোগ অস্বীকার করেছেন।

**কমপক্ষে ৭১ শতাংশ ভারতবাসীর সুষম** খাদ্য হাতের নাগালের বাইরে চলে গিয়েছে বলে জানাল রাষ্ট্রপুঞ্জের 'ফুড অ্যান্ড এগ্রিকালচারাল অর্গানাইজেশন' (এফএও)। সংস্থার এক সমীক্ষায় উঠে এসেছে এই তথ্য। এই রিপোর্ট অনুযায়ী, সংখ্যার নিরিখে এই মুহূর্তে ভারতের প্রায় ৯৭ কোটি বাসিন্দা সুষম আহার থেকে বঞ্চিত। গোটা এশিয়া মহাদেশে মোট ৪৩.৫ শতাংশ মানুষ সুষম খাদ্য পাচ্ছেন না। ফলে মহাদেশের নিরিখে দেখতে গেলেও ভারতের পরিসংখ্যান বেশ উদ্বেগজনক।

## মেঘভাঙা বৃষ্টিতে বিপর্যয় অমরনাথে



**৮ জুলাই:** আচমকা মেঘভাঙা বৃষ্টিতে প্রবল বিপর্যয়ের মুখে পড়ল অমরনাথ যাত্রা। প্রাথমিক ধাক্কাতেই অন্তত ১৫ জনের মৃত্যুর খবর জানিয়েছে স্থানীয় সংবাদসংস্থা। এদিন বিকেলে মেঘ ভাঙে বালতাল এলাকায়। এর ফলে অমরনাথ গুহা এবং কালীমাতার মাঝামাঝি এলাকায় অল্প সময়ের মধ্যে তুমুল বৃষ্টি হয়। তা থেকে প্রবল জলস্ফীতি এবং প্লাবনে পুণ্যার্থীদের অন্তত ২৫টি তাঁবু এবং তিনটি লঙ্গর ভেসে যায়। ভেসে যায় গান্দেরবাল এলাকার পুণ্যার্থীদের শিবিরটিও। এলাকায় থাকা ৪০ জনের খবর পাওয়া যায়নি। সেনাবাহিনীর হেলিকপ্টার বেশ কয়েকজনকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়। বিপর্যয়ের ধাক্কা সামলে না ওঠা পর্যন্ত অমরনাথ যাত্রা স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছে জম্মু-কাশ্মীর প্রশাসন।

# অল্প পুঁজিতে লাভের মুখ দেখাতে পারে বিস্কুট কাপ

*প্রথম পাতার পর*

তাছাড়া জোগানের অভাবও আছে। বাস্তবে দেখা যাচ্ছে, চায়ের দাম একটু বেশি রাখতে হলেও বিস্কুট কাপ ব্যবহারের ফলে দোকানের বিক্রি অনেকটাই বেড়ে যাচ্ছে।

যাঁরা অল্প পুঁজি নিয়ে ব্যবসা শুরু করতে চান তাঁরা বিস্কুট কাপ তৈরি করতে পারেন। চা বা পানীয় বিক্রি করে, এমন ছোট-বড় দোকানে এই ধরনের নানা সাইজের বিস্কুট কাপ জোগান দিয়ে নিজের রোজগার মজবুত করতে পারেন।

বিস্কুট কাপ তৈরি হয় মেশিনে। মেশিনের আয়তন খুব বড় নয়। আড়াই লক্ষ থেকে সাড়ে চার লক্ষ টাকা পর্যন্ত বিভিন্ন দামের মেশিন কিনতে পাওয়া যায়। একই মেশিনে ডাইস বদলে ৬০, ৮০ বা ১০০ মিলিলিটার প্রভৃতি বিভিন্ন মাপের কাপ তৈরি করা যায়। তবে মেশিন কেনার সময় যে-কোনও একটি সাইজের ডাইস-ই মেশিনের সঙ্গে দেওয়া হয়। অন্যান্য সাইজের কাপ তৈরির জন্য সেই সব সাইজের ডাইস কিনতে হবে। মেশিনের এক বছরের গ্যারান্টি থাকে। বিস্কুট কাপ তৈরি করতে প্রয়োজন হয় ময়দা, কর্নফ্লাওয়ার, ভোজ্য তেল ও চিনি। মেশিন চালিয়ে কাপ তৈরির গোটা কাজটা একজনই করতে পারেন।

কাপ তৈরি হয়ে যাওয়ার পর এয়ারটাইট পাত্রে বা বাতাস ঢুকতে পারবে না, এমন ভাবে সিল করে রাখলে ছ'মাস পর্যন্ত ঠিক থাকে। রয়্যাল মেশিনারি কোম্পানি পশ্চিমবঙ্গে এই মেশিন বিক্রি করে এবং তারা কাপও তৈরি করছে। মেশিন বসিয়ে কাপ তৈরি করার পরিকাঠামো না থাকলে এঁদের কাছ থেকে হোলসেলে বিস্কুট কাপ কিনে সরবরাহের ব্যবসা শুরু করতে পারেন।

রয়্যাল মেশিনারির তরফে ঈশিকা ভুজেল জানালেন, 'ক্রেতার সংখ্যা ক্রমশ বাড়ছে। তবে যেহেতু এটা নতুন ধরনের জিনিস, তাই মেশিন কেনার চেয়ে হোলসেলে কাপ কেনার লোক বেশি।' রয়্যাল মেশিনারিতে ৬০ মিলিলিটারের এক পেটি কাপের দাম ২১০ টাকা। এলাচ, চকোলেট ও ভ্যানিলা— এই তিন স্বাদের বিস্কুট কাপ তৈরি করে এই সংস্থা। যাঁরা মেশিন কিনে নিজেরা বিস্কুট কাপ তৈরি করবেন, তাঁরা চাইলে এর বাইরেও নানা স্বাদের কাপ তৈরি করতে পারবেন। মেশিন কেনার পর রয়্যাল মেশিনারি কর্তৃপক্ষ নিখরচায় প্রশিক্ষণ দেন।

বিস্কুট কাপের মধ্যে অভিনবত্ব খুঁজে পাচ্ছেন ক্রেতারা। পাশাপাশি প্লাস্টিক বর্জ্য কমিয়ে বা কাগজের কাপের ব্যবহার কম করে পরিবেশ রক্ষার কাজও হচ্ছে। ব্যবসা শুরুর আগে অবশ্যই সম্ভাব্য ক্রেতাদের কাছে গিয়ে নিজের ব্যবসার কথা বলুন, চা এবং আইসক্রিমের দোকানমালিকের আগ্রহ ও চাহিদা বোঝার চেষ্টা করুন। যে-কোনও ব্যবসা শুরুর আগেই এ ধরনের মার্কেট সার্ভে করা খুবই জরুরি।

**রয়্যাল মেশিনারি-র সঙ্গে যোগাযোগ:** ৬২৮৯১-৮৫৬০০, ৮৯৮১৩-৩২৭৭৭।

# কৃষিতে শিক্ষিত ছেলেমেয়েদের অনেক কাজ আছে

**নানা ফসলের চাষ, তার বিপণন, খাদ্য প্রক্রিয়াকরণ ইত্যাদি ক্ষেত্রে এ যুগের শিক্ষিত ছেলেমেয়েদের উদ্ভাবনী ক্ষমতাকে প্রয়োগ করে অনেক কাজ করার আছে। জানাচ্ছেন, ভাঙড় ভেজিটেবল প্রোডিউসার কোম্পানি লিমিটেডের চেয়ারম্যান মহম্মদ আব্দুল জব্বর খান।**

ভাঙড়কে পশ্চিমবঙ্গের সবজি-ভাণ্ডার বলা চলে। নানা প্রকার সবজির চাষ হয় এখানে। প্রচুর মানুষ কৃষির সঙ্গে যুক্ত। পেশা-ঐতিহ্যের দিক থেকে আমার পরিবারও মূলত কৃষিজীবী পরিবার। আমিও চাষ করি। বাংলার মাটিতে সোনা ফলে। আধুনিক বিজ্ঞানের যুগে, কৃষি ও কৃষি-সংশ্লিষ্ট নানা ক্ষেত্রে গুরুত্বপূর্ণ কাজ করতে পারেন বাংলার শিক্ষিত ছেলেমেয়েরা।

ভাঙড় ভেজিটেবল প্রোডিউসার কোম্পানির পক্ষ থেকে আমরা গ্রামে গ্রামে যাই সবজির চাষ, বিপণন, কৃষিজাত পণ্য, প্রক্রিয়াজাত খাদ্য তৈরি প্রভৃতি বিষয়ে সচেতনতা বাড়ানোর লক্ষ্যে। এ পর্যন্ত আমরা পশ্চিমবঙ্গের সাতটি জেলায় দেড়শো প্রশিক্ষণের আয়োজন করেছি।

আমরা গ্রামবাসীদের বলি, বাড়িতে অন্তত একটা গরু পুষুন। গ্রামাঞ্চলে গরু পোষা সহজ। বাড়ির সদস্যরা খাঁটি দুধ খেতে পাবেন। চাইলে দুধ বিক্রি করতে পারবেন। আর পাবেন গোবর। ওই গোবরকে উৎকৃষ্ট সারে পরিণত করা যাবে। ওই সারে বাড়িতে পড়ে থাকা জমিতেই শাক, উচ্ছে, গাজর, শশা, লাউ, কুমড়ো, বরবটির চাষ করুন। বিষমুক্ত খাবার পাবেন। উদ্বৃত্ত ফসল পাশের বাজারে বিক্রি করুন।

অল্প আয়তনের জমিও মোটেই হেলাফেলার নয়। চাষের প্রক্রিয়া জেনে নিয়ে লেটুস, চেরি টোম্যাটো, সুগন্ধী লঙ্কা ইত্যাদির মতো বিকল্প ফসলের ভালো চাষ হতে পারে। রেস্তোরাঁয় এগুলির খুব চাহিদা এখন। এভাবেই বাজারে ব্রকোলির সরবরাহ ক্রমশ বেড়েছে। ধনেপাতা এখন সারা বছর পাওয়া যায়। গরমে প্রতি বছরই পাতিলেবু, কাগজী লেবুর দাম বাড়ে। পাঁচ-ছ'টা লেবুগাছের জন্য ছোট এক খণ্ড জমিই যথেষ্ট। প্রচুর ফলন হবে। বাড়ির ছোট পুকুরটিতে কিছু মাছ হয়েই থাকে। পুকুরের পারে হলুদের চাষ হতে পারে। সে জমি নিষ্কলুষ। ফলে জৈব হলুদ পাবেন, বাজারে যথেষ্ট চাহিদা আছে। একটা গ্রামে সাধারণত অনেকগুলো করে পুকুর থাকে। সংশ্লিষ্ট গ্রামে বসবাসকারী একদল তরুণ-তরুণী যদি পুকুরের পাড়গুলিতে হলুদের চাষ করেন তবে ফলনের পরিমাণ বাড়বে। সেই হলুদ শুকিয়ে, ভাঙিয়ে বিপণন করতে পারেন নিজেরাই। চাইলে মশলা উৎপাদনকারী সংস্থায় গোটা হলুদ বিক্রি করতে পারেন।

আমাদের সংস্থার কৃষিজীবীরা রাসায়নিক সারের উপর নির্ভরতা কমানোর চেষ্টা করছেন। রাসায়নিক সারের দাম বেড়ে চলেছে। পৃথিবীতে যুদ্ধ চলতে থাকলে দাম আরও বাড়বে। শিক্ষিত ছেলেমেয়েরা জৈব সার, অণুখাদ্য ইত্যাদি তৈরি করতে পারেন। সবজি চাষের জন্য আমাদের সংস্থার চাষিরা জৈব ও রাসায়নিক সার ৫০:৫০ অনুপাতে ব্যবহার করছেন। গাছে রোগপোকা দমনের জন্য সাধারণত রাসায়নিক ওষুধ স্প্রে করা হয়। চাষিদের সঙ্গে কথা বললে দেখবেন, তাঁরা এইসব রাসায়নিককে 'পয়জন' বলে থাকেন। এর বিপদ সম্পর্কে তাঁরা ওয়াকিবহাল। শিক্ষিত ছেলেমেয়েরা তাঁদের শিক্ষা, উদ্ভাবনী ক্ষমতাকে কাজে লাগিয়ে জৈব জীবাণু ও পোকানাশক তৈরি করতে পারেন।

বাংলায় প্রচুর সবজি ও ফল উৎপাদিত হয়। অনেক সময় নষ্টও হয় সেই ফসল। গত শীতে ৫ টাকা কেজি দরে টোম্যাটো বিক্রি হয়েছে। অথচ, ছোট আকারেও ফল, সবজি, শস্য থেকে হরেক খাদ্য তৈরি করা যায়। জামের নানা স্বাস্থ্যকর গুণাগুণ রয়েছে। বর্ষায় কত জাম নষ্ট হয়ে যাবে গাছ থেকে মাটিতে পড়ে! পাকা জাম সংগ্রহ করে তা থেকে উপকারী রস তৈরি করা যায়। অসময়ের জন্য আচার তৈরি করা যায়। আগে মিষ্টির দোকানগুলিতে আম ও বেলের মোরব্বা পাওয়া যেত। এখন সাধারণ ভাবে চোখে পড়ে না। ক্রেতা চাইলেও কিনতে পারেন না। কিন্তু এগুলি আপনার পাড়ার মিষ্টির দোকান থেকেই বিক্রি হতে পারে। উদ্যোগটা জরুরি। কোনও অজৈব উপকরণ ব্যবহার না করে তৈরি মুড়ি পেতে শহরাঞ্চলের একজন ক্রেতাকে অনেক খোঁজাখুঁজি করতে হয়। অথচ গ্রামে নিজেদের খাওয়ার জন্য অনেক পরিবারেই নির্বিষ মুড়ি তৈরি হয়। বিশেষ ধানের মুড়ি তৈরি হতে পারে জৈব প্রক্রিয়ায়। আমরা সরকারি সংস্থায় অনেকের প্রশিক্ষণের ব্যবস্থা করে দিয়েছি।

শিক্ষিত ছেলেমেয়েদের এগিয়ে আসা দরকার। কম দামে ভালো গুণমানের খাদ্য উৎপাদন ও বিপণনকে যদি লক্ষ্য ধরে এগোনো যায়, তাহলে এ কাজে সফল না হওয়ার কারণ নেই।

কৃষিকাজ এবং কৃষিজাত নানা ফসল থেকে খাদ্য উৎপাদনের বিষয়ে যাঁরা আগ্রহী এবং আন্তরিক ভাবেই কাজ করতে চান, তাঁরা তথ্য-পরামর্শের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করতে পারেন। যোগাযোগের নম্বর: ৯৭৩৪৮-৭১৪৫৭।

**Gramin Samaj Manav Swasthya Sewa Sansthan**

*3340 posts required in all the Gram Samaja in all the districts of West Bengal.*

| SL NO | POST | QUALI. | SALARY |
|---|---|---|---|
| 1) | Medical Officer | Post Graduation | 33,000-45,000 |
| 2) | Medical Assistant | Graduation | 24,500-35,500 |
| 3) | Medical Worker | 12th | 20,000-30,000 |
| 4) | Computer Operator | 10th + Diploma | 26,000-40,000 |
| 5) | Driver / Store Keeper | 8th / 10th | 18,000-30,000 |
| 6) | ANM / GNM | 12th + Diploma | 27,000-42,000 |

1) Application can only be made Online.
2) Age : 18-42 yrs. 3) last Date for Apply : 31th July 2022
3) Fill out the Application on the office's website :
**Website : www.gsmsss.in**



# এন টি পি সি-তে এক্সিকিউটিভ

বিভিন্ন শাখায় ৩৭ জন এক্সিকিউটিভ নেবে এন টি পি সি (পূর্বতন ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশন)। এটি কেন্দ্রের শক্তি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। ৩ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে রিনিউয়েবল এনার্জি ক্ষেত্রে সিভিল, ইলেক্ট্রিক্যাল, কন্ট্র্যাক্ট সার্ভিসেস ও অ্যাকাউন্টস বিভাগে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ১৮/২২।

**শাখা অনুসারে শূন্যপদের বিবরণ: সিভিল:** ১৪টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। রিনিউয়েবল এনার্জি ক্ষেত্রে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**ইলেক্ট্রিক্যাল:** ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। রিনিউয়েবল এনার্জি ক্ষেত্রে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**কন্ট্র্যাক্ট সার্ভিসেস:** ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় বি ই বা বি টেক। সেই সঙ্গে ২ বছরের এম বি এ বা ম্যানেজমেন্টে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা (পি জি ডি এম)। সব ক্ষেত্রেই মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। সাপ্লাই চেইন ম্যানেজমেন্টে এম বি এ বা পি জি ডি এম ডিগ্রি থাকলে অগ্রাধিকার। সেই সঙ্গে রিনিউয়েবল এনার্জি ক্ষেত্রে সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। সাপ্লাই চেইন ম্যানেজমেন্টের কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**অ্যাকাউন্টস:** ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** সি এ বা সি এম এ। জি এস টি, টি ডি এস, ফিনান্সিয়াল মডেলিং, ইন্ড্যাস, স্যাপ বিষয়ে জ্ঞান থাকতে হবে। সেই সঙ্গে ফিনান্স বা অ্যাকাউন্টস ক্ষেত্রে ৫ বছরের অভিজ্ঞতা (আর্টিকেলশিপ পিরিয়ড ছাড়া) থাকতে হবে।

**বয়স:** ২৯-৭-২০২২ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**বেতন:** নির্দিষ্ট মাসিক ৯০,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: careers.ntpc.co.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৯ জুলাই।

ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা। ফি অনলাইন-অফলাইন উভয় পদ্ধতিতেই দেওয়া যাবে। অনলাইনের ক্ষেত্রে ডেবিট কার্ড (রুপে) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমার পরে রেজিস্ট্রেশন নম্বর-সহ সিস্টেম জেনারেটেড ই-রিসিপ্টের একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অফলাইনের ক্ষেত্রে পে-ইন-স্লিপের মাধ্যমে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার কোনও শাখায় ফি জমা দিতে হবে এই অ্যাকাউন্ট নম্বরে: 30987919993 (CAG Branch, New Delhi, Code: 09996)। ফি জমা দেওয়ার রসিদে জার্নাল নম্বর ও ব্রাঞ্চ কোড আছে কিনা দেখে নেবেন।

মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে লাগবে না। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.ntpc.co.in

# র‍্যালির মাধ্যমে ভারতীয় সেনাবাহিনীতে অগ্নিবীর

*প্রথম পাতার পর*

কিপিং বা অ্যাকাউন্টসে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকা বাধ্যতামূলক।

**অগ্নিবীর ট্রেডসম্যান (অল আর্মস):** মাধ্যমিক। মাধ্যমিকে প্রতিটি বিষয়ে অন্তত ৩৩ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**অগ্নিবীর ট্রেডসম্যান (অল আর্মস)-অষ্টম শ্রেণি পাশ:** ক্লাস এইট পাশ। প্রতিটি বিষয়ে অন্তত ৩৩ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**বয়স:** ১-১০-২০২২ তারিখে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা: জেনারেল ডিউটি, ট্রেডসম্যান এবং টেকনিক্যাল পদের ক্ষেত্রে ১৬৯ সেমি (তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৬২ সেমি, ভারতীয় গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৫৭ সেমি)। ক্লার্ক/স্টোরকিপার ( টেকনিক্যাল) পদের ক্ষেত্রে ১৬২ সেমি। সবক্ষেত্রেই বুকের ছাতি: না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি। রাজ্য ও জাতীয় স্তরের খেলোয়াড়রা উচ্চতা, বুকের ছাতির মাপ এবং ওজনে যথাক্রমে ২ সেমি, ৩ সেমি ও ৫ কেজি এবং সমরকর্মী, প্রাক্তন সমরকর্মী ও যুদ্ধে নিহত সৈনিকদের ছেলেরা ওই তিন ক্ষেত্রে যথাক্রমে ২ সেমি, ১ সেমি ও ২ কেজি ছাড় পাবেন। ওজন: অন্তত ৫০ কেজি।

বেতন: প্রথম বছরে প্রতি মাসে ৩০,০০০ টাকা, দ্বিতীয় বছরে প্রতি মাসে ৩৩,০০০ টাকা, তৃতীয় বছরে প্রতি মাসে ৩৬,৫০০ টাকা এবং চতুর্থ বছরে প্রতি মাসে ৪০,০০০ টাকা।

চার বছরের মেয়াদ শেষে সেনাবাহিনীতে শর্তানুসারে চাকরির সুযোগ রয়েছে। সংশ্লিষ্ট ব্যাচের ২৫ শতাংশ অগ্নিবীর সেনাবাহিনীতে স্থায়ী চাকরির ক্ষেত্রে সংরক্ষণ পাবেন। বাকি ৭৫ শতাংশ অগ্নিবীর অবসরের পর যাতে বিকল্প জীবিকা খুঁজে নিতে পারেন সে জন্য আর্থিক অঙ্কে বিশেষ 'সেবা নিধি প্যাকেজ' দেওয়া হবে। তবে কোনও পেনশন, গ্র্যাচুইটি বা প্রাক্তন সমরকর্মীর প্রাপ্য সুযোগসুবিধা তাঁরা পাবেন না।

প্রার্থী বাছাই করা হবে দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা, নথিপত্র যাচাই, মেডিক্যাল টেস্ট ও লিখিত পরীক্ষার মাধ্যমে।

দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে— সর্বাধিক ৫.৪৫ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড় (আগে দৌড় শেষ করলে বোনাস নম্বর পাওয়া যাবে), জিগজ্যাগ ব্যালান্স, ১০টি বিম ও ৯ ফুট লং জাম্প (ডিচ)। দৈহিক সক্ষমতার পরীক্ষায় সফল হলে মেডিক্যাল টেস্ট ও লিখিত পরীক্ষা নেওয়া হবে। লিখিত পরীক্ষার তারিখ ও কেন্দ্র র‍্যালির সময় জানিয়ে দেওয়া হবে।

## র‍্যালিতে সঙ্গে নিয়ে যাবেন

- ✓র‍্যালিতে যোগদানের অ্যাডমিট কার্ড ও সেটির দু'টি প্রত্যয়িত নকল।
- ✓২০ কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো। ফটোর ব্যাকগ্রাউন্ড সাদা হতে হবে। ফটো প্রত্যয়িত হওয়ার দরকার নেই। তিন মাসের বেশি পুরনো ফটো চলবে না।
- ✓মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, ডিপ্লোমা বা গ্র্যাজুয়েশনের অ্যাডমিট কার্ড, সার্টিফিকেট, মার্কশিট, রেজিস্ট্রেশন সার্টিফিকেট এবং প্রতিটির দু'টি প্রত্যয়িত নকল। মুক্ত বিদ্যালয় থেকে মাধ্যমিক উত্তীর্ণদের ক্ষেত্রে স্কুলের প্রধানশিক্ষক কর্তৃক স্বাক্ষরিত এবং ব্লক এডুকেশন অফিসার বা ডিস্ট্রিক্ট এডুকেশন অফিসারের কাউন্টার সিগনেচার-সহ ম্যাট্রিক সার্টিফিকেট ও মার্কশিট এবং সেগুলির দু'কপি প্রত্যয়িত নকল।
- ✓জন্মতারিখের প্রমাণ হিসেবে ডিস্ট্রিক্ট বার্থ রেজিস্ট্রারের কাছ থেকে নেওয়া জন্মতারিখের সার্টিফিকেট ও তার দু'কপি প্রত্যয়িত নকল।
- ✓ ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের অফিস থেকে নেওয়া ডোমিসাইল সার্টিফিকেট ও তার দু'কপি প্রত্যয়িত নকল।
- ✓ ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের অফিস থেকে নেওয়া কাস্ট সার্টিফিকেট ও তার দু'কপি প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓কাস্ট সার্টিফিকেটে প্রার্থীর ধর্মের উল্লেখ না থাকলে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বা এস ডি এম-এর অফিস থেকে নেওয়া রিলিজিয়ন সার্টিফিকেট ও তার দু'কপি প্রত্যয়িত নকল।
- ✓প্রার্থী শেষ যে-প্রতিষ্ঠানে পড়াশোনা করেছেন সেই স্কুল বা কলেজের প্রধানের থেকে নেওয়া ক্যারেক্টার সার্টিফিকেট ও তার দু'কপি প্রত্যয়িত নকল।
- ✓গ্রাম পঞ্চায়েত প্রধান বা পুরসভার চেয়ারম্যানের কাছ থেকে নেওয়া ও গোল সিলমোহরের ছাপ দেওয়া ক্যারেক্টার সার্টিফিকেট ও তার দু'কপি প্রত্যয়িত নকল। ৬ মাসের বেশি পুরনো সার্টিফিকেট চলবে না।
- ✓২১ বছরের নীচের প্রার্থীদের ক্ষেত্রে গ্রাম পঞ্চায়েত প্রধান বা পুরসভার চেয়ারম্যানের কাছ থেকে নেওয়া ও গোল সিলমোহরের ছাপ দেওয়া আনম্যারেড সার্টিফিকেট ও তার দু'কপি প্রত্যয়িত নকল। ৬ মাসের বেশি পুরনো সার্টিফিকেট চলবে না।
- ✓সমরকর্মী বা প্রাক্তন সমরকর্মী বা যুদ্ধে নিহত সৈনিকের বিধবার ছেলেদের ক্ষেত্রে সংশ্লিষ্ট রেকর্ড অফিস থেকে নেওয়া বোনাফায়েড সার্টিফিকেট ও তার দু'কপি প্রত্যয়িত নকল। রিলেশনশিপ সার্টিফিকেটে স্বাক্ষরকারীর আর্মি নম্বর, র‍্যাঙ্ক ও নামের উল্লেখ থাকতে হবে।
- ✓প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে মূল ডিসচার্জ বুক এবং ১০ টাকার স্ট্যাম্প পেপারে নেওয়া এফিডেভিট ও তার দু'কপি প্রত্যয়িত নকল। এফিডেভিটে ফার্স্ট ক্লাস বা এক্সিকিউটিভ বা জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের সই থাকতে হবে।
- ✓এন সি সি সার্টিফিকেট (থাকলে) ও তার দু'কপি প্রত্যয়িত নকল।
- ✓খেলোয়াড়দের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের থেকে পাওয়া স্পোর্টস সার্টিফিকেট ও তার দু'কপি প্রত্যয়িত নকল।
- ✓১০ টাকার স্ট্যাম্প পেপারে কোনও নোটারির কাছ থেকে নেওয়া এফিডেভিট ও তার দু'কপি প্রত্যয়িত নকল। এফিডেভিটে প্রার্থীর স্বাক্ষর থাকতে হবে।
- ✓আধার কার্ড ও প্যানকার্ড এবং সেগুলির দু'কপি প্রত্যয়িত নকল।
- ✓প্রার্থীর ব্যাঙ্ক অ্যাকাউন্টের (সিঙ্গল) পাসবুক ও তার প্রথম পৃষ্ঠার দু'কপি প্রত্যয়িত নকল।
- ✓সরকারি হাসপাতালের ডাক্তারের থেকে নেওয়া অ্যাসিম্পটোমেটিক সার্টিফিকেট-কোভিড-১৯ ফ্রি (অ্যাপেন্ডিক্স-ডি) এবং নো-রিস্ক সার্টিফিকেট (অ্যাপেন্ডিক্স-ই)। সার্টিফিকেট র‍্যালির তারিখের ৪৮ ঘণ্টা আগে ইস্যু হয়ে থাকতে হবে।

মূল সার্টিফিকেট ও নথিপত্রগুলিও সঙ্গে রাখবেন। নির্দিষ্ট দিন সকাল ৬টার মধ্যে র‍্যালিকেন্দ্রে হাজির থাকতে হবে। প্রয়োজনে ৩-৪ দিন র‍্যালিকেন্দ্রে থাকতে হতে পারে নিজের ব্যবস্থায়। উপযুক্ত প্রস্তুতি নিয়ে যাবেন।

কনটেইনমেন্ট জোনের আওতায় থাকা প্রার্থীরা র‍্যালিতে যোগদান করতে পারবেন না। তথ্যের প্রয়োজনে কাজের দিন আর্মি রিক্রুটিং অফিসে যোগাযোগ করতে পারেন। আর্মি রিক্রুটিং অফিসের ঠিকানা: Army Recruiting Office, 43 Middle Road, Barrackpore – 700120 অথবা, ফোনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৫৪৫-২৯৫৮ / ২৯৭৭-০৮১৩ / ২৯৭৭-০৮১৪।

এফিডেভিটের বয়ান-সহ অন্যান্য যাবতীয় তথ্য পাবেন এই ওয়েবসাইটে: www.joinindianarmy.nic.in

# গার্ডেন রিচ শিপবিল্ডার্সে ২৪৫ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ

বিভিন্ন ক্যাটেগরিতে ২৪৫ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে গার্ডেন রিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ট্রেড অ্যাপ্রেন্টিস, গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস এবং টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ক্যাটেগরিতে প্রার্থীদের বিভিন্ন ট্রেডে ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: APP:01/22.

**ট্রেড অ্যাপ্রেন্টিস: এক্স-আই টি আই:** আসনসংখ্যা ১৬৩টি। ট্রেডগুলি হল: ফিটার, ওয়েল্ডার (জি অ্যান্ড ই), ইলেক্ট্রিশিয়ান, মেশিনিস্ট, পাইপ ফিটার, কার্পেন্টার, ড্রাফটসম্যান (মেকানিক্যাল), প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেমস অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট, ইলেক্ট্রনিক মেকানিক, পেইন্টার, মেকানিক (ডিজেল), ফিটার (স্ট্রাকচারাল), সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট (ইংলিশ), মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স, ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং মেকানিক। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ট্রেডে এন সি ভি টি স্বীকৃত ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট। সেই সঙ্গে অল ইন্ডিয়া ট্রেড টেস্ট পাশ করে থাকতে হবে।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (ফ্রেশার):** আসনসংখ্যা: ৪০টি। ট্রেডগুলি হল: ফিটার, ওয়েল্ডার (জি অ্যান্ড ই), ইলেক্ট্রিশিয়ান, পাইপ ফিটার, মেশিনিস্ট। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। আই টি আই কোর্স পাশ বা আই টি আই কোর্সের কোনও পরীক্ষায় বসেছেন যাঁরা, তাঁরা আবেদন করবেন না।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস:** আসন-সংখ্যা: ১৬টি। ট্রেডগুলি হল: মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি, সিভিল। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস:** আসন-সংখ্যা: ৩০টি। ট্রেডগুলি হল: মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, সিভিল। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা।

অনলাইন আবেদন করতে পারেন এই দুই ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.grse.in, http://jobapply.in/grse2022app অনলাইন আবেদনের শেষ তারিখ ৫ অগস্ট। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে।

শিক্ষাগত যোগ্যতা, প্রার্থী বাছাই পদ্ধতি, আবেদনের প্রক্রিয়া-সহ বিশদ তথ্য জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# দিল্লি পুলিশে ১৪১১ ড্রাইভার

ড্রাইভার ক্যাটেগরিতে ১,৪১১ জন কনস্টেবল নেবে দিল্লি পুলিশ। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। শুধুমাত্র পুরুষরা আবেদন করবেন। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

**ক্যাটেগরি অনুসারে শূন্যপদ:** সাধারণ ৫৪৩, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ৬১, তফসিলি জাতি ২৩৬, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ২৬, তফসিলি উপজাতি ৪৫, তফসিলি উপজাতি-প্রাক্তন সমরকর্মী ৫, ও বি সি ৩১৮, ও বি সি-প্রাক্তন সমরকর্মী ৩৫, আর্থিক ভাবে অনগ্রসর ১২৮, আর্থিক ভাবে অনগ্রসর-প্রাক্তন সমরকর্মী ১৪)।

**শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে উচ্চমাধ্যমিক। প্রার্থীর বৈধ হেভি মোটর ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। গাড়ি রক্ষণাবেক্ষণের জ্ঞান থাকতে হবে।

**বয়স:** ১-৭-২০২২ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ প্রার্থীর জন্মতারিখ হতে হবে ২-৭-১৯৯২ থেকে ১-৭-২০০১ তারিখের মধ্যে। তফসিলি ও খেলোয়াড়রা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা অন্তত ১৭০ সেমি। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮১ ও ৮৫ সেমি। তফসিলি উপজাতি প্রার্থী এবং দিল্লি পুলিশে কর্মরত বা অবসরপ্রাপ্ত বা কর্মরত অবস্থায় মৃত কর্মী ও মাল্টি টাস্কিং স্টাফের সন্তানেরা উভয় ক্ষেত্রেই ৫ সেমি ছাড় পাবেন। **দৃষ্টিশক্তি:** চশমা ছাড়া ভালো চোখে ৬/৬ এবং খারাপ চোখে ৬/১২। বর্ণান্ধতা থাকলে চলবে না। **বেতনক্রম:** ২১,৭০০-৬৯,১০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে চারটি পর্যায়ে— কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই ও দৈহিক সক্ষমতার পরীক্ষা, ট্রেড টেস্ট এবং মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: কলকাতা (৪৪১০), আসানসোল (৪৪১৭), কল্যাণী (৪৪১৯), শিলিগুড়ি (৪৪১৫)। পরীক্ষা হবে অক্টোবর মাসে। কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় থাকবে— জেনারেল অ্যাওয়্যারনেস (২০ নম্বর), জেনারেল ইন্টেলিজেন্স (২০ নম্বর), নিউমেরিক্যাল এবিলিটি (১০ নম্বর) ও সংশ্লিষ্ট ট্রেড বিষয়ক (৫০ নম্বর) প্রশ্ন। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে— (১) ৭ মিনিটে ১,৬০০ মিটার দৌড়, (২) সাড়ে ১২ ফুট লং জাম্প এবং (৩) সাড়ে ৩ ফুট হাই জাম্প। ৩০ বছরের উর্ধ্বের প্রার্থীদের ক্ষেত্রে বয়স অনুসারে দৌড়ের সময়সীমা ও জাম্পের দৈর্ঘ্য নির্ধারিত হবে।

অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ssc. nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। আবেদনের শেষ তারিখ ২৯ জুলাই। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (জে পি জি ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) ও সই (জে পি জি ফর্ম্যাটে ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। ফি জমা দেওয়া যাবে অনলাইন-অফলাইন উভয় পদ্ধতিতেই। অনলাইনে ফি জমা দেওয়া যাবে নেট ব্যাঙ্কিং বা ভিসা বা মাস্টারকার্ড বা মায়েস্ত্রো বা রুপে ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা ভীম ইউ পি আই-এর মাধ্যমে। অফলাইনে ফি জমা দিতে হবে চালানের মাধ্যমে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার কোনও শাখায়। ৩০ জুলাই পর্যন্ত ফি জমা দেওয়া যাবে। তবে, অফলাইনের ক্ষেত্রে ২৯ জুলাইয়ের মধ্যে চালান ডাউনলোড করবেন। অনলাইনে ফি জমা দিয়ে ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। তফসিলি এবং প্রাক্তন সমরকর্মীদের ফি লাগবে না।

অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করার পর রেজিস্ট্রেশন নম্বর-সহ পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### স্টাফ সিলেকশনের মাধ্যমে
# কেন্দ্রীয় সরকারে হিন্দি অনুবাদক

জুনিয়র হিন্দি ট্রান্সলেটর, জুনিয়র ট্রান্সলেটর এবং সিনিয়র হিন্দি ট্রান্সলেটর নেবে কেন্দ্রীয় সরকার। 'জুনিয়র হিন্দি ট্রান্সলেটর, জুনিয়র ট্রান্সলেটর অ্যান্ড সিনিয়র হিন্দি ট্রান্সলেটর এক্সামিনেশন, ২০২২' পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। পরীক্ষা অক্টোবরে।

বয়স: ১-১-২০২২ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssc.nic.in দরখাস্তের শেষ তারিখ ৪ অগস্ট।

ফি বাবদ দিতে ১০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে অনলাইন-অফলাইন উভয় ভাবেই।

নিয়োগ ও আবেদনের খুঁটিনাটি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ডে ড্রাইভার

স্টাফ কার ড্রাইভার পদে ২৬ জনকে নেবে সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ড। এটি জল শক্তি মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। ২ বছরের প্রবেশন। প্রাথমিক ভাবে অস্থায়ী ভাবে নিয়োগ হলেও পরে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে।

ক্যাটেগরি অনুযায়ী শূন্যপদের বিন্যাস: সাধারণ ৯, তফসিলি জাতি ৬, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ৭। এর মধ্যে ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে বৈধ হেভি মোটর ভেহিকল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে এবং মোটর মেকানিজম বিষয়ে জ্ঞান থাকতে হবে। এর পাশাপাশি হিন্দি বা ইংরেজি ভাষায় লিখতে ও পড়তে জানতে হবে।

বয়স: ১৯-৮-২০২২ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: লেভেল-২ অনুযায়ী।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান একটি এ-ফোর মাপের কাগজে টাইপ করিয়ে নেবেন। দরখাস্তের নির্দিষ্ট স্থানে একটি রঙিন পাসপোর্ট মাপের ফটো সেঁটে দেবেন। দরখাস্তের সঙ্গে প্রার্থীর বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের প্রত্যয়িত নকল, কাস্ট, ও বি সি, আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, ড্রাইভিং লাইসেন্সের প্রত্যয়িত নকল, কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট পাঠাতে হবে।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত-ভরা খামের উপর লিখবেন APPLICATION FOR THE POST OF STAFF CAR DRIVER (ORDINARY GRADE). GROUP-'C' (MINISTERIAL, NON-GAZETTED). দরখাস্ত স্পিড পোস্ট বা রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে ১৯ অগস্টের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Regional director, Central Ground Water Board, Ministry of Jal Shakti, Department of Water Resources, River Development and Ganga Rejuvenation, Central Region, N.S. Building, Nagpur-440001

খুঁটিনাটি তথ্যের জন্য আগ্রহীরা দেখুন এই ওয়েবসাইট: http://cgwb.gov.in

দরখাস্তের বয়ান

**FORMAT OF APPLICATION**

Affix Recent Passport Size photo

| | | |
|---|---|---|
| 1. | Application for the Post | Staff Car Driver (Ordinary Grade) |
| 2. | Full Name (in Block Letters) | |
| 3. | Father's Name | |
| 4. | Date of Birth | |
| 5. | Sex | |
| 6. | Category (UR/OBC/SC/ST/ EWS/ExSM) | |
| 7. | Nationality | |
| 8. | Permanent Address | |
| 9. | Address for correspondence | |
| 10. | Educational and other Qualifications: **(i) Matriculation from a recognised Board; (ii) possess driving licence for Heavy Vehicle; (iii) three years experience of driving Heavy Vehicle (iv) knowledge of motor mechanism and (v) avllity to read and write Hindi or English language and numbers** | |
| 11. | Employment Exchange Registration No. Date and place of registration, if any. | |
| 12. | **Whether ready to serve anywhere in India (Yes /No)** | |
| 13. | List of enclosures (Self attested copies of all certificates should be enclosed. a. Educational qualification (Marks card of Matriculation) b. Driving Licence for Heavy Vehicle c. Experience Certificate of driving Heavy Vehicle d. Proof of Date of Birth e. Caste Certificate (if applicable) f. Employment registration card g. Any other details | |

**DECLARATION**

I do hereby declare that all the statement made in the application by me in this form are true, complete and correct to the best of my knowledge and belief. In the event of any information being found to be false or incorrect or ineligibility being detected at any stage, my candidature or appointment may be cancelled or terminated without notice.

Place: ________

Date: ________

Signature of Applicant

# পূর্ব বর্ধমানে স্টাফ নার্স

প্রথম পাতার পর

থাকতে হবে। বয়স: ১-১-২০২২ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বেতন: প্রতি মাসে ২৫,০০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhealth.gov.in আবেদনের শেষ তারিখ ২২ অগস্ট। ফি বাবদ অনলাইনে দিতে হবে ১০০ টাকা (সংরক্ষিত ক্যাটেগরির ক্ষেত্রে ৫০ টাকা)।

দরখাস্তের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# জিপমারে ১৩৭ নার্স ও টেকনিশিয়ান

নার্সিং অফিসার এবং এক্স-রে টেকনিশিয়ান পদে ১৩৭ জনকে নেবে পুদুচেরির জওহরলাল ইনস্টিটিউট অব পোস্ট-গ্র্যাজুয়েট মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ (জিপমার)। এটি কেন্দ্রের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: Admn-I/DR/1(2)/2022

শূন্যপদের বিবরণ: পোস্ট কোড ২১২০২২: নার্সিং অফিসার: ১২৮টি (সাধারণ ৬৫, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ১৩, ও বি সি ২৪, আর্থিক ভাবে অনগ্রসর ১৬)। মোট শূন্যপদের ৮০ শতাংশ মহিলা প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। এর মধ্যে ৮টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত হবে।

শিক্ষাগত যোগ্যতা: নার্সিংয়ে অনার্স-সহ বি এসসি বা বি এসসি বা বি এসসি (পোস্ট-সার্টিফিকেট) বা পোস্ট-বেসিক বি এসসি পাশ। অথবা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। এর পাশাপাশি নার্স বা মিডওয়াইফ হিসেবে স্টেট বা ইন্ডিয়ান নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে উপরোক্ত যোগ্যতার পাশাপাশি অন্তত ৫০ শয্যাবিশিষ্ট স্বাস্থ্য-প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতন: ৪৪,৯০০ টাকা।

**পোস্ট কোড ২২২০২২: এক্স-রে টেকনিশিয়ান (রেডিওথেরাপি):** ৩টি (তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: রেডিয়েশন টেকনোলজি বা রেডিওথেরাপি টেকনোলজিতে বি এসসি। এর পাশাপাশি কেন্দ্রীয় সরকারের অধীনস্থ অ্যাটমিক এনার্জি রেগুলেটরি বোর্ড থেকে ইন-হাইজেনিং অব রেডিয়েশন অ্যাপ্লিকেশন রেজিস্ট্রেশন থাকতে হবে এবং কোনও সংস্থায় রেডিওথেরাপি ইকুইপমেন্ট চালনার কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: ৩৫,৪০০ টাকা।

**পোস্ট কোড ২৩২০২২: এক্স-রে টেকনিশিয়ান (রেডিও-ডায়াগনসিস):** ৬টি (তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। শিক্ষাগত যোগ্যতা: রেডিওগ্রাফি বা মেডিক্যাল ইমেজিং টেকনোলজিতে বি এসসি, সঙ্গে কোনও স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী সংস্থা বা হাসপাতাল বা ইমেজিং সেন্টারে রেডিও-ডায়াগনসিস ইকুইপমেন্ট চালনার কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: ৩৫,৪০০ টাকা।

সব ক্ষেত্রেই ১১-৮-২০২২ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স থাকতে হবে।

তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধীরা নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে একটি কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। নার্সিং অফিসার পদের ক্ষেত্রে অতিরিক্ত স্কিল টেস্ট নেওয়া হবে। ৪০০ নম্বরের কম্পিউটারভিত্তিক পরীক্ষায় মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন থাকবে সংশ্লিষ্ট বিষয়, জেনারেল নলেজ, জেনারেল ইন্টেলিজেন্স, জেনারেল ইংলিশ ও জেনারেল অ্যাপটিটিউড বিষয়ে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.jipmer.edu.in দরখাস্তের শেষ তারিখ ১১ অগস্ট। দরখাস্তের সময় প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো (হালকা রঙের ব্যাকগ্রাউন্ডে তোলা, ১০ থেকে ৮০ কেবি সাইজের মধ্যে) ও সই (৮০ কেবি সাইজের মধ্যে), প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট, কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট স্ক্যান করে আপলোড করতে হবে। ফটো তোলার সময় একটি প্ল্যাকার্ডে প্রার্থীর নাম ও সেদিনের তারিখ লিখে প্ল্যাকার্ডটিকে সামনে ধরে ছবি তুলতে হবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১,৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ১,২০০ টাকা)। দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# সি এস আই আর-ইউ জি সি-র নেট পরীক্ষায় আবেদনের শেষ তারিখ ১০ অগস্ট

ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনের অধীন বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজে বিজ্ঞান শাখার লেকচারার এবং জুনিয়র রিসার্চ ফেলোশিপের যোগ্যতামান নির্ধারণের পরীক্ষা 'নেট'-এর দরখাস্ত নেওয়া হচ্ছে। প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। জাতীয় স্তরে পরীক্ষাটি নিচ্ছে ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এন টি এ)। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

**পরীক্ষা নেওয়া হবে এই সব বিষয়ে (ব্র্যাকেটে কোড নম্বর):** কেমিক্যাল সায়েন্সেস (৭০১), আর্থ, অ্যাটমস্ফেরিক, ওশন অ্যান্ড প্ল্যানেটারি সায়েন্সেস (৭০২), লাইফ সায়েন্সেস (৭০৩), ম্যাথমেটিক্যাল সায়েন্সেস (৭০৪) এবং ফিজিক্যাল সায়েন্সেস (৭০৫)।

**আবেদনের যোগ্যতা:** এম এসসি, বি এস (৪ বছরের) এবং বি ই, বি টেক, বি ফার্ম, এম বি বি এস, ইন্টিগ্রেটেড বি এস-এম এস বা সমতুল ডিগ্রিধারীরা মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর থাকলে আবেদন করতে পারেন। এই নম্বর নিয়ে বি এসসি (অনার্স) বা সমতুল ডিগ্রি পাশ করে ইন্টিগ্রেটেড এম এস-পি এইচ ডি কোর্সে নথিভুক্ত হয়ে থাকলেও আবেদন করতে পারেন। উভয় ক্ষেত্রেই তফসিলি, তৃতীয় লিঙ্গভুক্ত ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে আবেদন করতে পারবেন। সব ক্ষেত্রেই ব্যাচেলর ডিগ্রিধারীরা এই নেট পরীক্ষায় সফল হয়ে ২ বছরের মধ্যে পি এইচ ডি বা ইন্টিগ্রেটেড পি এইচ ডি কোর্সে নথিভুক্ত হলে তবেই ফেলোশিপ পাবেন। মনে রাখবেন, তাঁরা শুধু জুনিয়র রিসার্চ ফেলোশিপের জন্য নির্বাচিত হবেন। যাঁরা মাস্টার ডিগ্রির ফাইনাল পরীক্ষা দেবেন বা দিয়েছেন তাঁরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন।

পি এইচ ডি-ডিগ্রিধারী, যাঁদের মাস্টার্সের স্তরের পরীক্ষা ১৯ সেপ্টেম্বর, ১৯৯১ তারিখের আগে সম্পূর্ণ হয়েছে তাঁরা শিক্ষাগত যোগ্যতার শতাংশে হারে ৫ শতাংশ ছাড় পাবেন।

যাঁরা ফেলোশিপের জন্য এই পরীক্ষায় উত্তীর্ণ হবেন তাঁরা মাস্টার্সের বিভিন্ন বিষয় অথবা সমতুল কোনও বিষয়ে গবেষণা করতে পারেন। একইসঙ্গে তাঁরা অ্যাসিস্ট্যান্ট প্রফেসর হিসেবেও কাজ করার যোগ্যতা অর্জন করবেন।

বয়স: জুনিয়র রিসার্চ ফেলোশিপের জন্য বয়স ১-৭-২০২১ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গভুক্ত প্রার্থীরা ৫ বছর এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের জন্য বয়সের কোনও ঊর্ধ্বসীমা নেই।

একজন প্রার্থী একই সঙ্গে জুনিয়র রিসার্চ ফেলোশিপ (জে আর এফ) এবং লেকচারশিপের (এল এস) পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারেন। অধিক বয়সের জন্য জে আর এফ-এ যোগ্য বিবেচিত না হলে প্রার্থী স্বাভাবিক ভাবেই লেকচারশিপের জন্য পরীক্ষায় বসতে পারবেন।

**ফেলোশিপের পরিমাণ:** জুনিয়র রিসার্চ ফেলোর ক্ষেত্রে প্রতি মাসে ৩১,০০০ টাকা, সঙ্গে বইয়ের খরচ বাবদ প্রতি বছর দেওয়া হবে ২০,০০০ টাকা। সিনিয়র রিসার্চ ফেলোর ক্ষেত্রে প্রতি মাসে ৩৫,০০০ টাকা।

**পরীক্ষার ধরনধারণ:** তিন পার্টে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা হবে আলাদা আলাদা সেশনে, একই দিনে। সব পেপারেই অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। মোট নম্বর ২০০। পরীক্ষার মোট সময়সীমা ৩ ঘণ্টা। উভয় পেপারের পরীক্ষা নেওয়া হবে দুটি শিফটে। পরীক্ষার দিন ও শিফট জানা যাবে অ্যাডমিট কার্ড ডাউনলোডের সময়।

পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: আসানসোল (ডব্লু বি ০১), বর্ধমান (ডব্লু বি ০২), দুর্গাপুর (ডব্লু বি ০৪), হুগলি (ডব্লু বি ০৬), হাওড়া (ডব্লু বি ০৭), কল্যাণী (ডব্লু বি ০৮), শিলিগুড়ি (ডব্লু বি ১১) ও কলকাতা (ডব্লু বি ১০)।

**কীভাবে আবেদন করবেন:** অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://csirnet.nta.nic.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১০ অগস্ট। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণ করার সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে) ও সই (জে পি জি ফর্ম্যাটে ৪ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে), তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট (প্রতিটি ৫০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

পরীক্ষার ফি সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ১,০০০ টাকা, তফসিলি এবং তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে ২৫০ টাকা, ও বি সি প্রার্থীদের ক্ষেত্রে ৫০০ টাকা। দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড, ইউ পি আই অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করার পর কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে ১২০

প্রথম পাতার পর

বেতনক্রম: ৩৫,৮০০-৯২,১০০ টাকা।

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট গ্রেড-টু:** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: বি এসসি বা বি সি এ বা ইঞ্জিনিয়ারিংয়ের যে-কোনও শাখায় ডিপ্লোমা কোর্স পাশ। এম সি এ বা কম্পিউটার সায়েন্সে এম এসসি পাশ করে থাকলে, সংশ্লিষ্ট কাজে কোনও প্রতিষ্ঠানে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে, ওয়েব অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট, মোবাইল অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট, ডেটাবেস অ্যাডমিনিস্ট্রেশন, ওয়েব ডিজাইন অ্যান্ড জে এস ফ্রেমওয়ার্ক-সংক্রান্ত কাজে অভিজ্ঞতা থাকলে অথবা ডেটা সেন্টার, সার্ভার মেইন্টেন্যান্স, নেটওয়ার্ক সিকিউরিটি, নেটওয়ার্ক কনফিগারেশন, কম্পিউটার হার্ডওয়্যার, লাইব্রেরি অটোমেশন, সার্ভার অটোমেশন, নেটওয়ার্ক অটোমেশন টুল, পিরিওডিক্যাল ডেটা ব্যাক-আপ অ্যান্ড স্টোরেজ ম্যানেজমেন্ট-সংক্রান্ত কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বেতনক্রম: ৩৫,৮০০-৯২,১০০ টাকা।

**জুনিয়র অ্যাসিস্ট্যান্ট:** ৭৮টি (সাধারণ ৪১, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ৫, ও বি সি-এ ৮, ও বি সি-বি ৫, দৈহিক প্রতিবন্ধী ২)। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। স্নাতক ডিগ্রি থাকলে, কোনও প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকলে, ইংরেজি ভাষায় দক্ষতা থাকলে, লেটার ড্রাফটিং, ফিনান্স ও অ্যাকাউন্টিং-সংক্রান্ত কাজের বিষয়ে স্পষ্ট ধারণা থাকলে, ওয়ার্ড প্রসেসিং, স্প্রেড শিট, অ্যাকাউন্টিং সফটওয়্যারের বিষয়ে জ্ঞান থাকলে অগ্রাধিকার। বেতনক্রম: ২৭,৫০০-৭০,৮০০ টাকা।

**জুনিয়র পিওন:** ১৫টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৫, ও বি সি-এ ১, দৈহিক প্রতিবন্ধী ১)। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট। ইংরেজি লিখতে ও পড়তে পারলে, কোনও প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বেতনক্রম: ১৮,৫০০-৪৭,৮০০ টাকা।

বয়স: ৪-৮-২০২২ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন।

প্রাথমিক ভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের ইন্টারভিউয়ের মাধ্যমে নির্বাচিত করা হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://presiuniv.ac.in/web/university.staff দরখাস্তের শেষ তারিখ ৪ অগস্ট।

দরখাস্তের পদ্ধতি-সহ বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## খারাপ সময়ই লড়তে শেখায়, নিজের ঘাটতিগুলো চিনিয়ে দেয়



**ডঃ রেণু রাজানি**
*ভাইস প্রেসিডেন্ট (টেকনোলজি অ্যাপ্লিকেশন ম্যানেজমেন্ট সার্ভিসেস)*
*ব্যাঙ্ক অব আমেরিকা*
*প্রাক্তন ভাইস প্রেসিডেন্ট, জেপিমর্গ্যান*
*প্রাক্তন জেনারেল ম্যানেজার, আই বি এম*



যে-কোনও পরিস্থিতির জন্য নিজেকে তৈরি রাখা সফল কেরিয়ারের প্রথম ধাপ। কোভিড পরিস্থিতিতে খারাপ সময়ের মধ্য দিয়ে আমাদের বারবার যেতে হয়েছে। কেরিয়ারের চাপ কমবেশি সবাইকেই সামলাতে হয়েছে, পড়াশোনার ক্ষেত্রটাও খুবই ক্ষতিগ্রস্ত হয়েছে। এই যে মন্দ সময় এবং দ্রুত বদলের মধ্যেও দৃঢ় ভাবে টিকে থাকতে শিখলাম আমরা, এই শিক্ষাকেই কেরিয়ার তৈরিতে কাজে লাগাও। খারাপ সময়ই আমাদের সবচেয়ে বড় শিক্ষক। লড়তে শেখায়, নিজের ঘাটতিগুলো চিনিয়ে দেয়।

### লক্ষ্য স্থির রাখতে হবে

শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকাকালীন অনলাইনেই সবাই পরীক্ষা দিয়েছ। শিক্ষকের নজরদারি না থাকা সত্ত্বেও যারা সৎ ভাবে পরিশ্রম করে পড়েছ, পরীক্ষা দিয়েছ, তারা নিজেরাই নিজেদের ভিত শক্ত করে ফেলেছ। রেজাল্টে হয়তো সেরা নম্বর পাওনি কিন্তু যেটুকু পেয়েছ, সেটুকু খাঁটি। এই বিচার কিন্তু ইন্টারভিউ বোর্ডে হবেই। ইন্টারভিউয়ার তোমার নম্বর দেখে কাজ দেবেন না কখনওই। উপযুক্ত যোগ্যতা বিচার করে তবেই নেবেন। ফলে যারা কোনও কারণে স্কুল-কলেজ বন্ধ বলে ভালো ভাবে পড়োনি, তারা বাড়িতে নিজে নিজেই পড়ার বইগুলো খুঁটিয়ে পড়তে শুরু করো। যদি আশপাশে কারও গাইডেন্স না পাও, তাহলে রেফারেন্স হিসেবে ইন্টারনেটে যতটা পারো পড়ো। অনেক টিউটোরিয়াল ভিডিও থাকে, বিনামূল্যে দেখা যায়, সেগুলো দেখো। পরিশ্রম করলে নিশ্চয়ই শিখবে।

### ইন্টারভিউ নয়, আলোচনা!

ইন্টারভিউয়ারের সঙ্গে প্রশ্নোত্তর নয়, আলোচনায় যেতে চেষ্টা করো। নিজের কথা বলো, কাজের কথা জানতে চাও। কেউ তোমার সম্পর্কে জানতে চাইছে, আর তুমি তাকে স্বাভাবিক ভাবে জানাচ্ছ— এই ভাবে কথা বলো। কখনওই যেন মনে না হয়, তোমায় প্রশ্ন করা হয়েছে বলে নীরস উত্তর দিচ্ছ মাত্র। কোনও বিষয় না জানলে বা গুছিয়ে বলতে না পারলেই নার্ভাস হয়ে যেও না। সহজ ভাবে নিজের না পারাটা স্বীকার করে পরের প্রসঙ্গে চলে যাও। এখানেই তোমার স্পোর্টিং স্পিরিটের পরিচয় পাওয়া যাবে।

> নিজের ভুল, না পারা, ঘাটতিগুলোকে বাধা ভাবলেই অবসাদ আসবে। কাজে উৎসাহ হারাবে। অথচ শুধরে নিতে পারলেই আত্মবিশ্বাস তৈরি। কীভাবে শুধরোবে? সেই জায়গাটা এড়িয়ে না গিয়ে উলটে চর্চা করো। ধরো, বইয়ের কোনও একটা অধ্যায় ভালো করে না পড়ে পরীক্ষা দিতে গেছ। তোমার মনের মধ্যে একটা ভয় থাকবেই। এই ভয়ই তোমাকে কমজোরি করে দেবে। এবার পরবর্তী সময়ে যদি ওইটুকুই তুমি ভালো করে পড়ে ফেলো, মনের জোর দ্বিগুণ হয়ে যাবে। এর প্রভাব সম্পূর্ণ মূল্যায়নেই পড়বে। তাই নিজেকে ফাঁকি দিও না। ওই ফাঁকটুকুই সমস্যা ডেকে আনবে। নিজের কাছে নিজে সৎ থাকো।

### ভুল শুধরে নাও

নিজের ভুল, না পারা, ঘাটতিগুলোকে বাধা ভাবলেই অবসাদ আসবে। কাজে উৎসাহ হারাবে। অথচ শুধরে নিতে পারলেই আত্মবিশ্বাস তৈরি। কীভাবে শুধরোবে? সেই জায়গাটা এড়িয়ে না গিয়ে উলটে চর্চা করো। ধরো, বইয়ের কোনও একটা অধ্যায় ভালো করে না পড়ে পরীক্ষা দিতে গেছ। তোমার মনের মধ্যে একটা ভয় থাকবেই। এই ভয়ই তোমাকে কমজোরি করে দেবে। এবার পরবর্তী সময়ে যদি ওইটুকুই তুমি ভালো করে পড়ে ফেলো, মনের জোর দ্বিগুণ হয়ে যাবে। এর প্রভাব সম্পূর্ণ মূল্যায়নেই পড়বে। তাই নিজেকে ফাঁকি দিও না। ওই ফাঁকটুকুই সমস্যা ডেকে আনবে। নিজের কাছে নিজে সৎ থাকো।

ইন্টারভিউ বোর্ডে ভালো ফল করার জন্য সাম্প্রতিক বিষয়ে ওয়াকিবহাল থাকা দরকার। স্থানীয় থেকে আন্তর্জাতিক স্তরে কোথায় কী ঘটছে, তার খবর রাখতে হবে নিয়মিত। যুদ্ধ, রাজনীতি থেকে বিজ্ঞানের নতুন আবিষ্কার— সব বিষয়ে যত জানবে তত সাবলীল ভাবে কথা বলার দক্ষতা তৈরি হবে। যে-কাজের ইন্টারভিউই হোক না কেন, এই ছোট ছোট দিকগুলো যত ভালো ভাবে রপ্ত করবে ততই ভালো ফল পাবে।

## কী পড়বেন, কোথায় পড়বেন

### ন্যাশনাল পাওয়ার ট্রেনিং ইনস্টিটিউটে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ও ডিপ্লোমা কোর্স

পাওয়ার প্ল্যান্ট ইঞ্জিনিয়ারিং, ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেমের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা, পোস্ট-ডিপ্লোমা এবং গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি নিচ্ছে ন্যাশনাল পাওয়ার ট্রেনিং ইনস্টিটিউট। এটি কেন্দ্রের শক্তি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। কোর্সগুলি করানো হবে প্রতিষ্ঠানের নাগপুর ক্যাম্পাসে। কোর্স শুরু হবে সেপ্টেম্বরে।

**আসনসংখ্যা:** কোর্স প্রতি ৬০টি। সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত হবে। মোট আসনসংখ্যার মধ্যে ২৫ শতাংশ আসন স্পনসর্ড প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন পাওয়ার প্ল্যান্ট ইঞ্জিনিয়ারিং এবং গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ারিং কোর্স ইন পাওয়ার প্ল্যান্ট ইঞ্জিনিয়ারিং কোর্সের ক্ষেত্রে মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা কন্ট্রোল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা পাওয়ার ইঞ্জিনিয়ারিং বা সমতুল শাখায় বি ই বা বি টেক। পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স ইন ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম কোর্সের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল বা পাওয়ার ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিং বা সমতুল শাখায় বি ই বা বি টেক।

পোস্ট-ডিপ্লোমা কোর্স ইন পাওয়ার প্ল্যান্ট ইঞ্জিনিয়ারিং কোর্সের ক্ষেত্রে মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স।

**কোর্স ফি:** পাওয়ার প্ল্যান্ট ইঞ্জিনিয়ারিংয়ে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা এবং গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ারিং কোর্সের ক্ষেত্রে ২,৩০,০০০ টাকা। বাকি দু'টি কোর্সের ক্ষেত্রে ১,৪৫,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.npti.gov.in অনলাইন আবেদনের শেষ তারিখ ১৬ অগস্ট। ফি বাবদ অনলাইনে দিতে হবে ৫০০ টাকা (জি এস টি-সহ)। ফি জমা দেওয়া যাবে ইউ পি আই, আই এম পি এস, এন ই এফ টি এবং আর টি জি এস প্রক্রিয়ার মাধ্যমে।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### মাস কমিউনিকেশনের বি ভোক কোর্স



মাস কমিউনিকেশনের বি ভোক কোর্সে ভর্তি নিচ্ছে কল্যাণী বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ তিন বছর।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক।

**কোর্স ফি:** ৪,২৬০ টাকা।

উচ্চমাধ্যমিকে প্রাপ্ত স্কোরের ভিত্তিতে প্রার্থীদের প্রাথমিকভাবে বাছাই করা হবে। নির্বাচিত প্রার্থীদের ইন্টারভিউয়ে (অনলাইন বা অফলাইন বা টেলিফোন-মাধ্যমে) ডাকা হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://klyuniv.ac.in আবেদনের শেষ তারিখ ১৭ অগস্ট।

### কল্যাণী বিশ্ববিদ্যালয়ে এম বি এ কোর্স

মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন কোর্সে ভর্তি নিচ্ছে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বিভাগ। স্পেশ্যালাইজেশন করা যাবে এই সব বিষয়ে: মার্কেটিং, ফিনান্স, হিউম্যান রিসোর্স এবং ইনফর্মেশন টেকনোলজি। এই কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি নম্বর 01/2022.

**আসনসংখ্যা:** ৫১টি (সাধারণ ২৯, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৩, ও বি সি-এ ৫, ও বি সি-বি ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক। সেই সঙ্গে ক্যাট, ম্যাট, সিম্যাট বা ডব্লু বি জে ই ম্যাট পরীক্ষায় বৈধ স্কোর করে থাকতে হবে। **কোর্স ফি:** বছর প্রতি ৩৫,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে পরীক্ষায় প্রাপ্ত স্কোর, গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। গ্রুপ ডিসকাশন এবং ইন্টারভিউ ২৪ ও ২৫ অগস্ট।

আবেদন করতে হবে অনলাইনে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.klyuniv.ac.in আবেদনের শেষ তারিখ ১০ অগস্ট। ফি বাবদ অনলাইনে দিতে হবে ৪০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২০০ টাকা এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৬০ টাকা)।

আবেদনের পদ্ধতি-সহ বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## স্কলারশিপের খোঁজখবর

### কিপ ইন্ডিয়া স্মাইলিং ফাউন্ডেশনাল স্কলারশিপ প্রোগ্রাম ফর স্পোর্টস পারসনস

দক্ষ খেলোয়াড়দের প্রশিক্ষণের জন্য স্কলারশিপ দিচ্ছে কোলগেট-পামোলিভ (ইন্ডিয়া) লিমিটেড।

**আবেদনের যোগ্যতা:** জেলা বা রাজ্য বা জাতীয় স্তরের প্রতিযোগিতায় নিজের দলের হয়ে প্রতিনিধিত্ব করে থাকতে হবে। পাশাপাশি, জেলাস্তরে ১০, রাজ্য স্তরে ১০০ বা জাতীয় স্তরে ৫০০-র মধ্যে র‍্যাঙ্ক করে থাকতে হবে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৫ লাখ টাকার নীচে।

**স্কলারশিপের পরিমাণ:** বছর প্রতি ৭৫,০০০ টাকা। স্কলারশিপের মেয়াদ সর্বাধিক ৩ বছর।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/CSP2 আবেদন করা যাবে ৩১ অগস্ট পর্যন্ত।

### দ্য রোডস স্কলারশিপস ফর ইন্ডিয়া

অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর স্তরে পড়তে আগ্রহী মেধাবী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে রোডস ট্রাস্ট। স্কলারশিপ বাবদ পড়াশোনার খরচ বহন করবে সংশ্লিষ্ট ট্রাস্ট।

**আবেদনের যোগ্যতা:** স্নাতক। বয়স অন্তত ১৮ বছরের হতে হবে। ইংরেজি ভাষায় দক্ষ হতে হবে।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.b4s.in/karma/TRS2 আবেদনের শেষ তারিখ ১ অগস্ট।

### এস ও এফ গার্ল চাইল্ড স্কলারশিপ স্কিম ২০২২-২৩

প্রথম থেকে দশম শ্রেণিতে পাঠরত আর্থিকভাবে অনগ্রসর ছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে সায়েন্স অলিম্পিয়াড ফাউন্ডেশন।

**আবেদনের যোগ্যতা:** শেষ দেওয়া পরীক্ষায় অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। মাসিক পারিবারিক হতে হবে ১৫,০০০ টাকার নীচে।

**স্কলারশিপের পরিমাণ:** বছরে সর্বাধিক ৫,০০০ টাকা।

অফলাইন আবেদন করতে হবে। বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন এই ওয়েবসাইট: www.b4s.in/karma/GCS9

৩১ ডিসেম্বরের মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: Science Olympiad Foundation (SOF) 1st Floor, Plot no. 99, Sector- 44, Gurugram (Haryana) India, Pin Code-122 003.

*(তথ্য সহায়তা: buddy4study)*

# পাওয়ার গ্রিড কর্পোরেশনে অ্যাপ্রেন্টিস

৭১ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে পাওয়ার গ্রিড কর্পোরেশন অব ইন্ডিয়ার পূর্বাঞ্চল রিজিয়ন। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ১ বছরের প্রশিক্ষণ দেওয়া হবে পশ্চিমবঙ্গ এবং সিকিমে। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: Apprenticeship/2022-23/ER-II/01.

ইঞ্জিনিয়ারিং শাখা অনুসারে আসনসংখ্যার বিন্যাস: পশ্চিমবঙ্গ: ইলেক্ট্রিক্যাল: গ্র্যাজুয়েট: ১৫টি, ডিপ্লোমা: ২০টি, আই টি আই: ১০টি। সিভিল: গ্র্যাজুয়েট: ৩টি, ডিপ্লোমা: ৮টি। ইলেক্ট্রনিক্স/টেলিকমিউনিকেশন: গ্র্যাজুয়েট: ২টি। কম্পিউটার সায়েন্স: গ্র্যাজুয়েট: ২টি। হিউম্যান রিসোর্স এক্সিকিউটিভ: ২টি, কর্পোরেট সোশ্যাল রেসপন্সিবিলিটিজ এক্সিকিউটিভ: ২টি।

সিকিম: ইলেক্ট্রিক্যাল: ডিপ্লোমা: ২টি, গ্র্যাজুয়েট: ২টি। সিভিল: ডিপ্লোমা: ২টি, গ্র্যাজুয়েট: ২টি।

শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েটদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক বা বি এসসি ইঞ্জিনিয়ারিং পাশ। ডিপ্লোমা প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা, আই টি আইয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ। হিউম্যান রিসোর্স এক্সিকিউটিভের ক্ষেত্রে হিউম্যান রিসোর্সে এম বি এ অথবা পার্সোনেল ম্যানেজমেন্ট বা পার্সোনেল ম্যানেজমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিলেশনে স্নাতকোত্তর ডিপ্লোমা। কর্পোরেট সোশ্যাল রেসপন্সিবিলিটিজ এক্সিকিউটিভের ক্ষেত্রে সোশ্যাল ওয়ার্ক অথবা রুর‍্যাল ডেভেলপমেন্ট বা ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিগ্রি।

স্টাইপেন্ড: প্রতি মাসে ডিপ্লোমা পাশ প্রার্থীদের ক্ষেত্রে ১২,০০০ টাকা, আই টি আই পাশ প্রার্থীদের ক্ষেত্রে ১১,০০০ টাকা এবং অন্যান্য প্রার্থীদের ক্ষেত্রে ১৫,০০০ টাকা।

৩১-৭-২০২২ তারিখ অনুসারে ২ বছর আগে যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষায় পাশ করে থাকলে আবেদন করবেন না। এছাড়া এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে আবেদন করবেন না।

প্রার্থীকে প্রথমে অ্যাপ্রেন্টিস হিসেবে রেজিস্ট্রেশন করতে হবে ইঞ্জিনিয়ারিং শাখার ক্ষেত্রে এই ওয়েবসাইটে: https://portal.mhrdnats.gov.in এবং আই টি আই-সহ বাকি সব শাখার ক্ষেত্রে এই ওয়েবসাইটে: https://apprenticeshipindia.gov.in

এরপর অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: to www.powergrid.in আবেদনের শেষ তারিখ ৩১ জুলাই।

আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কলকাতা বিশ্ববিদ্যালয়ে ১৬৮০ আসনে আইনের স্নাতক কোর্স

পাঁচ বছর মেয়াদের বি এ এল এল বি কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়। কোর্স শুরু হবে সেপ্টেম্বরে।

প্রতিষ্ঠান অনুসারে আসনসংখ্যা: আইন বিভাগ, কলকাতা বিশ্ববিদ্যালয়, হাজরা ক্যাম্পাস: ১২০টি। সুরেন্দ্রনাথ ল কলেজ: ১৮০টি। যোগেশ চন্দ্র চৌধুরি ল কলেজ: ১২০টি। সাউথ ক্যালকাটা ল কলেজ: ১২০টি। বিকাশ ভারতী ল কলেজ (সেল্ফ-ফিনান্সড): ১২০টি। রবীন্দ্র শিক্ষা সম্মিলনী ল কলেজ (সেল্ফ-ফিনান্সড): ১২০টি। জ্যোতির্ময় স্কুল অব ল (সেল্ফ-ফিনান্সড): ১২০টি। শ্যামবাজার ল কলেজ (সেল্ফ-ফিনান্সড): ১২০টি। জর্জ স্কুল অব ল (সেল্ফ-ফিনান্সড): ১২০টি। সুরেশ্বর দত্ত ল কলেজ (সেল্ফ-ফিনান্সড): ১২০টি। হেরিটেজ ল কলেজ (সেল্ফ-ফিনান্সড): ১২০টি। কলকাতা পুলিশ ল ইনস্টিটিউট (সেল্ফ-ফিনান্সড): ৬০টি। এল জে ডি ল কলেজ (সেল্ফ-ফিনান্সড): ২৪০টি।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল।

বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

সরকারি নিয়মানুসারে তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত হবে।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে। মেধাতালিকা প্রকাশিত হবে ১২ অগস্ট, এই ওয়েবসাইটে: www.caluniv.ac.in

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.caluniv.ac.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ৮ অগস্ট। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা ফটো (৫০ কেবি সাইজের মধ্যে), সই (৩০ কেবি সাইজের মধ্যে), উচ্চমাধ্যমিকের মার্কশিটের স্বপ্রত্যয়িত নকল (২০০ কেবি সাইজের মধ্যে), কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (২০০ কেবি সাইজের মধ্যে), দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (২০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। আবেদনের সময় পাওয়া অ্যাপ্লিকেশন ফর্ম নম্বর এবং পাসওয়ার্ড টুকে রাখবেন। পরে কাজে লাগবে।

অনলাইনে আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইটগুলি। যোগাযোগ করুন এই হেল্প লাইন নম্বরগুলিতে: ৯৩৩০৩-৬৪৯৬৩, ৯৮৩১৩-৯০৮১৯।

# গান্ধীনগরের ফ্যাশন টেকনোলজিতে চাকরি

১৯ জন অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ও ল্যাব অ্যাসিস্ট্যান্ট নেবে গান্ধীনগরের ন্যাশনাল ইনস্টিটিউট অব ফ্যাশন টেকনোলজি। এটি কেন্দ্রের বস্ত্র মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রার্থীদের নিয়োগ করা হবে প্রতিষ্ঠানের গান্ধীনগর ও সুরাট শাখায়।

**শূন্যপদের বিন্যাস: জুনিয়র অ্যাসিস্ট্যান্ট:** ৮টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

**ল্যাব অ্যাসিস্ট্যান্ট:** ৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ২)।

**অ্যাসিস্ট্যান্ট (অ্যাকাউন্টস):** ৩টি (সাধারণ ২, ও বি সি ১)।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://nift.ac.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৩ অগস্ট।

শিক্ষাগত যোগ্যতা, প্রার্থী বাছাই প্রক্রিয়া ও আবেদনের পদ্ধতি-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নৌবাহিনীতে ২০০ অগ্নিবীর

## স্টুয়ার্ড, শেফ, হাইজিনিস্ট

ট্রেনিং দিয়ে ২০০ জন অগ্নিবীর নিয়োগ করবে ভারতীয় নৌবাহিনী। 'ম্যাট্রিক রিক্রুটস' ক্যাটেগরিতে স্টুয়ার্ড, শেফ ও হাইজিনিস্ট পদে প্রার্থীদের নিয়োগ করা হবে ৪ বছরের জন্য। ১/২০২২ ব্যাচে ট্রেনিং শুরু হবে ২০২২-এর ডিসেম্বর মাসে। শুধুমাত্র অবিবাহিত তরুণ-তরুণীরা আবেদন করবেন।

**শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত শিক্ষাপ্রতিষ্ঠান থেকে মাধ্যমিক বা সমতুল। শেফের ক্ষেত্রে মেনু অনুসারে আমিষ ও নিরামিষ খাবার প্রস্তুত করা ও রেশনের হিসাব রাখার কাজ করতে হবে। স্টুয়ার্ডের ক্ষেত্রে ওয়েটার ও হাউসকিপিং স্টাফ হিসেবে অফিসার্স মেসে খাবার সরবরাহ করতে হবে। হিসাবপত্র রাখা, খাবারের মেনু তৈরি ও গুদামের হিসেবও রাখতে হবে। হাইজিনিস্টের ক্ষেত্রে টয়লেট পরিষ্কার-সহ সাফাইওয়ালার কাজ করতে হবে।

**জন্মতারিখ:** ১-১২-১৯৯৯ থেকে ৩১-৫-২০০৫-এর মধ্যে হতে হবে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা: তরুণদের ক্ষেত্রে ১৫৭ সেমি এবং তরুণীদের ক্ষেত্রে ১৫২ সেমি। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে। দৃষ্টিশক্তি: চশমা ছাড়া ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/৯, চশমা-সহ উভয় চোখে ৬/৬।

ট্রেনিং শুরু হবে আই এন এস চিলিকায়।

বেতন: প্রথম বছরে প্রতি মাসে ৩০,০০০ টাকা, দ্বিতীয় বছরে প্রতি মাসে ৩৩,০০০ টাকা, তৃতীয় বছরে প্রতি মাসে ৩৬,৫০০ টাকা এবং চতুর্থ বছরে প্রতি মাসে ৪০,০০০ টাকা।

চার বছরের মেয়াদ শেষে সংশ্লিষ্ট ব্যাচের ২৫ শতাংশ অগ্নিবীর নৌবাহিনীতে স্থায়ী চাকরির ক্ষেত্রে সংরক্ষণ পাবেন। বাকি ৭৫ শতাংশ অগ্নিবীর অবসরের পর যাতে বিকল্প জীবিকা খুঁজে নিতে পারেন, সে জন্য আর্থিক অঙ্কে বিশেষ 'সেবা নিধি' প্যাকেজ দেওয়া হবে। তবে কোনও পেনশন, গ্র্যাচুইটি বা প্রাক্তন সমরকর্মীর প্রাপ্য সুযোগ-সুবিধা তাঁরা পাবেন না।

মাধ্যমিকে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রাথমিক ভাবে প্রার্থীদের বাছাই করা হবে। নির্বাচিত প্রার্থীদের লিখিত পরীক্ষা ও দৈহিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হবে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৬ মিনিট ৩০ সেকেন্ডে (মহিলাদের ক্ষেত্রে ৮ মিনিটে) ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট (মহিলাদের ক্ষেত্রে ১৫টি), পুরুষদের ক্ষেত্রে ১২টি পুশ-আপ এবং মহিলাদের ক্ষেত্রে ১০টি সিট-আপ।

অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদন করা যাবে ২৫ জুলাই থেকে ৩০ জুলাই পর্যন্ত। যথাযথ ভাবে অনলাইন দরখাস্ত পূরণ করে 'Submit' করুন। সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য খুঁটিনাটি তথ্য জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


Dayananda Sagar Institutions
Bengaluru



India's pride: Bengaluru, and Dayananda Sagar Institutions (DSI) the city's top education campus beckons you to start your academic journey

DSI Colleges enjoy:
•Top NAAC Ratings and NIRF Rankings • Strong placement records • Majority of the UG programs are NBA accredited • Ranked as best Industry Connected Institutions in the CII-AICTE survey with Platinum Grading • Highest Four Star Rating in IIRF Grading for Innovations • Industry supported labs and training

Programs :
Engineering : Diploma/BE/MTech/ PhD
Architecture : BArch/ MArch – Interior Design
Science / Commerce / Management :
BBA/MBA, BCom/MCom, BCA/MCA, BSc-PCM
Management : PGDM-AICTE
Dentistry : BDS/MDS (NEET scores & KEA Registration essential)
PUC : Commerce/Science
Diploma : Para Medical Sciences

Need more reasons to pick your academic journey?
Visit: www.dayanandasagar.edu

Dayananda Sagar Institutions

Shavige Malleshwara Hills,
Kumara Swamy Layout,
Bengaluru – 560111
www.dayanandasagar.edu
Ph: 080 - 48811000, 080-42161750
Mobile : 9916075170
Email : admissions@dayanandasagar.edu

Kanakapura Main Road,
Opp. Sri Sri Ravishankar Ashram / Art of Living,
Bangalore - 560 082 - India
Ph: +91 80 2843 2777 / 2843 2999
Mobile : 8792909134 / 8951890085 / 8951890084 / 8050194852 Fax : +91 80 2843 2909
admission@dsatm.edu.in <principal@dsba.edu.in>
www.dsatm.edu.in www.dsba.edu.in



BITS Pilani
Dubai Campus

innovate achieve lead



Creating Innovators of Tomorrow

UPTO 75% MERITORIOUS SCHOLARSHIPS AWARDED
INTERNSHIP OF 75 MONTHS WITHIN PROGRAMME DURATION
RATED 5 STAR BY KHDA, DUBAI IN PARTNERSHIP WITH QS (2022)
SUCCESSFUL PLACEMENT OF 5500+ ALUMNI IN GLOBALLY REPUTED COMPANIES
FACILITATED 45+ START-UPS IN LAST 5 YEARS ENCOURAGING INNOVATION & ENTREPRENEURSHIP

BITS Pilani, Dubai Campus is the only international branch campus of the reputed Birla Institute of Technology & Science, Pilani - India, established in 2000. With an illustrious legacy, modern campus and alumni in leading positions globally, BITS Pilani, Dubai is the institute of choice for top students aspiring for quality engineering education combined with international exposure.

PROGRAMMES OFFERED:
✓ B.E. Biotechnology
✓ B.E. Chemical Engineering
✓ B.E. Civil Engineering
✓ B.E. Computer Science
✓ B.E. Electrical and Electronics Engineering
✓ B.E. Electronics and Communication Engineering
✓ B.E. Mechanical Engineering
✓ M.E. Design Engineering
✓ M.E. Software Systems
✓ M.E. Microelectronics
✓ M.E. Electrical *with specialization in Power Electronics & Drives*
✓ M.B.A. (Master of Business Administration)
✓ Ph.D. in Engineering & Allied Disciplines

MINORS OFFERED:
Data Science | Aeronautics | Finance | Robotics & Automation | Entrepreneurship & more

· One of the safest study destinations close to India · B.E. admissions based on grade 12 aggregate · Student Visa and Hostel Stay facilitated by the institute · Modular & Flexible curriculum based on students interests

Applications Open for Sept 2022
Apply Now: https://www.bits-dubai.ac.ae/admissions/ OR Scan
For more details contact: +91 92 94 94 1919
E: admission@bitspilanidubai.ae | Dubai: +9714 2753700 / 2753711

## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# কলকাতা পুলিশে কনস্টেবল

### নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. ওয়েলডিং-এর জন্য কোন গ্যাস ব্যবহার করা হয়?
(a) মিথেন (b) ইথিলিন (c) অ্যাসিটিলিন (d) ইথেন
2. 'বমডিলা পাস' ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) মণিপুর (b) অরুণাচল প্রদেশ (c) ঝাড়খণ্ড (d) তামিলনাড়ু
3. একটি সাইকেল বিক্রি করে $12\frac{1}{2}$% ক্ষতি হলে ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের অনুপাত কত?
(a) 25 : 2 (b) 2 : 25 (c) 8 : 7 (d) 7 : 8
4. 110 মিটার লম্বা একটি ট্রেন 72 কিমি/ঘণ্টায় একটি 132 মিটার লম্বা ব্রিজ কত সময়ে অতিক্রম করবে?
(a) 9.8 সেকেন্ড (b) 12.1 সেকেন্ড (c) 12.42 সেকেন্ড (d) 14.3 সেকেন্ড
5. গ.সা.গু. নির্ণয় করুন: $\frac{3}{5}$, 0.36, 0.24
(a) 0.04 (b) 2 (c) 0.4 (d) 0.12
6. রাজ্যসভার সদস্য/সদস্যা হিসাবে সর্বপ্রথম ভারতীয় প্রধানমন্ত্রী নির্বাচিত হন:
(a) মনমোহন সিং (b) চন্দ্রশেখর (c) দেবগৌড়া (d) ইন্দিরা গান্ধী
7. প্রশ্ন চিহ্নিত স্থানে কী বসবে?




(a) 10 (b) 15 (c) 20 (d) 25
8.




(a) 35 (b) 37 (c) 45 (d) 47
9. যদি E = 5 হয়, PEN = 35 হয়, তবে PAGE শব্দটি হবে?
(a) 28 (b) 29 (c) 36 (d) 39
10. কোন কেন্দ্রীয় শাসিত অঞ্চলে (Union territory) একমাত্র নিজস্ব উচ্চ বিচারালয় আছে?
(a) আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ (b) দমন ও দিউ (c) দিল্লি (d) লাক্ষাদ্বীপ
11. ভারতের উচ্চতম মালভূমি হল:
(a) টিবেট (b) পামীর (c) লাদাখ (d) পীরপঞ্জাল
12. তিন ব্যক্তির বয়সের সমষ্টি 171 বছর। 8 বছর পূর্বে তাদের বয়সের অনুপাত ছিল 8 : 7 : 6। তাদের প্রত্যেকের বর্তমান বয়স কত?
(a) 68, 67, 35 (b) 64, 57, 50 (c) 55, 40, 47 (d) 75, 82, 90
13. কলকাতা মাদ্রাসার প্রতিষ্ঠাতা কে?
(a) লর্ড কর্ণওয়ালিস (b) ওয়ারেন হেস্টিংস (c) রাজা রাধাকান্ত দেব (d) রাজা রামমোহন রায়
14. তালিকোটার যুদ্ধ কত খ্রিস্টাব্দে সংঘটিত হয়?
(a) 1565 AD (b) 1192 AD (c) 1191 AD (d) 1526 AD
15. কোনও সংখ্যার 75% এর সঙ্গে যদি 75 যোগ করা হয় তবে সংখ্যাটি পুনরায় ফিরে আসে। সংখ্যাটি কত?
(a) 300 (b) 275 (c) 400 (d) 500
16. P এবং Q একটি ব্যবসাতে 3 : 2 অনুপাতে মূলধন বিনিয়োগ করে। মোট লাভের 10% বৃদ্ধাশ্রমে দানের পর বাকি লাভের 5400 টাকা P লভ্যাংশ হিসাবে পায়। মোট লাভ কত টাকা?
(a) 9500 (b) 10000 (c) 11000 (d) 11500
17. A45 ; C54 : P89 : R98 : J72 : ?
(a) 271 (b) 127 (c) 172 (d) 721
18. ভারতীয় উচ্চাঙ্গ সংগীতে 'খেয়াল'-এর উদ্ভাবক কে?
(a) তানসেন (b) আমীর খসরু (c) কবীর (d) ওঙ্কারনাথ
19. আরোগ্য নিকেতন-এর রচয়িতা?
(a) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় (b) কালিদাস নাগ (c) গোকুল নাগ (d) সুবোধ ঘোষ
20. 1921 সালে মোপলা বিদ্রোহ শুরু হয়:
(a) আসামে (b) কেরলে (c) পাঞ্জাবে (d) বাংলায়
21. লুপ্ত শব্দ খুঁজে বের করুন:
সিরিয়া : দামাসকাস : : স্পেন : ?
(a) মাদ্রিদ (b) লিসবন (c) নাইরোবি (d) বার্ন
22. একটি বালক প্রতি মাসে তার আগের মাসের থেকে 50% বেশি টাকা জমায়। যদি পরপর দু'মাসে তার মোট জমার পরিমাণ 80 টাকা হয়, তবে প্রথম মাসে তার জমার পরিমাণ কত?
(a) 24 টাকা (b) 32 টাকা (c) 34 টাকা (d) 36 টাকা
23. জাতীয় এডস গবেষণা কেন্দ্রটি কোথায় অবস্থিত?
(a) নতুন দিল্লি (b) বারাণসী (c) পাটনা (d) পুণে
24. একজন অসৎ ব্যবসায়ী 10% ক্ষতিতে একটি দ্রব্য বিক্রয় করে কিন্তু দ্রব্যটি পরিমাপের সময় 1 কিলোগ্রামের পরিবর্তে 900 গ্রাম দেয়। এর ফলে ওই ব্যবসায়ী শতকরা কত লাভ বা ক্ষতি হবে?
(a) 5% ক্ষতি (b) 4% লাভ (c) $4\frac{4}{9}$% লাভ (d) $4\frac{5}{9}$% ক্ষতি
25. A-এর $87\frac{1}{2}$% = B এর $41\frac{2}{3}$% হলে, A : B = কত?
(a) 2 : 3 (b) 6 : 5 (c) 5 : 6 (d) 10 : 21
26. A ও B এর বয়সের গড় 9 বছর এবং B ও C-এর বয়সের গড় 4 বছর। A ও C এর বয়সের পার্থক্য কত?
(a) 8 (b) 9 (c) 10 (d) 12
27. RECRUITMENT শব্দটির কতগুলি অক্ষর একাধিকবার ব্যবহৃত হয়েছে?
(a) 1 (b) 2 (c) 3 (d) 4
28. শহিদ দিবস কবে পালন করা হয়?
(a) 25 জানুয়ারি (b) 30 জানুয়ারি (c) 15 জানুয়ারি (d) 12 জানুয়ারি
29. কোন রাজ্যে সুলতানপুর পাখি অভয়ারণ্যটি অবস্থিত?
(a) হরিয়ানা (b) উত্তরপ্রদেশ (c) গুজরাট (d) আসাম
30. খাইবার পাস কোথায় অবস্থিত?
(a) ভারত (b) নেপাল (c) পাকিস্তান (d) বাংলাদেশ
31. টিনটিনের কমিক্সগুলি বাংলায় কে অনুবাদ করেন?
(a) নারায়ণ দেবনাথ (b) নীরেন্দ্রনাথ চক্রবর্তী (c) সুকুমার রায় (d) এঁদের কেউই নয়
32. কোন রাসায়নিক পদার্থের অপর নাম 'Quick Silver'?
(a) বেনজিন (b) পারদ (c) তামা (d) রুপো
33. কোন বছর ভারতের অ্যাটমিক এনার্জি কমিশন স্থাপিত হয়?
(a) অগস্ট 1947 (b) অগস্ট 1948 (c) অগস্ট 1449 (d) অগস্ট 1950

*এরপর এগারোর পাতায়*

# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

**Direction (1 to 5):** *Choose the correct alternative out of the four as your answer.*
1. He slipped ____ the train.
(a) of (b) off (c) from (d) through
2. How did these things come ____?
(a) into (b) at (c) about (d) down
3. The cricket was lazy ____ the ant was busy.
(a) but (b) yet (c) and (d) so
4. Nadira _____ little difficulty in finding a job after her graduation.
(a) managed (b) suffered (c) feigned (d) faced
5. The children suddenly stopped _____ when they saw Grandpa coming in.
(a) argue (b) argued (c) arguing (d) to argue
**Direction (6 to 10):** *Choose the alternative which best expresses the meaning of the Idiom/Phrase.*
6. A little gush of gratitude
(a) Gradual recovery (b) Friendly feeling (c) Excessive labour (d) Excessive enthusiasm
7. To lose ground
(a) to become less powerful (b) to become loss popular (c) to loss foundation (d) to be without a leader
8. To make both ends meet
(a) to buy costly articles (b) to live a luxurious life (c) to live within one's income (d) to please all people
9. To fall back on
(a) to oppose something important (b) to suffer an injury on the back in an accident (c) to fail to do something important in time (d) to seek support out of necessity
10. To make one's blood boil
(a) to make somebody furious (b) to develop fever (c) to get excited (d) to make someone nervous
**Direction (11 to 15):** *Choose the one which can be substituted for the given words/sentence.*
11. The process of deciding the nature of a disease by examination.
(a) Test (b) Perusal (c) Diagnosis (d) Operation
12. That which cannot be easily read.
(a) Incomprehensible (b) Unreadable (c) Unintelligible (d) Illegible
13. One who finds nothing good in anything
(a) Critic (b) Satirist (c) Cynic (d) Slanderer
14. A person who pretends to be what he is not
(a) Prompter (b) Imposter (c) Diviner (d) Explorer
15. In a threatening manner

*এরপর চোদ্দোর পাতায়*

# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. HIV/AIDS ভাইরাস হল:
(a) DNA ভাইরাস (b) RNA ভাইরাস (c) DNA অথবা RNA ভাইরাস (d) DNA এবং RNA ভাইরাস
2. যে সকল উদ্ভিদ বা প্রাণী ভাইরাসের সংক্রমণে সহায়তা করে তাদের বলে:
(a) ভিরিয়ন (b) ভাইরয়েড (c) ভেক্টর (d) ক্যারিয়র
3. রঙিন কাচকে গুঁড়ো করলে সাদা দেখার কারণ আলোর:
(a) প্রতিসরণ (b) শোষণ (c) বিক্ষিপ্ত প্রতিফলন (d) বিচ্ছুরণ
4. তেলে ভেজা কাগজ সামান্য স্বচ্ছ দেখার কারণ:
(a) নিয়মিত প্রতিফলন (b) বিক্ষিপ্ত প্রতিফলন (c) প্রতিসরণ (d) অভ্যন্তরীণ পূর্ণ প্রতিফলন
5. ব্যারোমিটারে পারদস্তম্ভের আকস্মিক পতন নির্দেশ করে:
(a) শান্ত আবহাওয়া (b) ঝোড়ো আবহাওয়া (c) শীতল এবং শুষ্ক আবহাওয়া (d) উত্তপ্ত এবং রৌদ্রোজ্জ্বল আবহাওয়া
6. রাসায়নিক শক্তি থেকে বিদ্যুৎশক্তি পাওয়া যায়:
(a) তড়িৎকোষে (b) ট্রান্সফর্মারে (c) ডায়নামোতে (d) ট্রান্সডিউসার
7. বর্ণালির উপপাদ্য কীসের সংরক্ষণ নীতির ওপর প্রতিষ্ঠিত?
(a) শক্তি (b) ভরবেগ (c) কৌণিক ভরবেগ (d) ভর
8. কোনটি তাপের সুপরিবাহী কিন্তু তড়িতের কুপরিবাহী?
(a) অ্যাসবেস্টস (b) সেলুলয়েড (c) প্যারটেক্স (d) মাইকা
9. বৈদ্যুতিক বাতির ফিলামেন্ট কোন উপাদানে নির্মিত?
(a) নাইক্রোম (b) টাংস্টেন (c) ডুরালুমিন (d) গ্রাফাইট
10. ফোটোলাইসিস-এর অপর নাম হল:
(a) ব্ল্যাকমান বিক্রিয়া (b) হিল বিক্রিয়া (c) ফোটোফসফোরাইলেশন (d) অঙ্গার আত্তীকরণ
11. নীচের কোন উপক্ষার থেকে হাঁপানির ঔষধ তৈরি হয়?
(a) স্ট্রিকনিন (b) অ্যাট্রোপিন (c) ডাটুরিন (d) মরফিন
12. তিমি মাছের শ্বাসযন্ত্রটি হল:
(a) ফুলকা (b) ফুসফুস (c) বায়ুথলি (d) ফুসফুস ও ফুলকা উভয়ই
13. হিমোগ্লোবিনে কোন ধাতব আয়নটির উপস্থিতি লক্ষ্য করা যায়?
(a) $Mg^{++}$ (b) $Fe^{++}$ (c) $Al^{+++}$ (d) $Mn^{+++}$
14. হৃৎপিণ্ডের আবরণীর নাম হল:
(a) মায়োকার্ডিয়াম (b) পেরিকার্ডিয়াম (c) ক্যাপসুল (d) মেনিনজেস
15. অ্যান্টিবডি উৎপাদন করে:
(a) RBC (b) প্লাজমা কোষ (c) অণুচক্রিকা (d) T-লিম্ফোসাইট
16. কোন জীবে ফ্ল্যাজেলারি গমন লক্ষ করা যায়?
(a) প্যারামিসিয়াম (b) অ্যামিবা (c) ইউগ্লিনা (d) কেঁচো
17. অস্থি বা হাড় সম্পর্কিত বিদ্যাকে বলে:
(a) কাইনোসিওলজি (b) এন্টামোলজি (c) অস্টিওলজি (d) হিস্টোলজি
18. নীচের কোনটি একটি শ্বাসপেশি?
(a) সারটোরিয়াস (b) মধ্যচ্ছদা (c) ট্রাইসেপস (d) সিলিয়ারি
19. বোওম্যানস ক্যাপসুল থাকে:
(a) গুরুমস্তিষ্কে (b) সুপ্রারেনাল কর্টেক্সে (c) বৃক্কের কর্টেক্সে (d) অ্যাডরেনাল কর্টেক্সে
20. আফিং গাছের কাঁচা ফলের ত্বকে পাওয়া যায়:
(a) ডাটুরিন (b) অ্যাট্রোপিন (c) মরফিন (d) নিকোটিন
21. মানব মস্তিষ্ক থেকে উৎপন্ন ক্রেনিয়াল নার্ভের সংখ্যা:
(a) 12 জোড়া (b) 21 জোড়া (c) 31 জোড়া (d) 23 জোড়া
22. স্তন্যপায়ী প্রাণীতে করপাস ক্যালোসাম দেখা যায়:
(a) স্ত্রীজননতন্ত্রে (b) হৃৎপেশিতে (c) মস্তিষ্কে (d) রক্তে
23. গর্ভাবস্থা বজায় রাখতে সাহায্য করে:
(a) অক্সিটোসিন (b) প্রোজেস্টেরন (c) রেনিন (d) টেস্টোস্টেরন
24. স্টেরয়েডধর্মী হরমোন হল:
(a) টেস্টোস্টেরন (b) রেনিন (c) ইনসুলিন (d) গ্লুকাগন
25. যৌন জননের একক হল:
(a) রাড (b) রেণু (c) প্যারামেসিয়াম (d) গ্যামেট
26. জীবের জিন-সংযুক্তির দ্বারা নির্ধারিত বৈশিষ্ট্য হল:
(a) প্রচ্ছন্ন বৈশিষ্ট্য (b) প্রকট বৈশিষ্ট্য (c) ফিনোটাইপ (d) জিনোটাইপ
27. আধুনিক ঘোড়ার আদিমতম পূর্বপুরুষের নাম ছিল:
(a) পেরিপেটাস (b) ইকুয়াস (c) ইওহিপ্পাস (d) এলিফাস
28. আর্কিওপটেরিক্স কার জীবাশ্ম?
(a) পাখি (b) হাতি (c) গাছ (d) মানুষ
29. একটি গৌণ জলজ প্রাণীর উদাহরণ হল:
(a) মাছ (b) মাছরাঙা (c) কচ্ছপ (d) সবক'টি
30. কোন উদ্ভিদে গ্রন্থিকাণ্ড দেখা যায়?
(a) পদ্ম (b) ফণীমনসা (c) সুন্দরী (d) গরাণ
31. ভারতের প্রথম প্রতিরক্ষা মন্ত্রী কে?
(a) কে এম কারিআপ্পা (b) গোপালস্বামী আয়াঙ্গার (c) বলদেব সিং (d) সর্দার প্যাটেল
32. ভারতের দীর্ঘতম বাঁধ কোনটি?
(a) ভাকরানাঙ্গাল (b) নাগার্জুন সাগর (c) হীরাকুঁদ (d) চম্বল
33. ডায়নামো কে আবিষ্কার করেন?
(a) আলভা এডিসন (b) হিপোলাইট পিক্সি (c) ডঃ এস ল্যাঙ্কেস্টার (d) মাইকেল ফ্যারাডে
34. বঙ্গভঙ্গ রদ হয় কত সালে?
(a) 1905 (b) 1908 (c) 1909 (d) 1911
35. লায়লা-মজনু গ্রন্থের লেখক কে?
(a) অলবেরুনি (b) আমির খসরু (c) জিয়াউদ্দিন (d) আবুবকর

*এরপর এগারোর পাতায়*

# চাকরির পরীক্ষায় বর্তমান কোচিং

## কলকাতা পুলিশে কনস্টেবল

### নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

দশের পাতার পর

34. নীচের কোন গ্রন্থটি ভারতীয় ঔষধের 'এনসাইক্লোপিডিয়া' নামে পরিচিত?
(a) চরক সংহিতা (b) লোকায়ত (c) বৃহৎ সংহিতা (d) সূর্যসিদ্ধান্ত
35. কিছু সংখ্যক সৈন্যকে 12, 15, 18টি সারিতে সমান সংখ্যায় পূর্নবর্গাকারেও সাজানো যায়। সর্বনিম্ন সৈন্য সংখ্যা কত?
(a) 180 (b) 450 (c) 900 (d) 32400
36. $\frac{\frac{1}{3}+\frac{1}{3}\times\frac{1}{3}}{\frac{1}{3}+\frac{1}{3}\quad\frac{1}{3}}-\frac{1}{9}=?$
(a) 0 (b) 1 (c) $\frac{1}{3}$ (d) $\frac{1}{9}$
37. A, B ও C একটি পরীক্ষায় মোট 165 নম্বর পেল। B, C-এর থেকে 10 বেশি এবং A, B -এর থেকে 10 বেশি পেল। A কত নম্বর পেল?
(a) 60 (b) 65 (c) 70 (d) 50
38. মহাত্মা গান্ধী মেরিন ন্যাশনাল পার্ক কোথায় অবস্থিত?
(a) অরুণাচল প্রদেশ (b) অন্ধ্রপ্রদেশ (c) আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ (d) উত্তরপ্রদেশ
39. রাগবি ফুটবলে প্রতি দলে খেলোয়াড়ের সংখ্যা কত?
(a) 11 (b) 15 (c) 13 (d) 14
40. নীচের সারিটি পূর্ণ করুন:
— b b m — a m b — m — a — b b
(a) mbabm (b) abmab (c) mabam (d) ambbm
41. নীচের শব্দগুলিকে অর্থপূর্ণভাবে সাজান:
1. Accident 2. Judge 3. Doctor 4. Lawyer 5. Police
(a) 1, 3, 4, 2, 5 (b) 1, 3, 5, 4, 2 (c) 1, 2, 3, 4, 5 (d) 1, 2, 5, 4, 3
42. ভারতীয় সংবিধানের কত তম সংশোধনীতে 10টি মৌলিক কর্তব্য সংযুক্ত হয়েছে?
(a) 39 তম (b) 40 তম (c) 41 তম (d) 42 তম
43. ভারতবর্ষে যে যুদ্ধে সর্বপ্রথম কামান ব্যবহার করা হয়:
(a) পানিপথের প্রথম যুদ্ধ (b) পানিপথের দ্বিতীয় যুদ্ধ (c) পানিপথের তৃতীয় যুদ্ধ (d) হলদিঘাটের যুদ্ধ
44. হাইপেরিয়ন কোন গ্রহের উপগ্রহ?
(a) শুক্র (b) শনি (c) মঙ্গল (d) বৃহস্পতি
45. ল্যাটিন ভাষায় কোন ধাতুর অপর নাম হাইড্রারজাইরাম?
(a) বেঞ্জিন (b) তামা (c) ফেনল (d) পারদ
46. বার্ষিক 10% চক্রবৃদ্ধি সুদে কত বছরে 2000 টাকা সুদে-আসলে 2420 টাকা হবে?
(a) 5 (b) 2 (c) 3 (d) 4
47. A-এর বেতন B-এর বেতনের থেকে 20% কম। B -এর বেতন, A-এর বেতনের চেয়ে শতকরা কত বেশি?
(a) 25% (b) 15% (c) 20% (d) $33\frac{1}{3}$ %
48. A একটি কাজের $\frac{3}{4}$ অংশ করে 18 দিনে। B যদি A-এর দ্বিগুণ কর্মক্ষম হয়, তবে বাকি কাজটি B-এর শেষ করতে কত দিন সময় লাগবে?
(a) 3 দিন (b) 9 দিন (c) 12 দিন (d) 27 দিন
49. যদি '×' মানে ÷, '–' মানে ×, '–' '÷' মানে + এবং '+' মানে – হয় তাহলে:
(3 – 15 ÷ 19) × 8 + 6-এর মান কত?
(a) 8 (b) 6 (c) 2 (d) 0
50. 'এলাহাবাদ স্তম্ভলিপি' কে রচনা করেন?
(a) রবিকীর্তি (b) রুদ্রদমন (c) হরিষেণ (d) বানভট্ট
51. 'রেহালা' কে লিখেছেন?
(a) অলবেরুনি (b) ইবন বতুতা (c) আবুল ফজল (d) বরানি
52. ঋগ্বেদের যুগের নীচের কোন দেবতার পুজো হত না?
(a) বিষ্ণু (b) অগ্নি (c) ইন্দ্র (d) বরুণ
53. কত মাইল উপরে আকাশ শেষ হয়ে মহাকাশ শুরু হয়েছে?
(a) 100 মাইল (b) 50 মাইল (c) 75 মাইল (d) 25 মাইল
54. যদি REASON শব্দটি 5 লেখা হয় এবং BELIEVED শব্দটিকে 7 লেখা হয় তবে GOVERNMENT শব্দটিকে কত লেখা হবে?
(a) 10 (b) 9 (c) 7 (d) 3
55.

| | | |
|---|---|---|
| C | H | O |
| E | K | S |
| H | O | ? |

(a) X (b) T (c) W (d) Z
56. 2, 8, 14, 24, 34, 48, ?
(a) 59 (b) 62 (c) 64 (d) 66
57. কত বছর অন্তর হ্যালির ধূমকেতু দেখা যায়?
(a) 50 বছর (b) 70 বছর (c) 76 বছর (d) 80 বছর
58. কলিঙ্গ যুদ্ধের বর্ণনা অশোকের কত তম শিলালিপি থেকে পাওয়া যায়?
(a) দ্বাদশ (b) পঞ্চদশ (c) ষষ্ঠদশ (d) ত্রয়োদশ
59. বৌদ্ধধর্ম সর্বাধিক প্রচার লাভ করে (বুদ্ধদেব জীবিত থাকাকালীন) কোন রাজ্যে?
(a) কাশী (b) কোশল (c) মগধ (d) কলিঙ্গ
60. উজ্জয়িনী কোন নদীর তীরে অবস্থিত?
(a) শিপ্রা (b) যমুনা (c) রবি (d) মহানদী
61. নীচের কোন ভিটামিনটি শাক সবজিতে একেবারেই থাকে না?
(a) Vitamin-D (b) Vitamin-A (c) Vitamin-C (d) Vitamin-K
62. ছোটনাগপুর মালভূমির সর্বোচ্চ শৃঙ্গ কোনটি?
(a) পরেশনাথ (b) দোদাবেতা (c) কুলিয়াডিহি (d) গোরগাবুরু
63. যে মিশ্রণটি HCl এবং $H_2SO_4$ দ্বারা তৈরি সেটি কী নামে পরিচিত?
(a) অ্যাকোয়া রিজিয়া (b) অ্যাকোয়া টাইকোটিস (c) অ্যাকোয়া ফিনা (d) কোনওটিই নয়
64. শ্বেত বিপ্লব কীসের সঙ্গে জড়িত?
(a) শস্য (b) দুধের উৎপাদন বৃদ্ধি (c) বস্ত্র উৎপাদন বৃদ্ধি (d) বহিঃবাণিজ্য
65. কারগিল যুদ্ধ কোন পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ঘটেছিল?
(a) সপ্তম (b) অষ্টম (c) নবম (d) দশম
66. একটি বাস কিছুটা দূরত্ব 10 ঘণ্টায় যাতায়াত করে। বাসটি ওই দূরত্বের অর্ধেক 40 কিমি/ঘণ্টা এবং বাকি অর্ধেক 60 কিমি/ঘণ্টা বেগে অতিক্রম করে। দূরত্বটি নির্ণয় করুন:
(a) 520 কিমি (b) 448 কিমি (c) 384 কিমি (d) 768 কিমি
67. 1.21 এবং 0.09-এর মধ্য সমানুপাতি কত?
(a) 3.03 (b) 0.033 (c) 0.33 (d) 3.3
68. দু'টি সংখ্যার অনুপাত 3 : 4 এবং সংখ্যা দু'টির গ.সা.গু. 4 হয়, তাহলে দু'টি সংখ্যার ল.সা.গু. কী?
(a) 24 (b) 16 (c) 48 (d) 12
69. রাজ্যসভার সদস্যের সদস্য পদের মেয়াদ:
(a) 3 বছর (b) 2 বছর (c) 6 বছর (d) 4 বছর
নির্দেশ (70 to 73):
I. ছয়জন ব্যক্তি A, B, C, D, E এবং F একটি গোলাকার স্থানে পরস্পরের মুখোমুখি বসে আছে।
II. B বসে আছে A ও C-এর মাঝখানে।
III. E বসে আছে F ও D-এর মাঝখানে।
IV. F বসে আছে ঠিক A-এর বিপরীতে এবং E-এর ডানদিকে।
V. সকলেই পরস্পরের মুখোমুখি বসে আছে।
70. কোন দু'জনের মাঝে D বসে আছে?
(a) A ও B (b) E ও F (c) A ও E (d) C ও F
71. যদি B ও E এবং C ও D নিজেদের মধ্যে স্থান পরিবর্তন করে, তাহলে A নীচের কোন দু'জনের মাঝে বসবে?
(a) B ও C (b) D ও F (c) C ও D (d) C ও E
72. কে B-এর ঠিক বাঁদিকে বসে আছে?
(a) A (b) C (c) D (d) F
73. F-এর ডানদিকে কে বসে আছে?
(a) A (b) C (c) F (d) E
74. যদি একটি পেনসিলের $\frac{1}{8}$ অংশ কালো, বাকী অংশের $\frac{1}{2}$ অংশ হলুদ এবং বাকী $3\frac{1}{2}$ সেমি নীল। তাহলে পেনসিলের দৈর্ঘ্য কত?
(a) 11 সেমি (b) 8 সেমি (c) 7 সেমি (d) 6 সেমি
75. দু'টি সংখ্যার বর্গের যোগফল 68 এবং ওদের বর্গের অন্তর 36। সংখ্যা দু'টির গুণফল হল:
(a) 16 (b) 32 (c) 58 (d) 104
76. একজন ব্যক্তির কাছে 1 টাকা, 5 টাকা ও 10 টাকার নোট মিলিয়ে 480 টাকা আছে। যদি ওই ব্যক্তির কাছে সকল প্রকার টাকা সমপরিমাণে থাকে তবে প্রত্যেক টাকার সংখ্যা কত?
(a) 30 (b) 60 (c) 90 (d) 300
77. রক্তে বিলিরুবিন-এর বৃদ্ধি কোন রোগকে নির্দেশিত করে?
(a) কালাজ্বর (b) টাইফয়েড (c) জন্ডিস (d) থ্যালাসেমিয়া
78. অশোকের ব্রাহ্মীলিপির পাঠোদ্ধার প্রথম কে করেন?
(a) মাইকেল ক্যানিংহাম (b) জেমস প্রিন্সেপ (c) মসিয়ে শ্যাপলিঁয় (d) হুগো বার্জেস
79. জিরানিয়াম গাছের কোন অংশ থেকে প্রাপ্ত তেল আতর প্রস্তুতিতে ব্যবহৃত হয়?
(a) কাণ্ড (b) পাতা (c) মূল (d) ফুল
80. পদাধিকার বলে কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় আচার্য কে হন?
(a) প্রধান মন্ত্রী (b) রাষ্ট্রপতি (c) উপরাষ্ট্রপতি (d) UGC-এর চেয়ারম্যান
81. 'ডমরুধর' চরিত্রটির স্রষ্টা কে?
(a) শিবরাম চক্রবর্তী (b) নারায়ণ দেবনাথ (c) প্রেমেন্দ্র মিত্র (d) নারায়ণ গঙ্গোপাধ্যায়
82. 'অনাবাসী দিবস' কোন দিন পালিত হয়?
(a) 9 জানুয়ারি (b) 31 মে (c) 29 অগস্ট (d) 10 ডিসেম্বর
83. যদি জলকে নীল, নীলকে লাল, লালকে সাদা, সাদাকে আকাশ, আকাশকে বৃষ্টি বৃষ্টিকে সবুজ, সবুজকে বায়ু বলা হয়, তবে দুধের রং কী হবে?
(a) সাদা (b) সবুজ (c) আকাশ (d) বায়ু
84. 'আইস হকি' খেলায় একটি দলে কতজন খেলোয়াড় থাকে?
(a) 7 জন (b) 6 জন (c) 5 জন (d) 4 জন
85. 1846 সালে আবিষ্কৃত কোন গ্রহটির নাম রোমান সমুদ্র দেবতার নামে রাখা হয়েছে?
(a) ইউরেনাস (b) নেপচুন (c) প্লুটো (d) বৃহস্পতি
86. নীচের কোন জুটিটি অন্যদের থেকে আলাদা?
(a) 8–33 (b) 9–28 (c) 15–46 (d) 12–37
87. আয়রনের উপর জিঙ্কের আস্তরণ পড়ার প্রক্রিয়াকে কী বলা হয়?
(a) ইলেক্ট্রোপ্লেটিং (b) ভ্যালকানাইজেশন (c) গ্যালভানাইজেশন (d) রিফাইনিং
88. রীমা, শীলা ও মেরি ভালো নাচতে পারে। রেখা, লীনা ও রীনা ভালো গান করে। মেরি, রীমা ও শীলা অঙ্কনে দক্ষ। এদের মধ্যে কে তিনটি বিষয়েই দক্ষ?
(a) মেরী (b) রীমা (c) শীলা (d) লীনা
89. একটি পাত্রে 30 লিটার একটি মিশ্রণ আছে। যাতে দুধ ও জলের অনুপাত 7 : 3। মিশ্রণে কত লিটার জল মেশালে দুধ ও জলের অনুপাত হবে 3 : 7?
(a) 40 লিটার (b) 49 লিটার (c) 56 লিটার (d) 63 লিটার
90. A, B এবং C-এর বেতনের অনুপাত 2 : 3 : 5। B ও C-এর বেতনের সমষ্টি 8000 টাকা। C-এর বেতন A-এর বেতনের তুলনায় শতকরা কত বেশি?
(a) 150% (b) 100% (c) 200% (d) 250%

এরপর বারোর পাতায়

## রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

দশের পাতার পর

36. নীচের কোনটি অসমের নাচ নয়?
(a) বিহু (b) পুরবী (c) ওজাপলি (d) আঙ্কিয়া নট
37. আজাদ হিন্দ ফৌজ কে গঠন করেন?
(a) নেতাজি (b) রাসবিহারী বসু (c) গান্ধীজি (d) ভগৎ সিং
38. রাসায়নক আবহবিকার কোথায় দেখা যায়:
(a) শুষ্ক অঞ্চলে (b) আধা শুষ্ক অঞ্চলে (c) বৃষ্টিবহুল অঞ্চলে (d) ভূমধ্য সাগরীয় অঞ্চলে
39. রাজ্যের মুখ্যমন্ত্রীকে নিয়োগ করেন কে?
(a) প্রধানমন্ত্রী (b) রাষ্ট্রপতি (c) হাই কের্টের প্রধান বিচারপতি (d) রাজ্যপাল
40. কোন প্রাণী কোনওদিন ঘুমায় না?
(a) ঘোড়া (b) মাছ (c) পিঁপড়ে (d) মাছি
41. কোন রাস্তার নাম পাল্টিয়ে রবীন্দ্র সরণী রাখা হয়েছে?
(a) থিয়েটার রোড (b) চিৎপুর রোড (c) ওয়েলেসলি স্ট্রিট (d) কোনওটিই নয়
42. রাইটার্স বিল্ডিং কবে স্থাপিত হয়?
(a) 1750 (b) 1760 (c) 1770 (d) 1780
43. কলকাতা থেকে বাংলাদেশে কবে প্রথম নিয়মিত বাস পরিষেবা চালু হয়?
(a) 1999 (b) 1995 (c) 1990 (d) 2000
44. কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম পি এইচ ডি কে ছিলেন?
(a) সুরমা মিত্র (b) সরমা রায় (c) রেজিনা গুহ (d) যামিনি সেন
45. পোলা নবখাই কোন রাজ্যের উৎসব?
(a) ছত্তিশগড় (b) ত্রিপুরা (c) ওড়িশা (d) ঝাড়খণ্ড
46. ফরাসি বাস্তিল দিবস কোন রাজ্যে অনুষ্ঠিত হয়?
(a) পণ্ডিচেরি (b) দিল্লি (c) মধ্যপ্রদেশ (d) কলকাতা
47. ভারতের প্রথম রঙিন চলচ্চিত্র কোনটি?
(a) কান-কান-ডান্স (b) রাজা হরিশচন্দ্র (c) শংকরাচার্য (d) পুতুলিক
48. ভারতের সব থেকে বেশি বিক্রিত সংবাদপত্র কোনটি?
(a) দি স্টেটসম্যান (b) দ্য টাইমস অব ইন্ডিয়া (c) কলকাতা রিভিউ (d) মুম্বাই সমাচার
49. ভারতের প্রথম বৈদ্যুতিক ট্রেন কত সালে চালু হয়েছিল?
(a) 1910 (b) 1915 (c) 1920 (d) 1925
50. কোন বাঙালি ব্যক্তিত্ব প্রথম উপন্যাস লেখেন?
(a) কামিনী রায় (b) চন্দ্রমুখী বসু (c) চন্দ্রমাধব ঘোষ (d) প্যারিচাঁদ মিত্র
51. x এবং y এমন দু'টি অঙ্ক যে 65xy সংখ্যাটি 80 দ্বারা সম্পূর্ণরূপে বিভাজ্য। (x + y) = ?
(a) 6 (b) 5 (c) 4 (d) 3
52. একটি ছাত্রকে 3 দ্বারা কোনও একটি সংখ্যাকে ভাগ করতে বলা হল। ভুলবশত সে সংখ্যাটিকে 3 দ্বারা গুণ করায় উত্তরটি হয় 29.7। সঠিক উত্তরটি কী?
(a) 3.3 (b) 9.3 (c) 9.8 (d) 9.9
53. কোন ক্ষুদ্রতম সংখ্যা থেকে 5 বাদ দিলে বিয়োগফল 36, 48, 21 এবং 28 দ্বারা সম্পূর্ণরূপে বিভাজ্য?
(a) 1013 (b) 1008 (c) 1003 (d) কোনওটিই নয়
54. 400 ও 500 এর মধ্যবর্তী বৃহত্তম কোন সংখ্যা 12, 16 এবং 24 দ্বারা বিভাজ্য?
(a) 420 (b) 430 (c) 410 (d) 480
55. একটি ঘড়ির ঘণ্টার কাঁটা ও মিনিটের কাঁটার গতিবেগের অনুপাত কত?
(a) 1 : 12 (b) 12 : 1 (c) 1 : 6 (d) 6 : 1
56. একটি ব্যাগে 25 পয়সা, 10 পয়সা এবং 5 পয়সার সংখ্যার অনুপাত 1 : 2 : 3। যদি মোট মুদ্রার মূল্য 30 টাকা হয়, তবে 5 পয়সার মুদ্রা কতগুলি ছিল?
(a) 50 (b) 100 (c) 150 (d) 200
57. জলের সঙ্গে কী অনুপাতে দুধ মিশ্রিত করে ক্রয়মূল্যেই বিক্রয় করলে 20% লাভ হবে?
(a) 1: 4 (b) 4 : 1 (c) 1 : 5 (d) 5 : 1
58. 40.50 টাকা কিলোগ্রাম দরের চায়ের সঙ্গে 95.50 টাকা কিলোগ্রাম দরের চা কী অনুপাতে মিশ্রিত করলে, মিশ্র চায়ের দাম হবে 55.50 টাকা/কিলোগ্রাম?
(a) 3 : 8 (b) 6 : 5 (c) 5 : 6 (d) 8 : 3
59. একটি নার্সারিতে 5000টি চারাগাছ রয়েছে, যার মধ্যে 5% হল গোলাপের এবং 1% হল গাঁদাফুলের চারাগাছ। কতগুলি অন্যান্য চারাগাছ রয়েছে?
(a) 4750 (b) 4700 (c) 4250 (d) 4200
60. 7.2 কিলোগ্রাম কত শতাংশ হল 18 গ্রাম?
(a) 0.0025% (b) 0.25% (c) 2.5% (d) 25%
61. একজন তার বেতনের 10% ব্যাঙ্কে জমা করার পর অবশিষ্ট টাকার 4% বাড়ি ভাড়া দিলেন। তার বেতন 5000 টাকা হলে, তিনি কত টাকা বাড়ি ভাড়া দিলেন?
(a) 160 টাকা (b) 250 টাকা (c) 180 টাকা (d) 225 টাকা
62. কোনও পরীক্ষায় মোট ছাত্রের 40% ইংরেজিতে, 30% অঙ্কে এবং 15% উভয় বিষয়েই অকৃতকার্য হয়েছে। তবে সফল ছাত্রদের হার হল:
(a) 50% (b) 30% (c) 65% (d) 45%
63. একজন দোকানদার 12% লাভে একপ্রকার চা বিক্রয় করেন। তিনি যদি ওই চায়ের মূল্য প্রতি কিলোগ্রামে 29 টাকা কম নিতেন, তবে তার 17% ক্ষতি হত। প্রতি কিলোগ্রাম চায়ের ক্রয়মূল্য ও প্রাথমিক বিক্রয়মূল্য কত?
(a) 100 টাকা, 112 টাকা (b) 112 টাকা, 100 টাকা (c) 113 টাকা, 117 টাকা (d) 117 টাকা, 113 টাকা
64. এক অসৎ ব্যবসায়ী ভুল মিটার দণ্ড ব্যবহার করেন। তার মিটার দণ্ডটি 95 সেমি পর্যন্ত পরিমাপ করতে পারে। তার লাভের শতকরা পরিমাণ নির্ণয় করুন।
(a) 5.26% (b) 4.26% (c) 7.26% (d) 8.26%
65. A, B -এর 3 গুণ কর্মক্ষম। যদি তারা দু'জনে একত্রে 12 দিনে একটি কাজ করে, তবে A একা কাজটি কতদিনে করতে পারে?
(a) 15 দিন (b) 16 দিন (c) 18 দিন (d) 20 দিন

এরপর বারোর পাতায়

# চাকরির পরীক্ষায় বর্তমান কোচিং

## রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

66. কিছু সংখ্যক লোক একটি কাজ 30 দিনে করেন। যদি 6 জন লোক বেশি থাকত তবে কাজটি শেষ হতে আরও 10 দিন কম লাগত। কতজন লোক ছিলেন?
(a) 12 জন (b) 15 জন (c) 18 জন (d) 20 জন

67. A বিন্দু থেকে 40 কিমি/ঘণ্টা ও 50 কিমি/ঘণ্টা গতিবেগে বিপরীত অভিমুখে গতিশীল দু'টি গাড়ির 2 ঘণ্টা 15 মিনিট পরে দূরত্ব কত হবে?
(a) 200 কিমি (b) 202.5 কিমি (c) 205 কিমি (d) 2057.5 কিমি

68. 200 মিটার দৌড় প্রতিযোগিতায় A, B-কে 10 মিটারে ও B, C-কে 5 মিটারে পরাজিত করলে, A, C-কে কত মিটারে পরাজিত করবে?
(a) 14.5 মিটারে (b) 14.75 মিটারে (c) 15.5 মিটারে (d) 50 মিটারে

69. একটি চৌবাচ্চা স্বাভাবিক অবস্থায় 8 ঘণ্টায় পূর্ণ হয়। কিন্তু চৌবাচ্চাটির তলদেশে একটি ছিদ্র থাকার জন্য সেটি পূর্ণ হতে 2 ঘণ্টা বেশি সময় লাগে। তলদেশের ছিদ্রটি দিয়ে পূর্ণ চৌবাচ্চাটি কত সময়ে খালি হবে?
(a) 20 ঘণ্টা (b) 30 ঘণ্টা (c) 40 ঘণ্টা (d) 50 ঘণ্টা

70. A নল, B নলের 5 গুণ ক্ষমতাসম্পন্ন। B নল কোনও চৌবাচ্চাকে 36 মিনিটে পূর্ণ করতে পারলে, নল দু'টি একত্রে কত সময়ে চৌবাচ্চাটি পূর্ণ করতে পারবে?
(a) 4 মিনিটে (b) 5 মিনিটে (c) 6 মিনিটে (d) 30 মিনিটে

71. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা 653, 869 কে ভাগ করলে সর্বক্ষেত্রে সমান ভাগশেষ থাকবে?
(a) 36 (b) 54 (c) 72 (d) 108

72. 13-এর কোন গুণিতককে 4, 5, 6, 7 ও 8 দ্বারা ভাগ করলে প্রতি ক্ষেত্রে 2 অবশিষ্ট থাকবে?
(a) 840 (b) 842 (c) 2522 (d) 25200

73. $3^{20} + 3^{21} + 3^{22} + 3^{23}$ কত দ্বারা বিভাজ্য?
(a) 13 (b) 29 (c) 31 (d) 10

74. একজন ব্যাটসম্যান 13 তম ইনিংসে 85 রান করায় তার প্রতি ইনিংসে রানের গড় 3 করে বৃদ্ধি পায়। 13তম ইনিংসের পর তার রানের গড় কত?
(a) 46 (b) 49 (c) 45 (d) 36

75. জানালার 0.28 অংশে কালো রং করা হল এবং 0.33 অংশে লাল রং করা হল। জানালার কত শতাংশ রং করা বাকি আছে?
(a) 0.61% (b) 0.39% (c) 30.5% (d) 39%

76. যদি আলোকে অন্ধকার, অন্ধকারকে সবুজ, সবুজকে নীল, নীলকে লাল, লালকে সাদা, সাদাকে হলুদ বলা হয় তবে রক্তের রং কী?
(a) লাল (b) অন্ধকার (c) সাদা (d) হলুদ

77. যদি বৃষ্টি হয় জল, জল হয় রাস্তা, রাস্তা হয় মেঘ, মেঘ হয় আকাশ, আকাশ হয় সমুদ্র এবং সমুদ্র হয় পথ, তবে এরোপ্লেন কোথায় ওড়ে?
(a) রাস্তা (b) সমুদ্র (c) মেঘ (d) জল

78. ম্যাগাজিন : এডিটর : : নাটক : ?
(a) নায়ক (b) নায়িকা (c) সংগীত (d) নির্দেশক

79. ব্রহ্মপুত্র : গুয়াহাটি : : সবরমতী : ?
(a) ইন্দোর (b) ভদোদরা (c) রাজকোট (d) আহমেদাবাদ

80. বেমানান সালটি নির্বাচন করুন:
(a) 2084 (b) 2052 (c) 1994 (d) 1984

81. বিসদৃশটি নির্ণয় করুন:
(a) কলকাতা (b) পাটনা (c) ভুবনেশ্বর (d) নাগপুর

82. মহুয়া শুভ্রার চেয়ে লম্বা, অমৃতা মহুয়ার চেয়ে লম্বা, রমা অমৃতার চেয়ে লম্বা, পূর্ণিমা সবচেয়ে লম্বা, যদি তারা তাদের উচ্চতার অধঃক্রম অনুসারে দাঁড়ায়, তবে মধ্যবর্তী স্থানে কে থাকবে?
(a) মহুয়া (b) শুভ্রা (c) রমা (d) অমৃতা

83. 5 জন লোকের একটি গ্রুপ B, C, E -র মধ্যে কেউ টেনিস, কেউ দাবা ও কেউ হকি খেলে। A এবং D অবিবাহিত মহিলা এবং কোনও খেলায় অংশ নেয় না। E, G -এর স্বামী। কোনও মহিলাই দাবা বা হকি খেলে না। B, C-এর ভাই এবং সে দাবা বা টেনিস খেলে না। হকি খেলোয়াড় কে?
(a) C (b) E (c) B (d) A

84. উপযুক্ত বর্ণ বসিয়ে শূন্যস্থান পূরণ করুন:
bb ___ cd ___ bcc ___ db __ c __ dd
(a) cdbdbc (b) cdbbdc (c) cdcbbd (d) cddbcc

85. 8 9 5 3 2 5 3 8 5 5 6 8 7 3 3 5 7 7 5 3 6 5 3 3 5 7 3 8 এই সংখ্যা সারিতে কতগুলি 5 আছে, যার আগে 3 আছে কিন্তু পরে 7 নেই?
(a) 1 (b) 2 (c) 0 (d) 3

86. যদি P নির্দেশ করে গুণ (×), T নির্দেশ করে বিয়োগ (–), M নির্দেশ করে যোগ (+) এবং B নির্দেশ করে ভাগ (÷) তাহলে, 12 P 6 M 15 T 16 B 4 = ?
(a) 70 (b) 83 (c) 75 (d) 110

87. যদি '–' মানে ভাগ, '+' মানে গুণ, '÷' মানে বিয়োগ এবং '×' মানে যোগ হয়, তাহলে প্রদত্ত সমীকরণগুলির মান কোনটি সঠিক?
(a) $5 \div 20 \times 12 + 7 - 1 = 70$ (b) $6 + 20 - 12 \div 7 \times 1 = 62$ (c) $6 - 20 \div 12 \times 7 + 1 = 57$ (d) কোনওটিই নয়

88. একটি সারিতে অনীকের ক্রম যদি উভয়দিক থেকেই 19 হয়, তাহলে উক্ত সারির সদস্যসংখ্যা কত?
(a) 27 (b) 37 (c) 38 (d) 39

89. একটি সারির দু'জন সদস্য P এবং Q। P-এর ক্রম বাঁদিক থেকে 14তম এবং Q -এর ক্রম ডানদিকে থেকে 7। P এবং Q-এর মধ্যে 4 জন আছে। সারির মোট সদস্যসংখ্যা কত?
(a) 24 (b) 26 (c) 25 (d) কোনওটিই নয়

90. দেওয়াল-সংলগ্ন একটি ঘড়িতে সময় দেখাচ্ছে 4.25। উল্টো দিকের দেওয়ালে রাখা একটি সমতল দর্পণে প্রতিফলিত হলে ঘড়িটিতে ক'টা বেজেছে বলে মনে হবে?
(a) 8.35 (b) 7.25 (c) 7.35 (d) 8.25

91. গতকালের আগের দিন যদি সোমবার হয়, তাহলে আগামীকালের পরের তৃতীয় দিনটি কী হবে?
(a) বৃহস্পতিবার (b) শুক্রবার (c) শনিবার (d) রবিবার

92. নীচের দেওয়া শব্দগুলিকে সাজালে কোনটি ক্রম হবে?
1. Independance Day 2. Christmas 3. Diwali 4. Holi 5. Republic Day
(a) 54132 (b) 51432 (c) 23415 (d) 43152

93. 'Pic, Vic, nic' বলতে Winter is cold. 'to nic re' বলতে Summer is hot. 're pic boo' বলতে Winter and Summer. 'Vic tho pa' বলতে night are cold বোঝায় তাহলে Summer শব্দটির কোড কী?
(a) nic (b) boo (c) to (d) re

94. যদি 'mu mit es' বলতে 'who is she' 'elb mu es' বলতে where is she বোঝায় তাহলে 'where'-এর জন্য কোন কোডটি ব্যবহার করা হয়েছে?
(a) es (b) elb (c) mu (d) mit

95. নীচের মধ্যে odd খুঁজে বার করুন:
(a) 1000 (b) 1725 (c) 2744 (d) 4096

96. নীচের মধ্যে oddটি খুঁজে বের করুন:
(a) CX (b) DW (c) JQ (d) LR

97. '?' চিহ্নিত নম্বরটি খুঁজে বের করুন:

| | | |
|---|---|---|
| 2 | 3 | 5 |
| 9 | 17 | 33 |
| 65 | 129 | ? |

(a) 228 (b) 199 (c) 257 (d) 209

98. '?' চিহ্নিত নম্বরটি খুঁজে বের করুন:

| | |
|---|---|
| 3 | 2 |
| 4 | 24 |

| | |
|---|---|
| 2 | –1 |
| –2 | 4 |

| | |
|---|---|
| 6 | 5 |
| 0 | ? |

(a) 30 (b) 11 (c) 0 (d) 1

99. যদি M = 13 হয়, KITE = ?
(a) 35 (b) 45 (c) 50 (d) 65

100. কোনও কোড অনুযায়ী STABLE হল 123456 এবং ওই কোডে LABOUR হল 534789। তবে ওই কোড অনুসারে BOTTLE -এর কোডটি হবে:
(a) 472265 (b) 472256 (c) 452276 (d) 483356

#### উত্তর

1(b), 2(a), 3(c), 4(c), 5(c), 6(a), 7(a), 8(d), 9(b), 10(b), 11(c), 12(b), 13(b), 14(b), 15(b), 16(c), 17(c), 18(b), 19(c), 20(c), 21(a), 22(c), 23(b), 24(a), 25(d), 26(d), 27(c), 28(a), 29(c), 30(a), 31(c), 32(c), 33(d), 34(d), 35(b), 36(b), 37(b), 38(c), 39(d), 40(c), 41(b), 42(d), 43(a), 44(a), 45(a), 46(a), 47(a), 48(b), 49(d), 50(d), 51(a), 52(a), 53(a), 54(d), 55(a), 56(c), 57(c), 58(d), 59(b), 60(a), 61(c), 62(d), 63(a), 64(a), 65(b), 66(a), 67(b), 68(b), 69(c), 70(c), 71(c), 72(c), 73(d), 74(b), 75(d), 76(c), 77(b), 78(d), 79(d), 80(c), 81(d), 82(d), 83(c), 84(a), 85(c), 86(b), 87(a), 88(b), 89(c), 90(b), 91(d), 92(a), 93(d), 94(b), 95(b), 96(d), 97(c), 98(c), 99(b), 100(b).

#### সমাধান

51(a): যদি x = 6 এবং y = 0, হয়, তবে 6560 সংখ্যাটি 10 দিয়ে বিভাজ্য এবং 656 সংখ্যাটি 8 দিয়ে বিভাজ্য
সুতরাং, 6560 সংখ্যাটি 80 দিয়ে বিভাজ্য
$x + y = 6 + 0 = 6$.

52(a): সংখ্যাটি হল $29.7 \div 3 = 9.9$
সঠিক উত্তরটি হল, $9.9 \div 3 = 3.3$.

53(a): নির্ণেয় সংখ্যা = (36, 48, 21 এবং 28-এর ল.সা.গু.) + 5 = (1008 + 5) = 1013.

54(d): 12, 16 ও 24 দ্বারা বিভাজ্য ক্ষুদ্রতম সংখ্যা = 12, 16 এবং 24 -এর ল.সা.গু. = 48
400 থেকে 500-এর মধ্যবর্তী 48-এর বৃহত্তম গুণিতক = $48 \times 10 = 480$.

55(a): ঘণ্টার কাঁটা ঘণ্টায় যায় 5 ঘর, মিনিটের কাঁটা ঘণ্টায় যায় 60 ঘর
নির্ণেয় অনুপাত = 5 : 60 = 1 : 12.

56(c): ধরি, ব্যাগে 25 পয়সা, 10 পয়সা এবং 5 পয়সার সংখ্যা যথাক্রমে x, 2x এবং 3x
প্রশ্নানুযায়ী, $x \times 25 + 2x \times 10 + 3x \times 5 = 300$ বা, x = 50
5 পয়সার মুদ্রাসংখ্যা = $(3 \times 50) = 150$.

57(c): নির্ণেয় অনুপাত = $\frac{20}{100}$ = 1 : 5.

58(d): মিশ্রণে প্রথম ও দ্বিতীয় প্রকার চায়ের অনুপাত = (95.50 – 55.50) : (55.50 – 40.50) = 40 : 15 = 8 : 3.

59(b): অন্যান্য চারাগাছের সংখ্যা = $5000 \times (100 - 5 - 1)\% = 5000 \times 94\% = 4700$.

60(a): প্রশ্নানুযায়ী, $7.2 \times 1000 \times x\% = 18$
বা, x% = 0.0025%.

61(c): ব্যক্তির বেতনের 10% টাকা ব্যাঙ্কে জমা করার পর তার কাছে অবশিষ্ট রইল $5000 \times (1 - 0.10) = 450$ টাকা
অবশিষ্ট টাকা থেকে তিনি বাড়ি ভাড়া দিলেন
তিনি বাড়ি ভাড়া বাবদ দিলেন $4500 \times 0.04 = 180$ টাকা।

62(d): অকৃতকার্য ছাত্রের হার = (40% + 30%) – 15% = 55%
সুতরাং, সফল ছাত্রদের হার = 100% – 55% = 45%.

63(a): প্রতি কিলোগ্রাম চায়ের নির্ণেয় ক্রয়মূল্য = $\frac{100 \times 29}{12 + 17}$ = 100 টাকা

*এরপর তেরোর পাতায়*

## কলকাতা পুলিশে কনস্টেবল

### নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

91. $\sqrt{\sqrt{2500 + \sqrt{961}}} = (?)^2$
(a) 81 (b) 3 (c) 6561 (d) 9

92. $\sqrt{65 \times 12 - 50 + 54} = ?$
(a) $\sqrt{28}$ (b) $28^2$ (c) 28 (d) 784

93. কোন ক্ষুদ্রতম বর্গসংখ্যা 10, 16, 24 দ্বারা বিভাজ্য?
(a) 3600 (b) 2500 (c) 1600 (d) 900

94. 11 থেকে 63 পর্যন্ত জোড় সংখ্যাগুলির গড় কত?
(a) 37.5 (b) 47 (c) 42 (d) 37

95. কোন বিখ্যাত অভিনেতার আসল নাম 'গোবর্দ্ধন কুমার'?
(a) জনি লিভার (b) পরেশ রাওয়াল (c) কাদের খান (d) আসরানি

96. বিশ্ব আবহাওয়া সংস্থার (WMO) সদর দপ্তর কোথায় অবস্থিত?
(a) লুসান (b) প্যারিস (c) জুরিখ (d) জেনিভা

97. কোন ছবিতে অভিনয়ের সময় ব্রুসলির মৃত্যু ঘটে?
(a) Dragon Heart (b) Big Boss (c) Enter the Dragon (d) Game of Death

98. 'ভরের নিত্যতা সূত্র' কে আবিষ্কার করেন?
(a) ল্যাভয়সিয়ের (b) প্রিস্টলে (c) আইনস্টাইন (d) নিউটন

99. সিরিজটি সম্পূর্ণ করুন:
12, 20, 30, 42, 56, ?
(a) 71 (b) 72 (c) 73 (d) 69

100. $3\frac{1}{3}$ -এর মধ্যে কতগুলি $\frac{1}{6}$ আছে?
(a) 12 (b) 15 (c) 18 (d) 20

#### উত্তর

1(c), 2(b), 3(c), 4(b), 5(d), 6(d), 7(c), 8(b), 9(b), 10(c), 11(c), 12(b), 13(b), 14(a), 15(a), 16(b), 17(b), 18(b), 19(a), 20(b), 21(a), 22(b), 23(d), 24(c), 25(d), 26(c), 27(c), 28(b), 29(a), 30(c), 31(b), 32(b), 33(b), 34(a), 35(c), 36(a), 37(b), 38(c), 39(b), 40(c), 41(b), 42(d), 43(a), 44(b), 45(d), 46(b), 47(a), 48(a), 49(c), 50(b), 51(b), 52(d) 53(b), 54(b), 55(a), 56(b), 57(c), 58(d), 59(b), 60(a), 61(a), 62(a), 63(a), 64(b), 65(c), 66(d), 67(c), 68(c), 69(c), 70(c), 71(d), 72(b), 73(b), 74(b), 75(a), 76(a), 77(c), 78(b), 79(a), 80(a), 81(a), 82(a), 83(c), 84(b), 85(b), 86(a), 87(c), 88(b), 89(a), 90(a), 91(b), 92(c), 93(a), 94(d), 95(d), 96(a), 97(d), 98(a), 99(b), 100(d).

#### সমাধান

3(c): ক্রয়মূল্য 100 হলে বিক্রয়মূল্য = $\left(100 - 12\frac{1}{2}\right)$ টাকা = $87\frac{1}{2}$ টাকা
∴ ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের অনুপাত = $100 : 87\frac{1}{2}$ = 8 : 7.

4(b): ট্রেনটির গতিবেগ = $72 \times \frac{5}{18}$ মিটার/সেকেন্ড
মোট দূরত্ব = ট্রেনের দৈর্ঘ্য + ব্রিজের দৈর্ঘ্য = (110 + 132) মিটার = 242 মিটার
ট্রেনটি $72 \times \frac{5}{8}$ মিটার অতিক্রম করে = 1 সেকেন্ডে
242 মিটার অতিক্রম করে = $\frac{242 \times 18}{72 \times 5}$ সেকেন্ডে = 12.1 সেকেন্ডে।

5(d): $\frac{3}{5}$, $0.36 = \frac{36}{100} = \frac{9}{25}$, $0.24 = \frac{24}{100} = \frac{6}{25}$
∴ নির্ণেয় গ.সা.গু. $\frac{\text{3, 9, 6-এর গ.সা.গু.}}{\text{5, 25, 25-এর ল.সা.গু.}} = \frac{3}{25} = 0.12$.

7(c): $(13 + 19) \div 4 = 8$, $(71 + 9) \div 10 = 8$, $(128 + 32) \div 20 = 8$.

8(b): $(3 \times 3) + (5 \times 6) = 39$, $(4 \times 4) + (5 \times 7) = 51$, $(5 \times 5) + (3 \times 4) = 37$.

9(b): P E N = 16 + 5 + 14 = 35, PAGE = 16 + 1 + 7 + 5 = 29

12(b): প্রশ্নানুসারে, 8x + 8 + 7x + 8 + 6x + 8 = 171
বা, 21x = 171 – 24 বা, $x = \frac{147}{21} = 7$
∴ তাদের বর্তমান বয়স = $8 \times 7 + 8 = 64$ বছর
$(7 \times 7 + 8) = 57$ বছর $(6 \times 7 + 8) = 50$ বছর।

